১৬ পাতার সংখ্যা

দাম : ৪ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 35 ■ Issue No. 12 ■ 19th March 2022 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

আপনি কি সফল ও প্রতিষ্ঠিত ব্যবসায়ী হতে চান?
তাহলে কম খরচে ফার্মেসি কোর্স করে ওষুধের দোকান খুলুন,
15 বছর ধরে আমরাই আছি আপনাদের সেবায় ও সহযোগিতায়

HALDAR
Group of Institutions
An ISO 9001:2008 Certified
H.O : Sonarpur, Kolkata- 150

D.Pharm | BA·MA·B.Sc. | B.Ed.·D.El.Ed. | LLB
B.Pharm | M.Sc.·B.Com. | M.Ed.·B.P.Ed. | LLM

www.haldargroup.org | সরাসরি ভর্তি চলছে | 7439235921

## পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ৪৩ পিওন

নিজস্ব সংবাদদাতা : পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের কলকাতা ওয়েস্ট সার্কেল সাব-অর্ডিনেট ক্যাডারে 'পিওন' পদে ১৬ জন, নদিয়া সার্কেল সাব-অর্ডিনেট ক্যাডারে 'পিওন' পদে ১৫ জন, পশ্চিম মেদিনীপুরের খড়গপুর সার্কেল সাব-অর্ডিনেট ক্যাডারে 'পিওন' পদে ১২ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন সার্কেলে আবেদনের যোগ্য :

এরপর ২ পাতায়

## কেন্দ্রে কয়েক হাজার মাল্টি টাস্কিং স্টাফ

### দরখাস্ত নেওয়া শুরু ২২ মার্চ থেকে

মাধ্যমিক ছেলেমেয়ের জন্য

নিজস্ব সংবাদদাতা : কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ বা, অফিসে কাজের জন্য 'মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ' পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়ার জন্য নতুন করে দরখাস্ত নেওয়া হবে ২২ মার্চ থেকে। চাকরি হবে জেনারেল সেন্ট্রাল সার্ভিস 'গ্রুপ-সি' নন-গেজেটেড নন মিনিস্ট্রিয়াল পদে।

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা

এরপর ৭ পাতায়

সম্প্রতি সরকারি চাকরি পেয়েছে এমন অফিসারদের তৈরি করা রেল (Gr.-D, NTPC), পুলিশ (Const.), ব্যাঙ্ক, ডব্লু.বি.সি.এস (Preli, Main) পরীক্ষার স্টাডি মেটেরিয়াল পেতে যোগাযোগ : 9830624170

## আর্মিতে ১৮৯ অফিসার

গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

ভারতীয় স্থলবাহিনী শর্ট সার্ভিস কমিশনে 'টেকনিক্যাল গ্র্যাজুয়েট কোর্সে অফিসারপদে ১৮৯ জন অবিবাহিত ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন শাখার জন্য যোগ্য :

সিভিল, সিভিল ইঞ্জিনিয়ারিং (স্ট্রাকচারাল), স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং, বিল্ডিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড কনস্ট্রাকশন, বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশান টেকনোলজি, সিভিল অ্যান্ড রুরাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড প্ল্যানিং, সিভিল ইঞ্জিনিয়ারিং (কনস্ট্রাকশন টেকনোলজি), সিভিল অ্যান্ড ইনফ্রাস্টাকচার ইঞ্জিনিয়ারিং, কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং, কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কনস্ট্রাকশন টেকনোলজি, কনস্ট্রাকশন টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট, সিভিল অ্যান্ড এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং (এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং), সিভিল ইঞ্জিনিয়ারিং এনভায়রণমেন্টাল অ্যান্ড পলিউশন কন্ট্রোল, এনভায়রণমেন্ট ইঞ্জিনিয়ারিং, এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং,

এরপর ১০ পাতায়

## রেলের গ্রুপ 'ডি' পরীক্ষা জুলাই থেকে

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : কেন্দ্রীয় রেল মন্ত্রকের অধীন সব রেল রিক্রুটমেন্ট বোর্ডের চেয়ারপার্সনরা সম্প্রতি এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা আনতে যে উচ্চ পর্যায়ের কমিটি হয়েছিল, তার রিপোর্টের ভিত্তিতে গ্রুপ-ডি (বিজ্ঞপ্তি নং আর.আর.সি. ০১/২০১৯) পদের জন্য একটিই পরীক্ষা অর্থাৎ

এরপর ৮ পাতায়

## রেলের NTPC'র সফলদের বাড়তি তালিকা বেরোচ্ছে

নিজস্ব সংবাদদাতা : কেন্দ্রীয় রেল মন্ত্রকের অধীন সব রেল রিক্রুটমেন্ট বোর্ডের চেয়ারপার্সনরা সম্প্রতি এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা আনতে যে উচ্চ পর্যায়ের কমিটি হয়েছিল, তার রিপোর্টের ভিত্তিতে নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি (এন.টি.পি.সি.) -এর প্রথম পর্যায়ের সি.বি.টি. টেস্ট (২০২০ সালের ২৮ ডিসেম্বর থেকে ২০২১ সালের ৩১ জুলাই পর্যন্ত ৭টি পর্যায়ে হয়েছিল)-এ সফল বাড়তি প্রার্থীদের নিয়ে এপ্রিল মাসের প্রথম

এরপর ৮ পাতায়

## পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের প্রিলি. পরীক্ষার ফল বেরোল

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : পশ্চিমবঙ্গ পুলিশের ২০২০ সালের কনস্টেবল ও লেডি কনস্টেবল পদের যে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা গত বছর ২৬ সেপ্টেম্বর হয়েছিল, তার ফল বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in এই ওয়েবসাইটে গিয়ে অ্যাপ্লিকেশন সিরিয়াল নম্বর ও জন্ম-তারিখ দিয়ে সাবমিট করলেই ফিজিক্যাল টেস্টের জন্য কোয়ালিফাই করেছেন কিনা তা জানতে পারবেন। সেই সঙ্গে প্রার্থীর নম্বরও জানতে পারবেন। সফলদের এরপর শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। শারীরিক মাপজোখের পরীক্ষায় উচ্চতা, ওজন, বয়স ইত্যাদি দেখা হবে।

এরপর ৮ পাতায়

KAUTILYA
CIVIL SERVICE ACADEMY
Dum Dum Cantonment, Kolkata-65
M: 9836336298 / 9836041198

In West Bengal we are providing the best coaching for:
WBCS
(Prelims+Mains+P.T.)
ব্যাঙ্ক ও রাজ্য-কেন্দ্রীয় সরকারের অন্য সব পরীক্ষার জন্যও ভর্তি চলছে

"আমি ভয় করবো না, ভয় করবো না দুবেলা মরার আগে মরব না ভাই মরব না"
তাই বেশি চিন্তা না করে পড়াশোনা চালিয়ে যেতে হবে — চাকরি হবেই!

2020 সালে 106 জন Prelims উত্তীর্ণ
2021 সালে 93 জন Prelims উত্তীর্ণ
2022 সালে আপনার পালা — .

মাত্র 3 মাস ভালোভাবে পড়ে এক মাত্র এখান থেকেই 1st Attemt-এ Prelims পাওয়া যায়

১২ মাস পড়লে 1st Attempt-এ Prelims Mains ও PT উত্তীর্ণ হয়ে চাকরি পাচ্ছে এখান থেকে সেই 2004 সাল থেকে লাগাতারভাবে।
আসুন Saturday ও Sunday, আমাদের থেকে চাকরি পাওয়া Rank Holder-দের সঙ্গে কথাও বলতে পারবেন।

কোনো রিসেপশনিস্ট নয়, সরাসরি সরকারি চাকরি পাওয়া অফিসারদের সঙ্গে কথা বলুন।

No admission charge, only Monthly fees system

## কর্মচারী রাজ্য বিমা নিগমে ৯৩ সোশ্যাল অফিসার

নিজস্ব সংবাদদাতা : এমপ্লয়ীজ স্টেট ইনসিওরেন্স কর্পোরেশন 'সোশ্যাল সিকিউরিটি অফিসার / ম্যানেজার গ্রেড-।। / সুপারিন্টেন্ডেন্ট' পদে ৯৩ জন ছেলেমেয়ে নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কমার্স, আইন বা, ম্যানেজমেন্টের গ্র্যাজুয়েট হলে অগ্রাধিকার পাবেন। কম্পিউটারে দক্ষতা (অফিস ও ডাটা বেস-সহ) থাকতে হবে। কোনো সরকারি সংস্থা, কর্পোরেশন, সরকার অধিগৃহীত সংস্থা, লোকাল বডি বা, ব্যাঙ্কে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে ভালো হয়।

এরপর ৮ পাতায়

ভেতরের পাতায় আছে :
- WBCS প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল ও কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষা এপ্রিল-মে মাসে

## ২১ জুনিয়র অ্যাসিস্ট্যান্ট

নিজস্ব সংবাদদাতা : কলকাতা পুর নিগমে কাজের জন্য 'জুনিয়র অ্যাসিস্ট্যান্ট' পদে ২১ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন।

এরপর ৮ পাতায়

## ৩৮ ইঞ্জিনিয়ার

নিজস্ব সংবাদদাতা : কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেড 'ট্রেনি ইঞ্জিনিয়ার-।', 'প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-।' পদে ৩৮

এরপর ২ পাতায়

Last Chance to Admission
NURSING & PHARMACY
2021-22 Academic Year
GNM B.Sc
@ 3.5 Lakh. (Include Food & Accomodation) @ 4.2 Lakh. (Include Food & Accomodation)
Nursing Under WBNC & WBUHS
D-Pharm @ 1 Lakh, B-Pharm @ 2.2 Lakh
Pharmacy Enquiry : 8017811251
এছাড়াও [illegible] যে সমস্ত কোর্সগুলিতে ভর্তি চলিতেছে
DMLT, BMLT, OT-Tech, Dialysis-Tech, Physiotheraphy & LAW, Management Course done here.
বিস্তারিত জানতে ঃ কল্যাণী রিলায়েবেল
9007309541 / 7439133879
Any Enquiry Call or WhatsApp
8017811251
পশ্চিমবঙ্গের যেকোনো স্থানে ফ্রাঞ্চাইসির জন্য যোগাযোগ করুন
Contact : 6290427068

## পলিটেকনিকে ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্সে ভরতির ফর্ম দেওয়া শুরু

### 'জেক্সপো' পরীক্ষার মাধ্যমে

নিজস্ব প্রতিনিধি : পশ্চিমবঙ্গের পলিটেকনিকে অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার, অটোমোবাইল, কেমিক্যাল, সিভিল, কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সফটওয়্যার টেকনোলজি,

এরপর ৭ পাতায়

### 'ভোকলেট' পরীক্ষার মাধ্যমে

নিজস্ব প্রতিনিধি : পশ্চিমবঙ্গের পলিটেকনিকে অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার, অটোমোবাইল, কেমিক্যাল, সিভিল, কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সফটওয়্যার টেকনোলজি,

এরপর ১০ পাতায়

Join Telegram Channel @DisariJibika

@DisariJibika

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
: (০৩৩) ২৪৬০ ৬২১১/৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

## স্কুল-কলেজ-শিক্ষা

**মাসিক মাহিনায় কোচিং**
ব্যারাকপুর, কলকাতা (কলেজ স্ট্রিট)। By exp. faculty specially for CGL, HS Lvl, MTS, WBCS (Preliminary & Main), TET (Eng.+Math.) & Comb. চ্যাপ্টার ধরে পড়ানো হয়। (রবিবারেও ক্লাসের সুবিধা) M : 9073447917

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এক কপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

## স্কুল-কলেজ-শিক্ষা

**CIMST**
GNM, B.Sc. নার্সিং (INC স্বীকৃত), UGC & BSS (Govt. of India) স্বীকৃত DMLT, DPT, রেডিওলজি(CT, MRI & X-Ray), ECG, ডায়ালিসিস, OT, ICU, CCT, D-optm, CSSD, ডেন্টাল (DDH & T), এলোপ্যাথি (CMS & ED), হোমিও, আয়ুর্বেদ (DAMS) কোর্সে ভর্তি চলছে। যোগ্যতা : MP / HS. 126B, রাজা রামমোহন সরণি, Kol-9, শিয়ালদহ, M.G. Rd., আমহার্স্ট স্ট্রিট ক্রসিং। যোগাযোগ- 9331062421

প্রাইমারি /SSC, WBCS অনলাইন সাপোর্ট, সব তথ্য, প্রশ্নপত্র, নোটিস, পরামর্শ নামমাত্র খরচে। সাকসেস সেন্টার, বনগাঁর একটি উদ্যোগ। 8337000600, 8337000900

**মাসিক মাহিনায় WBCS**
By exp. faculty, চ্যাপ্টার ধরে প্রতিটি বিষয় Preli + Main (with মকটেস্ট) পড়ানো হয়। ব্যারাকপুর, কলেজ স্কোয়্যার, (কলকাতা) M : 8910494453. (রবিবারেও ক্লাস)

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## স্কুল-কলেজ-শিক্ষা

**Math & Eng সোনারপুর**
WBCS, SSC, ক্লার্ক, Gr-D Rail, ব্যাঙ্ক, প্রাইমারী (Tet), পুলিশ, SI সেকেন্ডে কৌশল-9836045234

NBDC অনুমোদিত ফিজিওথেরাপি, ECG, X-Ray কোর্সে ভর্তি চলছে। CBMC - 8697893849, 32 Surya Sen St. Kol-19

## কর্মখালি

বেবি ফুড, ড্রাইফুড, বিস্কুট প্যাকিং-এ M/F চাই। ৮ ঘণ্টা ২৬ দিন। ৮ম পাশ। 14,500 +PF+ ESI+OT. 7450800530, 7450800531

1. O/d পিওন (GKW-পোদড়া বাসী) 8585892443. 2. ব্যবসা / প্রকাশনা /mktg. O/d অভিজ্ঞ PRO 3. উকিল 4. A/c, Comp. / Law Asst.-vigmanav@yahoo.com

**Airport ও ব্যাঙ্ক**
Govt. R.No.-6852 বিনা ডোনেশনে এয়ারপোর্ট ও Bank-এ অষ্টম /স্নাতক কর্মী নিচ্ছে। বেতন-18,400–42,700, থাকা-খাওয়া ফ্রী। সত্বর যোগাযোগ M : 9593463109

## কর্মখালি

**আর্জেন্ট কর্মী নিয়োগ**
প্রতিটি জেলায় Pvt. নার্সিং হোম, কোম্পানি, শপিং মল, ফ্যাক্টরিতে, টাওয়ার Co.-তে, ATM- এ কর্মী নিয়োগ চলছে। বেতন : 12,500/- –18,300/-. থাকা খাওয়া ফ্রী। যোগাযোগ Mob : 8695361067

**Airport ও ব্যাঙ্ক**
গভঃ স্বীকৃত Airport ও ব্যাঙ্কে বিনা ডোনেশনে (অষ্টম-স্নাতক) M/F চাই। বেতন : 20,300/- –47,800/- সত্বর যোগাযোগ Mobile : 8145187988

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**
WB L/C No. Kol-50W85, পঃ বাংলার বিভিন্ন প্রান্তে Pvt. Bank-এ Back-office, এছাড়া বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F জেলা ভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন : 18,500/ --34,700/-. ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া অন্যান্য সুবিধা থাকবে। Help - 9735135882

## কর্মখালি

পার্লেজি ও বিস্ক ফার্ম Co-তে M/F চাই। 14,500+PF+ESI+OT ৮ ঘণ্টা ২৬ দিন। ন্যূনতম ৮ম পাশ। 8584883347, 8768593600

**আর্জেন্ট ভ্যাকান্সি ব্যাঙ্কে স্থায়ী জব**
Govt. Regd অফিস থেকে সরাসরি ব্যাঙ্কে স্থায়ী চাকরি। নিজের জেলায় শিক্ষাগত যোগ্যতায় M/F নিয়োগ। বেতন : 21,650/-–44,600/-. বোনাস, OT, PF। সত্বর যোগাযোগ : 7432829411.




## কর্মখালি

**সরাসরি কর্মী নিয়োগ**
প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., শপিং মল, Pvt. Co., ফ্যাক্টরি, স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন : 12,500/-–22,500/-. যোগাযোগ M : 9051457091

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**
Front & Back office এ। Age 18-35, HS & Graduate. Salary :12k-20K. নিজ এলাকা। 6291125164, 9477762102

**আর্জেন্ট জয়েনিং Airport – BANK**
Govt. R–L = 5252 বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে M/F কর্মী চাই (নামসই / স্নাতক), বেতন : 16,300/ 48,700, থাকা-খাওয়া ফ্রী, Mob - 9432057063.

**ব্যাঙ্কে চাকরি**
পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় ব্যাঙ্ক DSA-তে চাকরি। যোগ্যতা : অষ্টম-স্নাতক। বেতন - 13,500–52,800/-, M/F নিয়োগ চলছে। Ex-Army দের জন্য বিশেষ সুবিধা আছে। M : 7074347106

## কর্মখালি

**এয়ারপোর্ট ও ব্যাঙ্ক**
Govt. RL No. 5473 বিনা ডোনেশনে Air ও ব্যাঙ্কে 8ম/স্নাতক M/F চাই। বেতন 18,300-47,800 থাকা খাওয়া ফ্রী, Mob - 9733672376

**Airport ও ব্যাঙ্কে পার্মানেন্ট**
বিনা ডোনেশনে জব। 205 জন M/F অষ্টম/ স্নাতক কর্মী নিয়োগ। বেতন- 18,300/ 48,500, থাকা খাওয়া ফ্রী। M : 7551880381

**আর্জেন্ট ভ্যাকেন্সি**
কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট Pvt. ব্যাঙ্কের যোগ্যতা অনুযায়ী বিভিন্ন পদে M/F কর্মী নিয়োগ চলছে। Ex-Armyদের জন্য বিশেষ সুবিধা আছে। বেতন : 14,500 থেকে 36,200, Ph : 8537026997

**জাহাজ ও ডকে চাকরি**
পঃ বাংলায় বিভিন্ন জেলায় কর্মপ্রার্থীদের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 187 জন M/F নিয়োগ করানো হচ্ছে। Salary-21,750/- – 56,500/-. থাকা-খাওয়া, ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া অন্যান্য সুবিধা। M : 9735153441




## পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ৪৩

১ পাতার পর

উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা সব সার্কেলের জন্য আবেদন করতে পারেন। ইংরিজিতে লিখতে ও পড়তে পারায় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০২২'র হিসাবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। প্রার্থীদের সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। ১১তম দ্বিপাক্ষিক চুক্তি ও পরবর্তী মীমাংসার ভিত্তিতে মাইনে ঠিক করা হবে।

শূন্যপদ : কলকাতা ওয়েস্ট সার্কেল ১৬টি। এর মধ্যে হাওড়ায় ৪টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ইডব্লুএস ১)। এর মধ্যে প্রতিবন্ধী ১, প্রাঃসঃকঃ ২, অন্যান্য ১। কলকাতায় ৪টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, ও.বি.সি. ২, ইডব্লুএস ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১। নদিয়া সার্কেলে ১৫টি (জেনাঃ ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ইডব্লুএস ১)। এর মধ্যে প্রতিবন্ধী ১, প্রাঃসঃকঃ ৪, অন্যান্য ১। খড়গপুর সার্কেলে ১২টি (জেনাঃ ৪, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ইডব্লুএস ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২, অন্যান্য ১।

সব সার্কেলের বেলায় প্রার্থীদের বয়স, শিক্ষাগত যোগ্যতার নিরিখে প্রার্থী বাছাই হবে। প্রাথমিকভাবে দরখাস্ত বাছাইয়ে মনোনীত হলে প্রার্থীদের জানানো হবে।

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নিচের বয়ানে। এছাড়াও বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.pnbindia.in পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের প্রমাণপত্রের প্রত্যয়িত নকল, (২) স্কুল লিভিং সার্টিফিকেট ও স্থায়ী বাসিন্দা সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৩) এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কার্ডের প্রত্যয়িত নকল (যদি থাকে), (৪) প্যান কার্ড বা, আধার কার্ডের প্রত্যয়িত নকল, (৫) এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। দরখাস্ত -ভরা খামের ওপর লিখবেন 'RECRUITMENT OF PEONS IN SUBORDINATE CADRE 2021-22'. দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে বা, স্পিড ডাকে।

কলকাতা ওয়েস্ট সার্কেলের বেলায় দরখাস্ত পৌঁছনো চাই ২৩ মার্চের মধ্যে। এই ঠিকানায় : The Chief Manager, HRD Department, Punjab National Bank, Human Resourse Dept, Circle Office Kolkata West, United Tower, 3rd Floor, 11, Hemanta bose Sarani, Kolkata - 700001.

নদিয়া সার্কেলের বেলায় দরখাস্ত পৌঁছনো চাই ২০ মার্চের মধ্যে। এই ঠিকানায় : The Chief Manager, HRD Department, Punjab National Bank, Circle Office Nadia, 1/4, L.K. Maitra Road, Krishnanagar, W.B., Pin - 741 101.

খড়গপুর সার্কেলের বেলায় দরখাস্ত পৌঁছনো চাই ২৫ মার্চের মধ্যে। এই ঠিকানায় : The Chief Manager, HRD Department, Punjab National Bank, Circle Office Kharagpur, BE-1, Bidhannagar, Near Mahua Cinema Hall, Station Road, Midnapore, Pin-721 101.

### পি.এন.বি'র খড়গপুর সার্কেলের দরখাস্তের বয়ান :

**Format for application for recruitment of PEON under subordinate cadre in Punjab National Bank (Typed in A4 size Paper)**

Affix passport size photo

| | | | | |
|---|---|---|---|---|
| Name : | | | | |
| Date of Birth : | | | | |
| Age as on 01.01.2022 : | | | | |
| Father's name : | | | | |
| Permanent Address : | | | | |
| Communication Address : | | | | |
| Belongs to which District (Along with Domicile certificate) | | | | |
| Educational qualification (with % of marks & Date of Passing) | Qualification | 10th | 12th | others |
| | Marks | | | |
| | Percent of Marks | | | |
| | Year & Board of Passing | | | |
| Whether Currently Pursuing Education, If So Details | | | | |
| Languages Known | | | | |
| Category | | | | |
| Gender | | | | |
| Marital Status (Married/Single) | | | | |
| Mobile No. & Email Id : | | | | |
| Employment exchange registration no. (if registered) | | | | |
| Any other information | | | | |

Declaration : I hereby confirm / declare that all information's furnished above are true and correct to the best of my knowledge and belief. In case any information given in the application found incorrect my candidature will be reject without any further communication.

(Signature of the candidate)

### পি.এন.বি'র নদিয়া সার্কেলের দরখাস্তের বয়ান :

আবেদনের বয়ান :-

১. পুরো নাম; ২. পিতার/স্বামীর নাম; ৩. জন্মতারিখ, ০১.০১.২০২২ তারিখের ভিত্তিতে বয়স; ৩ক. লিঙ্গ; ৪. ধর্ম; ৫. ক্যাটেগরি- এসসি/এসটি/ওবিসি/সাধারণ/ইডব্লিউএস: (কাস্ট/ইডব্লিউএস সার্টিফিকেটের প্রতিলিপি দিতে হবে); ৬ক. স্থায়ী ঠিকানা: (আধার কার্ড, ভোটার কার্ড); ৬খ. বর্তমান ঠিকানা: (প্রমাণ সংলগ্ন করতে হবে); ৭. শিক্ষাগত যোগ্যতা (অ্যাডমিট কার্ড, মার্কশিট ও পাশ করার সার্টিফিকেটের কপি দিতে হবে); ৮. বাংলা ভাষার জ্ঞান- পড়তে পারা- হ্যাঁ/না, লিখতে পারা- হ্যাঁ/না (যেটি প্রযোজ্য, তাতে দাগ দিতে হবে); ৯. ইংরেজি ভাষার জ্ঞান: পড়তে পারা- হ্যাঁ/না, লিখতে পারা- হ্যাঁ/না (যেটি প্রযোজ্য, তাতে দাগ দিতে হবে); ১০. এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ রেজিস্ট্রেশন নম্বর যদি থাকে (রেজিস্ট্রেশন কার্ডের প্রতিলিপি দেবেন); ১১. মোবাইল নম্বর; ১২. প্যান নম্বর; ১৩. আবেদনের তারিখ এবং প্রার্থীর পূর্ণ স্বাক্ষর।

### পি.এন.বি'র কলকাতা (ওয়েস্ট) সার্কেলের দরখাস্তের বয়ান :

**RECRUITMENT OF PEONS IN SUB-ORDINATE CADRE (KOLKATA WEST CIRCLE)**

**FORMAT FOR THE POST OF PEON - 2021-22**

Please Paste recent coloured passport size photograph with signature across it

1. Name:______
2. Date of Birth:______(DD/MM/YYYY)
3. Fathers name:______
4. Religion:______
5. Nationality:______
6. Gender: Male ☐ Female ☐
7. Candidates category: General ☐ OBC ☐ SC ☐ ST ☐
8. Disability (if any): Type of disability ______ % of disability ______
9. Whether convicted by any Court: Yes ☐ No ☐
10. Ex-Servicemen: ☐ Yes ☐ No (if yes, ☐ Navy ☐ Army ☐ Air force)
11. Educational Qualification :
    Highest Qualification : X Standard ☐ Marks % ___ Date of Passing (DD/MM/YYYY)
    XII Standard ☐ Marks % ___ Date of Passing ______ (DD/MM/YYYY)
12. Whether Currently Pursuing Education: Yes/No
    If yes, Course Name:______ From Institute ______
13. PAN No:______ ADHAAR No.______
14. Name of Employment Exchange and number, if registered:______
15. Languages Known : **Reading** **Writing** **Speaking**
    English ☐ ☐ ☐
    Bengali ☐ ☐ ☐
    Hindi ☐ ☐ ☐
    Any Other ☐ ☐ ☐
16. Complete Domicile Address:______
    PIN Code:______ District:______
17. Correspondence address:______
    PIN Code:______ District:______
18. Contact No:______ Email Id:______
19. Previous work experience, if any:______

**I hereby declare that the above furnished information is true to the best of my knowledge and belief and also confirm that I do not have any higher education qualification other than that specified for the post. If any of the above information is found to be false/incorrect at a later stage, my candidature shall be cancelled without any notice.**

PLACE - DATE - FULL SIGNATURE

## ৩৮ ইঞ্জিনিয়ার

জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-। (ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স)** : ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ই.সি.ই.) ও কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি.) কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে যোগ্য। অন্তত ২ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৩২ বছরের মধ্যে। শুরুতে ১ বছরের জন্য নেওয়া হবে। তবে তার মেয়াদ আরো ২ বছরের জন্য বাড়ানো হতে পারে। মাইনে প্রথম বছর মাসে ৪০,০০০ টাকা, দ্বিতীয় বছর ৪৫,০০০ টাকা, তৃতীয় বছর ৫০,০০০ টাকা ও চতুর্থ বছর ৫৫,০০০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ১৯টি আর কম্পিউটার সায়েন্সে ৬টি। মোট শূন্যপদের মধ্যে জেনাঃ ১১, ও.বি.সি. ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ইডব্লুএস. ২।

ট্রেনি ইঞ্জিনিয়ার-। (ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল) :

এরপর ১০ পাতায়

Join Telegram Channel @DisariJibika

DR. K.R. ADHIKARY
INSTITUTE OF VOCATIONAL EDUCATION & RESEARCH
ISO 9001 : 2015 Certified & ISO 29990:2010 Certified
Industrial & Training Partner of
INDIRA GANDHI TECHNOLOGICAL & MEDICAL SCIENCES UNIVERSITY
Estd. Under the IGTAMSU Act 2011 Govt. of Arunachal Pradesh & Recognised by UGC MHRD, Govt. Of India
www.igtamsu.ac.in/courses

Bachelor of Vocation (B.Voc) & Master of Vocation (M.Voc) in | Eligibility : HS pass

- O.T. Technology- 3 Yrs
- Dialysis Technology- 3 Yrs
- Cardiac Technology- 3 Yrs
- Optometry- 4 Yrs 6 Months
- Dietary Nutrition- 3 Yrs
- Sanitary Inspector- 3 Yrs
- Laboratory Technology- 3 Yrs
- Radiology & Imaging Technology- 3 Yrs
- Physiotherapy- 4 Yrs 6 Months
- Dental Technology & Hygiene- 3 Yrs
- Hospital & Health Care Administration- 3 Yrs
- Geriatric Care- 3 Yrs
- Yoga & Naturopathy- 3 Yrs


Prof. Dr. Tapan Kumar Adhikary

Diploma Programmes
- Practical Nursing (DPN)
- Medical Transcription (DMT)
- Basic Physiotherapy (DBP)
- Radiology Assistantship (DRA)
Community Health Service (DCHS)

Duration : 1 yr + 3 months intern. Eligibility : 10th pass

Certificate Programmes
- Vision Technology (CVT), Duration 1 yr + 3 months Intern. Eligibility : 10th Pass
- General Duty Attendant (CGDA)
- Basic Physiotherapy (CBP)
- Radiography Assistantship (CRA)
- Electrocardiography (CECG)
- Yoga and Exercise (CYE)
- Phlebotomy (CP)





ঠিকানা : ওয়েবেল আই.টি. পার্ক, ফেজ-II, কল্যাণী-ব্যারাকপুর এক্সপ্রেসওয়ে, কল্যাণী, নদীয়া (কল্যাণী জলপ্রকল্পের বিপরীতে এবং বৃক্ষপার্কের নিকট)
Website : www.kradikarycollege.org
contact : 9339218694 / 8100149510 / 9477425536


## কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি ও কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেলের পরীক্ষা এপ্রিল-মে মাসে

**নিজস্ব প্রতিনিধি :** কেন্দ্রীয় স্টাফ সিলেকশন কমিশনের ২০২১ সালের কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল ও কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার তারিখ ঠিক হয়েছে। ২০২১ সালের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেলের প্রথম টায়ারের পরীক্ষা হবে ১১ এপ্রিল থেকে ২১ এপ্রিল। অন্যদিকে, ২০২১ সালের কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের প্রথম টায়ারের পরীক্ষা হবে ২৪ মে থেকে ১০ জুন পর্যন্ত। কবে থেকে অ্যাডমিট কার্ড দেওয়া হবে তা ওয়েবসাইটে জানানো হবে। স্টাফ সিলেকশন কমিশন এক বিজ্ঞপ্তিতে একথা জানান।

## বীমা কোম্পানিতে এজেন্ট

**নিজস্ব সংবাদদাতা :** দ্য ওরিয়েন্টাল ইনসিওরেন্স কোম্পানি লিমিটেডের কলকাতা রিজিওনাল অফিস 'এজেন্ট' ও 'পয়েন্ট অফ সেলস পার্সন (POSP)' হিসাবে কিছু ছেলেমেয়ে নিচ্ছে। ন্যূনতম মাধ্যমিক পাশেরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ন্যূনতম ১৮ বছর। মূলত জেনারেল ইনসিওরেন্স পলিসি বিক্রির কাজ, যা অনলাইন ও অফলাইনে করতে পারবেন। এটি মূলত কমিশনভিত্তিক কাজ। এছাড়াও ভাতা পাবেন।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন : অভিজিৎ ঘোষ, ফোন : 9433573037 কিংবা ই-মেল করুন এই মেল আই ডি-তে : ghosh.abhijit@orientalinsurance.co.in


স্টুডেন্ট ক্রেডিট কার্ডে লোন পেতে অসুবিধা হচ্ছে?
'স্কিল ইন্ডিয়া' যোজনায় নিশ্চিত লোন পেতে নার্সিং স্টুডেন্টরা যোগাযোগ করুন — নার্সিং ওয়ার্ল্ড
Dr. Asok Sen
7596840256
8105115363



অ্যাকাউন্ট্যান্ট, HR ও MHA পদে চাকরি
রাজ্যের এক নামী নার্সিং কলেজে জুনিয়র ও সিনিয়র অ্যাকাউন্ট্যান্ট (অভিজ্ঞতাসম্পন্ন), HR (MBA পাশ) ও MHA ফ্যাকাল্টি (মাস্টার অফ হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন) নিচ্ছে। মাইনে আকর্ষণীয়। ৭ দিনের মধ্যে বায়োডাটা পাঠান এই ই-মেল নম্বরে : iinrkalyani.india@gmail.com
ফোন : 9874510381, 8617783614.
বিজ্ঞাপন



THE ORIENTAL INSURANCE COMPANY LIMITED
IRDA REGN NO-556, CIN: U66010DL1947GOI007158
Regional Office, 4, Lyons' Range, Kolkata - 700001
RECRUITMENT OF POSP (POINT OF SALE PERSON) & AGENTS
Applications are invited for working with us as Agents/POSPs. Age minimum 18 years. Educational Qualifications minimum Class X Qualified. Work entails sale of General Insurance policies, either in offline or online mode with attractive remuneration.
Please contact Mr. Abhijit Ghosh Agency Coach at 9433573037 or ghosh.abhijit@orientalinsurance.co.in
Date: 14/03/2022
DGM I/C, RO KOLKATA



বিজ্ঞান বিভাগে উচ্চমাধ্যমিক উত্তীর্ণদের জন্য
ফিজিওথেরাপি চিকিৎসার জগতে প্রতিষ্ঠার প্রতিশ্রুতি
THE WEST BENGAL UNIVERSITY OF HEALTH SCIENCES
Affiliated
BARRACKPORE COLLEGE OF EDUCATION
Admission Process is on
E-mail : bce.bpt.bkp@gmail.com
Website : www.bceweb.in
BACHELOR OF PHYSIOTHERAPY (BPT)
85829 33150, 98306 19194



ড্রেস, রেজিস্ট্রেশন ফী, এক্সামিনেশন ফী, ক্লিনিক্যাল ট্রান্সপোর্টেশন ফী, স্টাডি টেবিল ইত্যাদি সকল কিছুর জন্য আলাদা টাকা লাগবে না। সকল কিছু এই চার লক্ষ টাকার মধ্যেই।
LABPUR NURSING INSTITUTION
পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিল (WBNC) অনুমোদিত নার্সিং কলেজ



GNM 2021-২৪
সমগ্র কোর্স ফী (থাকা- খাওয়া সহ)
মাত্র চার লক্ষ টাকা
উচ্চ মাধ্যমিক পাশের পর অন্যান্য কোর্সের তুলনায় নার্সিং কোর্স ১০০% চাকরী সুনিশ্চিত।
উচ্চ মাধ্যমিকে ৪০% নম্বর নিয়ে ১৭ থেকে ৩৫ বছরের মহিলারা নার্সিং কোর্স করে স্ব-নির্ভর হোন।
কলেজ ক্যাম্পাসের মধ্যেই হোস্টেল। কোর্স ফী অত্যান্ত কম এবং কোনো লুকোনো বা অতিরিক্ত ফী নেই।
বাইরের রাজ্যে নার্সিং পাশ করে পশ্চিমবঙ্গে রেজিস্টার নার্স হতে বহু সময় লাগে। তাই পশ্চিমবঙ্গের কলেজে ভর্তি হন।
যোগাযোগ: 9635153301 / 9531569423
LABPUR, BIRBHUM, W.B. PIN - 713103


Join Telegram Channel @DisariJibika
@DisariJibika

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০২২ সালের ডব্লু.বি.সি.এস. (এক্সিকিউটিভ) পদের প্রিলিমিনারি পরীক্ষা হবে মে/জুন মাস নাগাদ। অর্থাৎ হাতে আর মাত্র কয়েক মাস। প্রত্যেকটি বড় পরীক্ষার আগেই ওই পরীক্ষা নিয়ে আমাদের দফতরে কয়েক লাখ ই-মেল, চিঠি আসে, তাতে সবাই 'লাস্ট মিনিট সাজেশন' দেওয়ার অনুরোধ করেন। মিসলেনিয়াস প্রিলি. পরীক্ষা, ডব্লু.বি.সি.এস প্রিলি. পরীক্ষা, ক্লার্কশিপ, আই.সি.ডি.এস, নার্সিং, রেলের NTPC অর্থাৎ, সব বড় পরীক্ষাতেই 'কর্মসংস্থান'এ প্রকাশিত প্রশ্নোত্তরের সেট থেকে অনেক প্রশ্ন সরাসরি কমন এসেছে। এছাড়াও ২০২০ ও ২০২১ পরপর ২ বছরের WBCS পরীক্ষায় প্রিলিমিনারি পর্যায়ে অনেক প্রশ্ন হুবহু কমন এসেছে। সেইজন্যই হয়তো এতো অনুরোধ। তাই আমাদের লাখ-লাখ পাঠক-পাঠিকাদের অনুরোধ মাথায় রেখে এবছর প্রিলিমিনারি পরীক্ষায় ঠিক যেমন ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১০০টি প্রশ্নের উত্তর নিয়ে আলোচনা করা হল। পরিকল্পনা ও রূপায়ণে রঞ্জিৎ ঘোষ।



# W.B.C.S প্রিলিমিনারি পরীক্ষা

*Direction (Q.No 1 to 3) : Choose the word closest in meaning to the opposite of the underline word.*

1. The gentle man had polite manners.
(A) coarse (B) democratic (C) plebian (D) base

2. Clandestine
(A) Abrupt (B) Illicit (C) Open (D) Wary

3. Intrepid
(A) Greed (B) Kind (C) Sigh (D) Meek

4. Select the incorrectly spelt word
(A) Acquiescene (B) Alienate (C) Belligerent (D) Sabbotage

5. Select the one which best expresses the same sentence Passive/Active voice.
One should keep one's word
(A) A word should be kept (B) A word should be keeping (C) One's word has to be kept (D) One's word should be kept by us

*Direction (Q.No 6 – 9): Choose the word that matches the given meaning.*

6. Paucity
(A) Deficiency (B) Abundance (C) Pithy (D) Pedantic

7. Perpetual
(A) Temporary (B) Dirty (C) Perennial (D) Apex

8. Brief
(A) Pithy (B) Diffuse (C) Bulky (D) Lucid

9. Perspicuous
(A) Secular (B) Lucid (C) Turbid (D) Turgid

10. Insert the right word to complete the sentence.
What a lovely ______ of music !
(A) piece (B) tone (C) sound (D) part

**Direction (Q.No 11 – 15):** Choose the most appropriate word :

11. He dared not look me ___ the face.
(A) at (B) in (C) to (D) on

12. Early rising is conducive ___ your health
(A) to (B) for (C) with (D) by

13. The children were eagerly waiting to eat a ___ cake.
(A) dainty (B) delicious (C) delicate (D) appetizing

14. The prolonged illness left him totally —
(A) healthy (B) invalid (C) indisposed (D) enervated

15. The sage always lives ____ honesty
(A) on (B) within (C) by (D) for

16. 'One Night @ the Call Centre'-এই বইটি কে লিখেছেন?
(A) চেতন ভগত (B) বিক্রম শেঠ (C) রবিন শর্মা (D) অনুরাগ মাথুর

17. দক্ষিণাত্য শিক্ষা সমাজ কার প্রেরণায় গড়ে ওঠে?
(A) আত্মারাম পাণ্ডুরঙ্গ (B) গোপালহরি দেশমুখ
(C) গোবিন্দ রানাডে (D) গোপাল কৃষ্ণ গোখলে

18. ব্রিটিশ সরকার কংগ্রেসকে নিষিদ্ধ করে কত খ্রিস্টাব্দে?
(A) 1931-32 (B) 1932-33 (C) 1933-34 (D) 1934-35

19. Summer Olympic Games-2028 কোথায় অনুষ্ঠিত হবে?
(A) লস এঞ্জেলস (B) টোকিও (C) প্যারিস (D) নিউ দিল্লি

20. লাহোর ষড়যন্ত্র মামলা কত খ্রিস্টাব্দে হয়েছিল?
(A) 1929 (B) 1925 (C) 1934 (D) 1931

> প্রিলিমিনারি পরীক্ষায় মোট ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হয়। এইসব বিষয়ে : (১) জেনারেল ইংলিশ, (২) জেনারেল সায়েন্স, (৩) কারেন্ট অ্যাফেয়ার্স, (৪) ভারতের ইতিহাস, (৫) ভারতের ভূগোল, (৬) ভারতের রাষ্ট্রনীতি ও অর্থনীতি, (৭) ভারতের স্বাধীনতা সংগ্রাম, (৮) জেনারেল মেন্টাল এবিলিটি। প্রতিটি পার্টে থাকবে ২৫টি করে প্রশ্ন। সময় আড়াই ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হয়।

21. RFID কথাটির সম্পূর্ণ রূপ কী?
(A) Radio frequency identification (B) Relative frequency identification (C) Radiation frequency identified (D) Radio frequency identified

22. কোন মন্ত্রক মোবাইল অ্যাপ 'মৌসম' চালু করেছে?
(A) মিনিস্ট্রি অফ আর্থ সায়েন্স (B) মিনিস্ট্রি অফ পরিবেশ (C) মিনিস্ট্রি অফ হোম অ্যাফেয়ার্স (D) মিনিস্ট্রি অফ সায়েন্স অ্যান্ড টেকনোলজি

23. সম্প্রতি কোন গ্রহে ফসফিন গ্যাসের অস্তিত্ব পাওয়া গেছে যা প্রাণের অস্তিত্ব ইঙ্গিত করে?
(A) মঙ্গল (B) শুক্র (C) শনি (D) জুপিটার

24. হিমোফিলিয়ার জন্য দায়ী জিনটি হল
(A) X লিঙ্কড প্রচ্ছন্ন (B) X লিঙ্কড প্রকট
(C) Y লিঙ্কড (D) অটোজোমে অবস্থিত

25. কোন পাল রাজার সঙ্গে নালন্দা বিশ্ববিদ্যালয়ের ঘনিষ্ঠ সংযোগ ছিল?
(A) ধর্মপাল (B) গোপাল (C) দেবপাল (D) কোনটিই নয়

26. World Biodiversity Day কবে পালিত হয়?
(A) 22 এপ্রিল (B) 22 মে (C) 22 জুন (D) 22 জুলাই

27. কোন দেশ কৃষ্ণসাগরের উপকূলে প্রাকৃতিক গ্যাসের ভান্ডার আবিষ্কার করেছে?
(A) বুলগেরিয়া (B) রোমানিয়া (C) তুরস্ক (D) জর্জিয়া

28. ঘরের মধ্যে ফ্রিজের দরজা খুলে রাখলে
(A) ঘর ঠান্ডা হবে (B) ঘর গরম হবে
(C) ঘরের তাপমাত্রার পরিবর্তন হবে না (D) কোনটিই নয়

29. AIDS / HIV ভাইরাস এক প্রকারের
(A) DNA ভাইরাস (B) RNA ভাইরাস (C) হয় DNA অথবা RNA ভাইরাস
(D) উভয় প্রকার, DNA এবং RNA ভাইরাস

30. কত খ্রিস্টাব্দে কংগ্রেস নির্বাচনে অংশ গ্রহণ করে?
(A) 1937 (B) 1938 (C) 1939 (D) 1940

31. নন্দ রাজাদের নির্দেশে কোন স্থানে খাল খনন করা হয়েছিল?
(A) মগধ (B) বঙ্গ (C) কলিঙ্গ (D) মালব

32. নিম্নলিখিতদের মধ্যে কে ডিরোজিও-র শিষ্য ছিলেন না?
(A) রাধানাথ শিকদার (B) প্যারীচাঁদ মিত্র (C) দেবেন্দ্রনাথ ঠাকুর (D) কৃষ্ণ মল্লিক

33. 2011 সেনসাস অনুযায়ী কোন রাজ্যে শিশু লিঙ্গানুপাত ([illegible] ratio) সর্বনিম্ন?
(A) গুজরাট (B) হরিয়ানা (C) পাঞ্জাব (D) রাজস্থান

34. [illegible]
(A) [illegible] (B) [illegible]
(C) [illegible] (D) [illegible]

35. 'SAUBHAGYA' কর্মসূচির পুরো নাম কি?
(A) Pradhan Mantri Sahaj Bijli Har Ghar Yojana
(B) Pradhan Mantri Sheetal Bijli Har Ghar Yojana
(C) Pradhan Mantri Sahansheel Bijli Har Ghar Yojana
(D) Pradhan Mantri Samajik Bijli Har Ghar

36. সালবাই-এর সন্ধি কাদের মধ্যে স্বাক্ষরিত হয়েছিল?
(A) মারাঠা ও ইংরেজ (B) পেশোয়া ও ইংরেজ (C) মহীশূর ও ইংরেজ (D) মারাঠা ও লর্ড কর্নওয়ালিশ

37. কাকলি প্রথমে 5 কিমি পূর্বে গেল। তারপর ডানদিকে 8 কিমি গেল। এরপর বাঁদিকে ঘুরে 5 কিমি গেল তারপর আবার 8 কিমি বাঁদিকে গেল। এখন শুরুর স্থান থেকে কাকলির দূরত্ব কত?
(A) 7 কিমি (B) 6 কিমি (C) 10 কিমি (D) 13 কিমি

38. আয়নায় প্রলেপ দিতে কোন কার্বোহাইড্রেট বাণিজ্যিকভাবে ব্যবহৃত হয়?
(A) সুক্রোজ (B) ফ্রুকটোজ (C) সেলুলোজ (D) গ্লুকোজ

39. চিংড়ির রেচন অঙ্গ কোনটি?
(A) লালা গ্রন্থি (B) সবুজ গ্রন্থি (C) [illegible] গ্রন্থি (D) ম্যালপিজিয়ান নালিকা

40. যদি $2x + 3y : 3x + 5y = 18 : 29$ হয়, তবে $\frac{x}{y} = ?$
(A) $\frac{3}{4}$ (B) $\frac{4}{3}$ (C) $\frac{2}{3}$ (D) $\frac{5}{6}$

41. কোনো ঘনকের সমগ্রতলের ক্ষেত্রফল 96 সেমি হলে ঘনকটির আয়তন কত?
(A) 16 ঘনসেমি (B) 64 ঘনসেমি (C) 36 ঘনসেমি (D) 56 ঘনসেমি

42. নৈনিতাল : উত্তরাখণ্ড :: ডালহৌসি : ?
(A) হিমাচলপ্রদেশ (B) কাশ্মীর (C) মেঘালয় (D) উত্তরাখণ্ড

43-44 পর্যন্ত প্রশ্নের উত্তর ইংরিজি Dictionary 1. অনুযায়ী সাজাও

43. 1. Select 2. Seldom 3. Send 4. Selfish 5. Seller
(A) 12453 (B) 21543 (C) 21453 (D) 25413

44. 1. Master 2. Mother 3. Matter 4. Monitor 5. Monkey
(A) 13452 (B) 14352 (C) 13524 (D) 13425

45. B হল P-এর স্বামী, Q হল E-এর একমাত্র নাতি, যে D এর স্ত্রী ও P-এর শাশুড়ী। B এর সঙ্গে D এর সম্পর্ক কী?
(A) ছেলে (B) শালা (C) জামাই (D) ভাইপো

46. [illegible] করেন?

এরপর ১৯ পাতায়

JOY WELFARE NURSING INSTITUTE
Affiliated to WBNC
GNM (নার্সিং কোর্স)
সেশন ২০২১-'২০২৪
Direct Admission - H.S Pass in any stream
স্টুডেন্ট ক্রেডিট কার্ড ও স্টুডেন্ট লোনের সুবিধা
S.N.R Carnival Hospital Institute Hostel Same Campus
Call for Admission : 8100435830, 8296500727
Kalyani, Nadia

বেরিয়েছে
গত বারের মতো এবারেও
রেলের
Group-D
পরীক্ষায়
কমন পেতে...
এছাড়াও
WBCS 2022 পরীক্ষা
রাজ্য পুলিশের কনস্টেবল, SI Mains পরীক্ষার
রেলের NTPC
Current Affairs সহ স্টাডি মেটেরিয়াল পেতে আজই কিনুন
সব চাকরির পরীক্ষাতে আসবেই এমন ১২০০ GK
সাফল্য সাধারণ জ্ঞান
সাফল্য
ঘরে বসে সরাসরি পেতে
যোগাযোগ করুন : 9830624170

Join Telegram Channel @DisariJibika
@DisariJibika

# WBCS

## পশ্চিমবঙ্গে Civil Service এর সেরা পদ অর্জন করতে সেরা Institute-মাইস



সাফল্যের পরিসংখ্যানে মাইস পশ্চিমবঙ্গে No. 1

Avail Scholarship Facility

**SSC (CGL, CHSL), PSC RAIL, BANK (PO+CL), IBPS**

Special Batch -এ ভর্তি চলছে MIES র সব সেন্টারে



**Sayan Chatterjee**
RRB NTPC Goods Guard

"মাইসের সুদক্ষ Teaching Methodology-র সাহায্যেই আমি আজ সরকারি চাকরিতে সুপ্রতিষ্ঠিত।"

মাইসে ভর্তি হওয়ার কিছুদিনের মধ্যেই বুঝেছিলাম, সরকারি চাকরির প্রস্তুতিতে MIES কেন unparallel. ক্লাস নেওয়ার unique পদ্ধতি থেকে অসাধারণ teachers panel ও সুপরিকল্পিত উচ্চমানের Study Material—আমায় পৌঁছে দিয়েছে একাধিক সরকারি চাকরির দোরগোড়ায়। এই সাফল্য শুধুই মাইসের জন্য।



**Bishesh Bose**
WBCS (Gr.-D)

"যোগ্যতা অনুযায়ী সঠিক ও effective কেরিয়ার কাউন্সেলিং পেয়েছিলাম মাইস-এ"

শুধুমাত্র স্নাতক যোগ্যতা নিয়ে সত্যিই কি সাফল্য আসা সম্ভব কেরিয়ারে? সন্দেহ ছিল। মাইসে প্রথম পা রাখতেই concept টা আমূল বদলে দিল মাইসের কেরিয়ার কাউন্সেলিং Team. কী করা উচিত, কীভাবে আসবে সাফল্য, কোন পথটা আমার জন্য সহজভাবে দেখিয়ে দিল MIES। সেই পথ ধরেই আজ আমি একজন সফল সরকারি প্রশাসন আধিকারিক।



**Rupsa Ghoshal**
WBCS (Gr.-D)

"বছরের পর বছর পরিশ্রম করেও যা অনেকের কাছে মরীচিকা, সেই WBCS-এ সফলতা পেয়েছি। ধন্যবাদ মাইস।"

মাইসের বিশেষত্ব হল প্রকৃত পরীক্ষা হলের ধাঁচে Mock Test পদ্ধতি ও উত্তরপত্রের individual analysis. ক্রমাগত এই পরীক্ষা অভ্যাস করতে করতে time management ও fast answering-এর কৌশল রপ্ত হয়ে যায় দারুণভাবে। মাইসের শেখানো এই দক্ষতা কাজে লাগিয়েই পরবর্তীকালে একাধিক পরীক্ষায় selected হই। একাধিক পরীক্ষায় পাশ করি। মাইসের শিক্ষার বেসিক ও Motiviation-র জন্য।



**Anwesha Ganguly**
PSC Miscellaneous

"লক্ষ লক্ষ পরীক্ষার্থীকে হারিয়ে সরকারি চাকরি পেলাম। মাইস-ই এই অসম্ভবকে সম্ভব করে দেখালো।"

মাইসের Student Relation ও R & D Team-এর কথা আলাদা করে বলতে চাই। প্রথমটি যেমন বিভিন্ন পরীক্ষার Notification থেকে শুরু করে Form fill-up পর্যন্ত সযত্নে পালন করেছে দায়িত্বশীল অভিভাবকের ভূমিকা, অন্যদিকে দ্বিতীয়টি আমার পাশে সবসময় থেকেছে এক আদর্শ tutor-এর মত। অভিভাবক ও শিক্ষকের এই মেলবন্ধন একমাত্র মাইসেই পাওয়া যায়।



**Madan Mohan Murmu**
WBCS (Gr.-A)

"সরকারি চাকরির পরীক্ষার অপরিচিত format হয়ে গিয়েছিল জলের মত সহজ। সবই মাইসের অবদান।"



**Riddhi Chakraborty**
WBCS (Gr.-C)

"ট্রেনিং তো বটেই, support system-এও Team-মাইসের অবদান তুলনাহীন।"



**Tanmay Dhali**
WBCS (Gr.-C)

"Math-এ মাইসের 'unique short-cut method'-ই শ্রেষ্ঠ - হাতে হাতে প্রমাণ পেয়েছিলাম"

মাইসে ভর্তি হওয়ার আগে আরো দুটি Institute-এ পড়েও Math-এ আমার দুর্বলতা ছিলই। তারপর মাইসের short-cut পদ্ধতির সাহায্যে 90% অঙ্কের প্রশ্ন দেখেই without calculation নিমেষের মধ্যে উত্তর করতে শিখে গেলাম কিছুদিনের মধ্যেই। আমার চাকরির ক্ষেত্রে এই পদ্ধতির অবদান সত্যি অনস্বীকার্য।



**Garima Ghosh**
WBCS (Gr.-A)

"সাফল্যের পথে সস্তায় বাজিমাতের প্রলোভন অনেক। 'মাইস' কিন্তু একটাই।"

মাইসের অনুকরণে একই রকম Study material ছাপিয়ে বা Good Will কে কাজে লাগিয়ে মাইস থেকে বিচ্ছিন্ন হয়ে যাওয়া কিছু শিক্ষক শিক্ষিকা তাদের ব্যক্তিগত Private tuition এর প্রয়োজন দেখিয়ে নিজেরা কার্যসিদ্ধি করে। কিন্তু আমি দেড় বছর কঠোর পরিশ্রম করে বুঝেছি একক আলাদা আলাদা করে প্রস্তুতি নিয়ে আর যাই হোক WBCS এর মতো Administrative চাকরী পাওয়া সম্ভব নয়। আমার এই শিক্ষাদের যোগ্য আনা return দিয়ে শুধু চাকরি নয় মাথা উঁচু করে বাঁচতে শিখিয়েছে মাইস। সত্যিই মাইসের কোনো তুলনা নেই।

Primary TET 2017 result-এ অগনিত সফল মাইস থেকে প্রশিক্ষণ প্রাপ্ত ছাত্রছাত্রীরা।

অগনিত সফল পরীক্ষার্থীদের ছবি স্থানাভাবে প্রকাশ করা সম্ভব হলো না

**School Service**
Upper Primary & SLST

SLST তে ১৮ টি বিষয়ের জন্য সব সেন্টারে ভর্তি চলছে, New Syllabus -এর নির্ধারিত পরীক্ষার চূড়ান্ত প্রস্তুতি শুরু হচ্ছে। পশ্চিমবঙ্গের হাজার হাজার পরীক্ষার্থী যুক্ত হচ্ছে MIES Centre -এর গুলিতে।

MIES apps- এর মাধ্যমে অসংখ্য Online Test Series দেওয়ার সুযোগ

সদ্য প্রকাশিত WBCS (Preli) 2021 result -এ চূড়ান্ত সফলতার রেকর্ড -মাইস থেকে প্রশিক্ষণ প্রাপ্ত ছাত্রছাত্রীদের।

*SSC (CGL/CHSL/MTS) *ESIC *WBP & KP (SI & Constable) Combined course -এ ভর্তি চলছে

* R&D দ্বারা তৈরী পরীক্ষার সরাসরি Effective Study Materials
* স্বনামধন্য বিশেষজ্ঞ Ex Professors, Examiners, Ph.D শিক্ষকরাও যুক্ত আছেন

**Postal Course & Online Course** ভর্তি চলছে মাইস-এর সব সেন্টারে।

Students Credit Card Scheme Facility Available

**Franchisee Enquiry**
কৃষ্ণনগর, মালদা, বর্ধমান, কল্যাণী, ডায়মন্ডহারবার সহ গুরুত্বপূর্ণ জনবহুল এলাকার জন্য কমপক্ষে 1500 sqft এবং আর্থিক সঙ্গতিপূর্ণরা যোগাযোগ করুন ঃ
9331040169 / 9007101828

**MIES**
Visit us : www.miesgroup.com

» SONARPUR — Sahebpara, Near Union Bank, Kolkata - 700 150 — Ph.: 2434 6671, 8420005904
» SEALDAH — 2A, M.G. Road, Beside Flyover, Kolkata - 700 009 — Ph.: 2360 6127, 8420005903
» BARASAT — 7KNC Rd., Kol - 124, Nr. Platform No. 1 — Ph.: 2584 4968, 9123367837
» BEHALA — Chowrasta Crossing, Near Bandhan Bank, Kol - 8 — Ph.: 2445 8183, 84200 05906
» BUNIADPUR — Beside Bandhan Bank, Dakshin Dinajpur — M: 7047112078, 7797002993
» KONNAGAR — Chalachitram Cinema More (Near Rly. Stn.) — Ph.: 033 26746714, 9831972921
» CHINSURAH — Ph.: 8420499717, 9007101828
» TAMLUK — Ph.: 6290293461
» HOWRAH — Ph.: 9674948306, 9007101828


@DisariJibika

Join Telegram Channel @DisariJibika

# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।**

## সাধারণ বিজ্ঞান

১। কার্বন ব্ল্যাক তৈরিতে কোন হাইড্রোকার্বন ব্যবহৃত হয় — মিথেন।

২। তামার প্রধান আকরিকের নাম কী — কপার পাইরাইটস।

৩। কোন শক্তির ব্যবহারে অ্যাসিড বৃষ্টির সম্ভাবনা বাড়ে — জীবাশ্ম জ্বালানি।

৪। কোন প্রাণীর দেহে ভেনাস হৃদপিণ্ড থাকে — মাছ।

৫। মানবদেহে রক্ত সঞ্চালন পদ্ধতি কে আবিষ্কার করেন — উইলিয়াম হার্ভে।

৬। শুষ্ক বরফ কাকে বলে — কার্বন ডাই অক্সাইড।

৭। কুনো ব্যাঙ কোন শ্রেণিভুক্ত — অ্যাম্ফিবিয়া।

৮। 'হাইগ্রোমিটার' যন্ত্রের সাহায্যে কী পরিমাপ করা হয় — আপেক্ষিক আদ্রতা।

৯। গাড়ির চালকের রক্তে অ্যালকোহলের মাত্রা জানার জন্য কোন



যন্ত্র ব্যবহার করা হয় — ব্রেথালাইজার।

## ইতিহাস

১০। 'উপনিষদ'এর মূল বিষয়বস্তু কী — দর্শন।

১১। 'দুরানী' বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন — আহমদ শাহ আবদালি।

১২। বিখ্যাত অজন্তা গুহাচিত্রের শিল্পে কোন গল্প কাহিনীর পরিচয় পাওয়া যায় — জাতক।

১৩। ভারতের ইতিহাসে কোন যুগকে স্বর্ণযুগ বলা হয় — গুপ্ত যুগ।

১৪। ভারতের ইতিহাসে গুপ্তচরবৃত্তির সূত্রপাত প্রথম কোন সময়ে হয় — মৌর্য যুগে।

১৫। আলেকজান্ডারের শিক্ষাগুরু কে ছিলেন — অ্যারিস্টটল।

১৬। সম্রাট অশোকের শাসনব্যবস্থায় 'রাজুক' শ্রেণি কোন বিভাগের দায়িত্বে ছিলেন — বিচার ব্যবস্থা।

১৭। 'কাঞ্চি' কোন রাজ্যের রাজধানী ছিল — পল্লব।

১৮। 'দানসাগর' ধর্মগ্রন্থের রচয়িতা কে — বল্লাল সেন।

১৯। 'মাদুরাই' কাদের রাজধানী ছিল — পাণ্ড্য।

## ভূগোল

২০। 'চারনোজেম' মাটির অন্য নাম কী — কৃষ্ণ মৃত্তিকা।

২১। পৃথিবীর একমাত্র ভাসমান উদ্যান



'কেইবুল লামজাও' কোন হ্রদের ওপর অবস্থিত — লোকটাক হ্রদ।

২২। 'টোডা' উপজাতি প্রধানত কোন রাজ্যে দেখতে পাওয়া যায় — তামিলনাড়ু।

২৩। 'ডল্লু কুনিথা' ভারতের কোন রাজ্যের একটি লোকনৃত্য — কর্ণাটক।

২৪। তিব্বতে কোন নদী 'সাং পো' ও বাংলাদেশে 'যমুনা' নামে পরিচিত — ব্রহ্মপুত্র।

২৫। মালাবার উপকূলের উপহ্রদগুলি স্থানীয় অধিবাসীদের কাছে কী নামে পরিচিত — কয়াল।

২৬। 'মালনাদ' কথাটির অর্থ কী — পাহাড়ি দেশ।

২৭। 'তেহরি' বাঁধটি কোন নদীর ওপর তৈরি হয়েছে — ভাগীরথী।

২৮। 'আল্পস' কোন ধরনের পর্বত — নবীন ভঙ্গিল পর্বত।

## রাষ্ট্রনীতি

২৯। একজন ব্যক্তি সর্বোচ্চ কতবার ভারতের রাষ্ট্রপতি নির্বাচিত হতে পারেন — যতবার সম্ভব।

৩০। 'আন্তর্জাতিক ন্যায়বিচার আদালত'এ কতজন বিচারপতি থাকেন — ১৫ জন।

৩১। কত সালে 'ডোগরি' ভাষা ভারতীয় সংবিধানের অষ্টম তফশিলে অন্তর্ভুক্ত হয়েছিল — ২০০৩ সালে।

৩২। 'দুর্গাপুর স্টিল প্ল্যান্ট' কোন দেশের সহায়তায় তৈরি করা হয় — ব্রিটেন।

৩৩। উচ্চ আদালত, নিম্ন আদালতকে কোন রিট জারি করে — প্রহিবিশন।

৩৪। 'সুপ্রিম কোর্ট'এর বিচারককে ইমপিচমেন্টের জন্য কোন ধরনের সংখ্যাগরিষ্ঠতা লাগে — বিশেষ সংখ্যাগরিষ্ঠতা।

৩৫। ভারতের প্রথম মুখ্য নির্বাচন কমিশনার কে ছিলেন — সুকুমার সেন।

## অর্থনীতি

৩৬। কে সম্প্রতি ২০২০-'২১ সালের 'বিজনেস স্ট্যান্ডার্ড ব্যাঙ্কার' হিসাবে নির্বাচিত হলেন — 'আইসিআইসিআই ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার সন্দীপ বক্সী।

৩৭। 'অক্সফোর্ড ইকোনমিক্স'এর রিপোর্ট অনুযায়ী, ২০২০ সালে ভারতীয় ইউটিউবাররা মোট কত টাকা উপার্জন করেছেন — ৬,৮০০ কোটি টাকা।

৩৮। 'ভারতী অ্যাক্সা লাইফ ইন্সিওরেন্স'এর প্রচারদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — অভিনেত্রী বিদ্যা বালান।

৩৯। কোন গাড়ি কোম্পানি সম্প্রতি 'অনুভব' নামে চলমান শো-রুম চালু করল — টাটা মোটরস।

৪০। ২০২২ সালে সম্পূর্ণ ফেব্রুয়ারিতে, জিএসটি সংগ্রহের পরিমাণ মোট কত টাকা — ১.৩০ লাখ কোটি টাকা।

৪১। 'এলআইসি মিউচুয়াল ফান্ড'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — টি.এস.রামাকৃষ্ণণ।

৪২। ভারতের শীর্ষস্থানীয় ফিনটেক কোম্পানি 'ভারতপে'র ম্যানেজিং ডিরেক্টর ও ডিরেক্টরের পদ থেকে সম্প্রতি কে ইস্তফা দিলেন — আশনির গ্রোভার।

৪৩। 'এল অ্যান্ড টি ফিনান্স হোল্ডিংস লিমিটেড'এর ডিরেক্টর ও চেয়ারপার্সন হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — এস.এন.সুব্রহ্মণ্যন।

## সাম্প্রতিক ঘটনা

৪৪। কারা সম্প্রতি ভারতের অন্যতম শক্তিশালী সুপার কম্পিউটার 'পরম প্রভেগা' চালু করল — ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্স বেঙ্গালউরু (এটি ভারতীয় আকাদেমিক প্রতিষ্ঠানের বৃহত্তম সুপার কম্পিউটার)।

৪৫। ভারতের প্রথম 'আদার এফেক্টিভ এরিয়া-বেসড কনজার্ভেশন মেজার্স' সাইট কোনটি — হরিয়ানার গুরুগ্রামের 'আরাবল্লী বায়োডাইভার্সিটি পার্ক'।

৪৬। পর্তুগালের প্রধানমন্ত্রী এখন কে — আন্তোনিও কোস্টা।

৪৭। হায়দরাবাদে 'ডি.আর.ডি.ও'র 'ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট ল্যাবরেটরি'র ডিরেক্টর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — প্রবীণ বিজ্ঞানী জিএ শ্রীনিবাস মূর্তি।

৪৮। কে সম্প্রতি নয়াদিল্লিতে, 'পাওয়ার সিস্টেম অপারেশন কর্পোরেশন লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে অতিরিক্ত দায়িত্ব নিলেন এস.আর.নরসিমহান।

৪৯। বিশ্বের প্রথম হাইড্রোজেন চালিত ফ্লাইং বোট 'THE JET' কোথায় চালু হতে চলেছে — সংযুক্ত আরব আমিরশাহীর দুবাই শহরে।

৫০। কোন সংস্থা ওড়িশার 'নীলাচল ইস্পাত নিগম লিমিটেড'কে কিনে নিতে চলেছে — টাটা গ্রুপের কোম্পানি টাটা স্টিল লং প্রোডাক্টস লিমিটেড'।

৫১। ভারতের প্রথম জিওলজিক্যাল পার্ক কোথায় গড়ে উঠতে চলেছে — মধ্য প্রদেশের জব্বলপুরের লামহেটায়।

৫২। কোন দেশ সম্প্রতি সফলভাবে 'Hwasong-12' ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের পরীক্ষা করল — উত্তর কোরিয়া।

৫৩। সম্প্রতি প্রয়াত হেমানন্দ বিসওয়াল



(৮২ বছর) কোন রাজ্যের প্রথম উপজাতি সম্প্রদায়ভুক্ত মুখ্যমন্ত্রী ছিলেন — ওড়িশা।

৫৪। প্রতিরক্ষা গোয়েন্দা সংস্থার নতুন প্রধান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — লেফটেন্যান্ট জেনারেল জিএভি রেড্ডি।

৫৫। সম্প্রতি রঙিন স্মারক কয়েন চালু করলেন নির্মলা সীতারামন। এটি কোন পৌরাণিক গ্রন্থের ওপর তৈরি করা হয়েছে — পঞ্চতন্ত্র।

৫৬। কেরালার প্রথম কারাভন পার্ক কোথায় চালু করা হয়েছে — ইদুক্কি জেলার ভাগামন।

৫৭। ভারতের কোন রাজ্যে 'বিক্রম সারাভাই চিল্ড্রেন্স ইনোভেশন সেন্টার' চালু হয়েছে — গুজরাত।

৫৮। 'এসবিআই বোর্ড'এর ডিরেক্টর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সঞ্জয় মলহোত্রা।

৫৯। আর্মি স্টাফের ডেপুটি চিফ হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — লেফটেন্যান্ট জেনারেল চান্দিরা বাঁশি পোন্নাপ্পা।

৬০। সম্প্রতি প্রয়াত সন্ধ্যা মুখোপাধ্যায় (৯০ বছর) কীজন্য বিখ্যাত ছিলেন — গান।

৬১। আন্ধ্রা প্রদেশের ডিরেক্টর জেনারেল অফ পুলিশ হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — কে.ভি.রাজেন্দ্রনাথ রেড্ডি।

৬২। গুরুগ্রামের প্রথম মহিলা পুলিশ কমিশনার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — কলা রামচন্দ্রন।

৬৩। যুদ্ধবিধ্বস্ত ইউক্রেনে আটকে থাকা ভারতীয়দের ফিরিয়ে আনতে সম্প্রতি কোন উদ্যোগ নিল কেন্দ্রীয় সরকার — অপারেশন গঙ্গা।

৬৪। কে সম্প্রতি প্রথম কৃষ্ণাঙ্গ মহিলা হিসাবে মার্কিন যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের বিচারপতি হিসাবে মনোনীত হলেন — কেতাঞ্জি ব্রাউন জ্যাকসন।

৬৫। কোন সংস্থা সম্প্রতি 'Naso95' নামে বিশ্বের ক্ষুদ্রতম পরিধানযোগ্য এয়ার পিউরিফায়ার চালু করল — আইআইটি দিল্লি স্টার্ট আপ 'ন্যানোক্লিন গ্লোবাল প্রাইভেট লিমিটেড'।

৬৬। পাক-ই-স্তান সেনাবাহিনীর প্রথম হিন্দু লেফটেন্যান্ট অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — কৈলাশ কুমার।

৬৭। এল সালভাদোরে, ভারতের নতুন রাষ্ট্রদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — মনোজ কুমার মহাপাত্র।

৬৮। ভারতের প্রথম ই-বর্জ্য ইকো পার্ক কোথায় তৈরি হতে চলেছে — দিল্লি।

৬৯। ন্যাশনাল ই-গভর্ন্যান্স ডিভিশনের প্রধান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — অভিষেক সিং।

৭০। প্রথম ভারতীয় হিসাবে কে ২০২২ সালে সম্মানজনক 'বোল্টজম্যান পদক' পাচ্ছেন — পদার্থবিদ ও 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ' পুণের এমেরিটাস অধ্যাপক দীপক ধর (স্ট্যাটিস্টিক্যাল ফিজিক্সে অসামান্য অবদানের জন্য এই সম্মান পাচ্ছেন তিনি)।

৭১। জম্মু ও কাশ্মীরের ডোডা জেলার ব্র্যান্ড প্রোডাক্ট হিসাবে ঘোষিত হল কোনটি — ল্যাভেন্ডার।

৭২। ব্রহ্মপুত্র নদীতে ফেরি পরিষেবার জন্য, কোন রাজ্য সম্প্রতি ভারতের প্রথম নাইট নেভিগেশন মোবাইল অ্যাপ্লিকেশন চালু করল — অসম।

৭৩। প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা পরিষদের পূর্ণকালীন সদস্য হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সঞ্জীব সান্যাল।

৭৪। বিশ্বের কোন শহরে সম্প্রতি 'মিউজিয়াম অফ ফিউচার' চালু করা হয়েছে — সংযুক্ত আরব আমিরশাহীর দুবাই শহরে।

৭৫। সুইডিশ ফার্নিচার রিটেলার 'IKEA India'র ('Ingka Group'এর অংশ) প্রথম মহিলা চিফ এক্সিকিউটিভ অফিসার ও চিফ সাসটেইনেবিলিটি অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সুজান পালভারার।

৭৬। কোথায় সম্প্রতি 'নিকর্ষণ সদন'এর উদ্বোধন করা হয়েছে — আন্ধ্রা প্রদেশের বিশাখাপত্তনম।


৭৭। কোন দেশ সম্প্রতি 'হাইবারি' নামে দেশের প্রথম হাইড্রোজেন চালিত ট্রেন চালু করল — জাপান।

৭৮। কোন দেশ সম্প্রতি 'C-Dome' নামে নতুন ন্যাভাল এয়ার ডিফেন্স সিস্টেম সফলভাবে পরীক্ষা করল — ইজরায়েল।

৭৯। হরিয়ানার গুরুগ্রাম জেলায় 'বেটি বাঁচাও, বেটি পড়াও' প্রকল্পের প্রচারদূত হিসাবে সম্প্রতি কারা মনোনীত হলেন — দাবা খেলোয়াড় ২ বোন তানিষ্কা কটিয়া ও ঋদ্ধিকা কটিয়া।

৮০। 'ইন্টারন্যাশনাল রাবার স্টাডি গ্রুপ'এর চেয়ারম্যান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — কে.এন.রাঘবন।

৮১। সম্প্রতি প্রয়াত শকুন্তলা চৌধুরি



(১০২ বছর) কে ছিলেন — সমাজসেবী ও স্বাধীনতা সংগ্রামী।

৮২। হিমাচল প্রদেশের প্রথম জীবাশ্মচিত্রা উদ্যান কোথায় তৈরি হয়েছে — মান্ডি জেলার চুলা উপত্যকায়।

## খেলাধূলা

৮৩। কে সম্প্রতি ভারতের প্রথম খেলোয়াড় হিসাবে, প্রথম শ্রেণির ক্রিকেটে অভিষেকে ত্রিশতরান করার নজির গড়লেন — বিহারের ২২ বছর বয়সি ব্যাটসম্যান শাকিবুল গনি (পশ্চিমবঙ্গের 'যাদবপুর বিশ্ববিদ্যালয়'এর সল্টলেক ক্যাম্পাস গ্রাউন্ডে মিজোরামের বিরুদ্ধে প্লেট গ্রুপ রঞ্জি ট্রফি ম্যাচে ৪০৫ বলে ৩৪১ রান করেন তিনি, যেখানে ছিল ৫৬টি চার ও ২টি ছক্কা)।

৮৪। ভারতের টেস্ট ক্রিকেট দলের পূর্ণ সময়ের অধিনায়ক হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — রোহিত শর্মা।

৮৫। ২০২২ সালে কোন দল 'প্রো কবাডি লিগ'এ চ্যাম্পিয়ন হল — দবং দিল্লি (পটনা পাইরেটসকে ৩৭-৩৬ ব্যবধানে হারিয়ে)।

৮৬। 'ইন্টারন্যাশনাল অলিম্পিক কমিটি অ্যাথলেটিক্স কমিশন'এর চেয়ারপার্সন



এখন কে — ফিনল্যান্ডের আইস হকি খেলোয়াড় এম্মা টেরহো।

৮৭। সম্প্রতি সিঙ্গাপুর আন্তর্জাতিক ভারোত্তোলনে ৫৫ কেজি বিভাগে ভারতীয় ভারোত্তোলক মীরাবাই চানু কোন পদক পেলেন — সোনার পদক (মোট ১৯১ কেজি (স্ন্যাচে ৮৬ কেজি ও ক্লিন অ্যান্ড জার্কে ১০৫) ওজন তুলে শীর্ষ স্থান দখল করেন তিনি)।

৮৮। ভারতীয় ব্যাডমিন্টন ডাবলস দলের কোচ হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — মালয়েশিয়ার টান কিম হার (২০২৬ এশিয়ান গেমস পর্যন্ত এই পদে বহাল থাকবেন তিনি)।

৮৯। ডিশ টিভি ইন্ডিয়া'র প্রচারদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ভারতীয় ক্রিকেটার ঋষভ পন্থ।

৯০। ২০২১-'২২ সালে কোন দল 'লিগ কাপ' খেতাব জিতল — লিভারপুল এফ.সি. (চেলসিকে পেনাল্টিতে হারিয়ে)।

৯১। ২০২২ সালে কোন দল 'পাক-ই-স্তান সুপার লিগ'এ চ্যাম্পিয়ন হল — লাহোর কালান্দার্স (মুলতান সুলতানসকে ৪২ রানে হারিয়ে)।

৯২। ২০২২ সালে 'মেক্সিকান ওপেন'এ পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — স্পেনের টেনিস তারকা রাফায়েল নাদাল (ইংল্যান্ডের ক্যামেরুন নোরিকে ৬-৪ ও ৬-৪ ব্যবধানে হারিয়ে)।

৯৩। ২০২২ সালে কোন রাজ্য সাফ ক্রস কান্ট্রি চ্যাম্পিয়নশিপ ও ৫৬ তম ন্যাশনাল ক্রস-কান্ট্রি অ্যাথলেটিক্স অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ আয়োজন করছে — নাগাল্যান্ড।

**সঙ্কলক : গলি দেওয়ান**

@DisariJibika

Join Telegram Channel @DisariJibika

## জেক্সপো পরীক্ষার মাধ্যমে

১ পাতার পর

সাইবার ফরেন্সিক্স অ্যান্ড ইনফর্মেশন সিকিউরিটি, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল পাওয়ার সিস্টেম, ফুড প্রসেসিং টেকনোলজি, ফুটওয়্যার টেকনোলজি, জিওগ্রাফিক ইনফর্মেশন সিস্টেম অ্যান্ড গ্লোবাল পজিসনিং সিস্টেম, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, ইন্টেরিয়র ডেকরেশন, লেদার গুডস টেকনোলজি, মেকানিক্যাল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাকশন), মেটালার্জিক্যাল, মাইনিং, মাইন সার্ভেয়িং, মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি, মাল্টিমিডিয়া টেকনোলজি, প্যাকেজিং টেকনোলজি, ফটোগ্রাফি, প্রিন্টিং টেকনোলজি, রেনিউভেবল এনার্জী, সার্ভে ইঞ্জিনিয়ারিং, ওয়েব ডিজাইনিং, কমিউনিকেশন অ্যান্ড কম্পিউটার নেটওয়ার্কিং, কনস্ট্রাকশন অটোমেশন অ্যান্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্সের প্রথম বর্ষে, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের পার্ট-টাইম মর্ণিং ডিপ্লোমা কোর্স আর মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের পার্ট-টাইম ডিপ্লোমা কোর্সে কয়েক হাজার সীটে ভরতির জন্য জয়েন্ট এন্ট্রান্স (JEXPO-2022) পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া হচ্ছে।

অঙ্ক, ভৌতবিজ্ঞান ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৩৫% (অতিরিক্ত বিষয়ের নম্বর ছাড়া) নম্বর পেয়ে থাকলে ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার প্রথম বর্ষের ডিপ্লোমা কোর্সে ভরতির জন্য যোগ্য। এবছরের মাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। ৩ বছরের কোর্স। জন্ম-তারিখ হতে হবে ১-৭-২০০৭'এর আগে। উর্দ্ধতম বয়সের কোনো কড়াকড়ি নেই।

মাধ্যমিক পাশ তপশিলী উপজাতি (এস.টি.) সম্প্রদায়ের প্রার্থীরা 'পার্ট-টাইম মর্ণিং ডিপ্লোমা (মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, সিভিল)' কোর্সে ভরতির জন্য যোগ্য। ৪ বছরের কোর্স। জন্ম-তারিখ হতে হবে ১-৭-২০০৭'এর আগে। পড়ানো হবে ঝাড়গ্রাম ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর পলিটেকনিকে।

মাধ্যমিক পাশরা ২ আই.টি.আই. কোর্স পাশ হলে 'ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের পার্ট-টাইম ডিপ্লোমা' কোর্সে ভরতির জন্য যোগ্য। মাধ্যমিক পাশরা কোনো রেজিস্টার্ড ফার্ম, কোম্পানি, ইন্ডাস্ট্রিতে ২ বছরের পুরো সময়ের কাজ করার অভিজ্ঞতা থাকলেও যোগ্য। ৪ বছরের কোর্স। জন্ম-তারিখ হতে হবে ১-৭-২০০৫'এর আগে। পড়ানো হবে হুগলির পলিটেকনিক ইনস্টিটিউটে।

প্রার্থী বাছাই করবে 'ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অফ টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট'। ২০২২ সালের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার (জেক্সপো-২০২২) পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ৭ মে ১০টা থেকে ১২টা। এইসব কেন্দ্রে : উত্তর কলকাতা, দক্ষিণ কলকাতা, মধ্য কলকাতা, দক্ষিণ ২৪ পরগনা, উত্তর ২৪ পরগনা, হাওড়া, হুগলি, পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, নদিয়া, মুর্শিদাবাদ, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, মালদা, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, দার্জিলিং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কালিম্পং ও কোচবিহার।

২ ঘন্টার ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপের পরীক্ষায় থাকবে এইসব বিষয় : অঙ্ক -৪০ নম্বর, ইংরিজি-১০, অ্যাপ্টিটিউট - ১০, ফিজিক্স - ২০ নম্বর, কেমিস্ট্রি -২০ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও ইংরিজিতে।

পরীক্ষা সংক্রান্ত তথ্য ও লিখিত পরীক্ষার ফল পাবেন এই ওয়েবসাইটে : www.webscte.co.in ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ওয়েবসাইট থেকে। ফল বেরোবে জুন মাসে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ এপ্রিল পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.webscte.co.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. ও মোবাইল নম্বর থাকতে হবে। এবার দরখাস্ত করতে কোনো ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

## গ্র্যাজুয়েট থেকে WBCS অফিসার হওয়ার স্বপ্ন দেখাচ্ছে — 'রেবিক্স'

সৈকত হালদার, হাওড়া : ২০২২ সালের WBCS প্রিলিমিনারির বিজ্ঞপ্তি ইতিমধ্যেই বেরিয়ে গেছে। ফর্ম ফিলআপের শেষ তারিখ ২৪ মার্চ। পরীক্ষা হবে মে-জুন মাস নাগাদ। অর্থাৎ বাকি আর মাত্র কয়েক মাস। সত্যি কথা বলতে এই কয়েক সপ্তাহের মধ্যে সিলেবাস বুঝতেই অর্ধেক সময় চলে যাবে। তাহলে উপায় কী? রাজ্য জুড়ে WBCS ইনস্টিটিউটের ছড়াছড়ি। এর মধ্যে কোনটা সঠিক? প্রত্যেক বছরের মতো এবছরও এই উপায় বের করে বিজ্ঞানসম্মতভাবে WBCS পরীক্ষার গাইড দেওয়ার জন্য আগামী মে মাস থেকে চালু হচ্ছে রেবেকা বেলিলিয়াস ইনস্টিটিউট অফ কম্পিটিটিভ স্টাডিস (REBICS) এর নির্ভরযোগ্য কোচিং। কিন্তু এই কোচিংয়ের বিশেষত্ব কী? এটিই রাজ্যের অন্যতম প্রতিষ্ঠান যেখানে এখানে আসা ছাত্রছাত্রীদের মেধা দেখে (কাউন্সেলিং করে) তাঁরা আদৌ এই পরীক্ষা পাশ করতে পারবে কিনা — প্রথমেই তা বলা হয়। অর্থাৎ কোনো মিথ্যা প্রতিশ্রুতি না দিয়ে প্রতিভার সঠিক বিকাশ যাতে হয়, সেটাই সবার আগে নিশ্চিত করা হয়। তারপর যাঁরা এখানে ভরতি হলেন তাঁদের শেখানো হয় কীভাবে Optional বিষয় পছন্দ করতে হয় (যা WBCS পরীক্ষায় সফল হতে গেলে অন্যতম নির্ণায়ক)। তারপর বিভিন্ন বিজ্ঞানসম্মত পদ্ধতিতে স্টাডি মেটেরিয়াল দেওয়া থেকে WBCS অফিসারদের গাইডেন্স, Prelims ও Mains জন্য আলাদা আলাদা প্রস্তুতিপর্ব, ইন্টারভিউয়ের পদ্ধতি, পার্সোনালিটি বাড়ানোর জন্য আলাদাভাবে গ্রুমিং সেশন ইত্যাদি সব বিষয়েই অভূতপূর্ব গাইডেন্স-ই এই প্রতিষ্ঠানের মুখ্য USP। এছাড়াও এখানে West Bengal Judicial Service এর প্রশিক্ষণও দেওয়া হয়। একজন সাধারণ গ্রাজুয়েট থেকে WBCS আধিকারিক হওয়ার স্বপ্ন দেখানোর জন্য এই প্রতিষ্ঠান এককথায় অনবদ্য। কীভাবে? তা জানতে সরাসরি ফোন করুন এই নম্বরে : 7980448373 / 9831226020 অথবা সরাসরি এই ঠিকানায় চলে এসে নিজের চোখে পরখ করুন — REBICS, ২৩৪, বেলিলিয়াস রোড, হাওড়া (টিকিয়াপাড়া পুলিশ ফাঁড়ির পাশে)।

## মাল্টি টাস্কিং স্টাফ

১ পাতার পর

আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২২'র হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মহিনে পে ম্যাট্রিক্স সপ্তম পে কমিশন অনুযায়ী।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Recruitment to the post of Multi Tasking (Non -Technical) Staff Examination, 2021' পরীক্ষার মাধ্যমে। প্রথমে সর্বভারতীয় পর্যায়ের অনলাইন পরীক্ষা হবে জুন মাসে। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in, sscer.org

সরকারিভাবে বিজ্ঞপ্তি বেরোলে দরখাস্ত করবেন অনলাইনে, ২২ মার্চ থেকে ৩০ এপ্রিল পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ssc.nic.in বিজ্ঞপ্তি বেরোলে বিস্তারিত তথ্য আগামী সংখ্যায় দেওয়া হবে।

## বিনা খরচে তপশিলী জাতি ও আদিবাসী ছেলেমেয়েদের নার্সিং ট্রেনিং

পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগমের পরিচালনায় বিনা খরচে তপশিলী জাতি ও আদিবাসী ছেলেমেয়েদের জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট - হেলথকেয়ার কোর্স করানো হচ্ছে। ৪ মাসের অনাবাসিক প্রশিক্ষণ। যোগ্যতা : মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৩,০০,০০০/- টাকার মধ্যে। ট্রেনিং শেষে সার্টিফিকেট ও কর্মসংস্থানে সহায়তা করা হবে। প্রকল্প রূপায়ণে আছে 'এন.সি.এস এম'। প্রশিক্ষণ কেন্দ্রগুলি হল : (১) বহরমপুর (মুর্শিদাবাদ) : ৯৪৩৪৬৬৬৪৪৪, (২) গঙ্গারামপুর (দঃ দিনাজপুর) : ৬২৯৭৭৯০২২০, (৩) রায়গঞ্জ (উঃ দিনাজপুর) : ৬২৯৭৭৯০২২০, (৪) কালিয়াগঞ্জ (উঃ দিনাজপুর) : ৯১৫৩২১০২৪২, (৫) পুরুলিয়া : ৯৮৩২১৭৫৩৩৮, (৬) ঝালদা : ৮৩৯২০২৩১৭৫, (৭) মালদা : ৭০০১৬৬৯৪২২, (৮) বাঁকুড়া : ৮৭৫৯১২৩৪৪৫, (৯) ডোমকল (মুর্শিদাবাদ) : ৯৭৩৪৮০৯৯০৯, (১০) জলপাইগুড়ি : ৯৭৪৯৪৪৬৮৮৫, (১১) আলিপুরদুয়ার টাউন : ৯৭৪৯৪৪৬৮৮৫, (১২) শিলিগুড়ি : ৯৫৬৪৪৩৩৩০০, (১৩) তুফানগঞ্জ : ৯৭৩৫৯৬২৭৭৩, , (১৪) কাটোয়া : ৭৬০২৭০৭০৭০ (১৫) হাওড়া : ৯০৫১৪০৪১২৪, (১৬) ঘুঘুমারী (কোচবিহার) : ৯৮৩২৩৭২০৭৮, (১৭) মানবাজার-। : ৯৮৩২১৭৫৩৩৮।


The Sure Way to Success in Govt. Jobs

GSCE
GEORGE TELEGRAPH SINCE 1920
gsceindia.org

250+ Experienced Faculties
Subjectwise Research Based Content and 100% Common Study Material
More than 35K Successful Students
Unique Short-cut Technique building under GSCE

Offline Courses :
- WBCS with Combined
- Regular Combined with SSC
- Regular Combined
- Interview & Personality Grooming

Online Courses :
- WBCS & PSC
- WBCS Optional
- SSC & Rail
- Bank & Insurance

1200 + Hours of Classes
Daily Current Affairs & Daily Mock Test
Optional Subjects Class & SM for WBCS Candidates
6 Monthly Test
Speed Test, Performance Test (Online)
Examwise Online Mock Test
Library Facility
Mock Interview & Personality Grooming Class
Discipline Centralized Monitoring System

Exam Oriented 6 Days Class Provide
Speed Test, Performance Test, Monthly Test provide on regular basis
Examwise Online Mock Test
Interview Preparation & Individual Care in Class
Optional Subjects' Class & SM for WBCS Candidates

Helpline : 9830277100 / 200 / 300
Website : www.gsceindia.org

GSCE কেন্দ্র

| | |
|---|---|
| শিয়ালদহ (HO) | 9674087465 |
| | 9051040306 |
| কোচবিহার | 9830277023 |
| আলিপুরদুয়ার | 9674033336 |
| দিনহাটা | 9830277698 |
| জলপাইগুড়ি | 9674025600 |
| ধূপগুড়ি | 9830277257 |
| শিলিগুড়ি | 9674087473 |
| কালিম্পং | 9830277171 |
| মালদা | 9674087472 |
| বহরমপুর | 9674087471 |
| কৃষ্ণনগর | 9674087470 |
| রানাঘাট | 9674083508 |
| কল্যাণী | 9674087469 |
| ব্যারাকপুর | 9230056668 |
| তমলুক | 9230056673 |
| বারাসাত | 9674087467 |
| কোন্নগর | 9230056667 |
| সোনারপুর | 9674087466 |
| পঃ মেদিনীপুর | 9230056671 |
| ঝাড়গ্রাম | 9674087874 |
| বর্ধমান | 9674025700 |
| বোলপুর | 9674012025 |
| ব্যান্ডেল | 9230056669 |
| কাটোয়া | 9830277230 |

101 GEORGE TELEGRAPH
GSCE
পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920






Central Institute of Petrochemicals Engineering and Technology
(Dept.of Chemicals & Petrochemicals, Ministry of Chemicals & Fertilizers, Govt.of India)
CIPET : CSTS - Haldia, City Centre, P.O. Debhog, Haldia, Dist. Purba Medinipur, West Bengal-721 657
Ph. No.: +91-3224-255534, Fax: +91-3224-253016

CIPET- Admission in Diploma Level Programmes for the academic year 2022-23

AICTE APPROVED
ADMISSION OPEN
Apply Online : www.cipet.gov.in
EXCELLENT PLACEMENT RECORD

| Sl. No. | Name of Course | Course Duration | Entry Qualification |
|---|---|---|---|
| 1 | Diploma in Plastics Mould Technology (DPMT) | 3 years | 10th Std. |
| 2 | Diploma in Plastics Technology (DPT) | 3 years | 10th Std. |
| 3 | Post Graduate Diploma in Plastics Processing & Testing (PGD-PPT) | 2 years | 3 years Degree in Science |
| 4 | Post Diploma in Plastics Mould Design with CAD/CAM (PD-PMD with CAD/CAM) | 1½ years | Diploma in Mechanical/Plastics/Polymer/ Tool/Tool & Die Making/Production Mechatronics/Automobile/Petrochemicals/ Industrial/Instrumentation Engg./ Technology or DPMT/DPT or Equivalent |

*Candidates appearing for the entry qualification examination are also eligible to apply for all the above courses

No Age Bar / Eligible for Govt. Scholarship / Separate Hostel Accomodation for Boys & Girls

| | | |
|---|---|---|
| TENTATIVE DATES | Date of opening for CAT online application submission | 27-02-2022 |
| | Date of closure for CAT application submission | 05-06-2022 |
| | Date of CAT all over India | 19-06-2022 |
| | Date of commencement of courses | 16-08-2022 |

**10+2 passed/appeared candidates can apply for 2nd year in Diploma (DPMT & DPT) through lateral entry. Entry qualification: Full time 10+2 Science/Technical Vocational/ITI.
**Terms & Conditions apply

Apply Online for Lateral Entry: https://forms.gle/Xmr7rLDKWqapVt9F7

For Assistance : 7001187413, 9749042189, 9002065809
Email: trainingcipet.haldia@gmail.com , Website: www.cipet.gov.in


@DisariJibika
Join Telegram Channel @DisariJibika

## রেলের গ্রুপ 'ডি' পরীক্ষা

১ পাতার পর

প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি) নেওয়া হবে।
কলকাতা, মালদহ, শিলিগুড়ি -সহ সারা ভারতের বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বিজ্ঞপ্তি নং আর.আর.সি. ০১/২০১৯'এর গ্রুপ-ডি পদের যে প্রথম পর্যায়ের পরীক্ষা ২৩ ফেব্রুয়ারি থেকে হওয়ার কথা ছিল, তা স্থগিত হয়েছিল। এবছর ফেব্রুয়ারি মাস নাগাদ এই পদের নিয়োগ প্রক্রিয়া তদারকি করার জন্য একটি উচ্চ পর্যায়ের কমিটি তৈরি হয়েছিল। গ্রুপ-ডি পদের দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা হবে কিনা তা নিয়ে ওই নিয়োগ কমিটি সরাসরি প্রার্থীদের থেকে অভিযোগ জমা নিয়েছিল। সব প্রার্থীদের অভিযোগ খুঁটিয়ে দেখে ওই উচ্চ পর্যায়ের কমিটি ১০ মার্চ এক বিজ্ঞপ্তিতে জানান, গ্রুপ -ডি পদের জন্য একটিই কম্পিউটার বেসড টেস্ট হবে। দ্বিতীয় পর্যায়ের কোনো কম্পিউটার বেসড টেস্ট হবে না অর্থাৎ, প্রার্থীদের একটিই সি.বি.টি. টেস্ট দিয়ে চূড়ান্ত সফল হতে পারবেন। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট হবে জুলাই মাস থেকে। রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড খুব শিগগিরই বিজ্ঞপ্তি দিয়ে পরীক্ষার দিন ঘোষণা করবে। প্রথম পর্যায়ের সিবিটি টেস্ট কয়েক মাস ধরে চলবে।

## ৯৩ সোশ্যাল অফিসার

১ পাতার পর

বয়স হতে হবে ১২-৪-২০২২'এর হিসাবে ২১ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, কেন্দ্রীয় সরকারি ও ই.এস.আই.সি.'তে কর্মরত হলে যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ২ বছরের ট্রেনিং। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। শূন্যপদ : ৯৩টি (জেনাঃ ৪৩, ও.বি.সি. ২৪, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৮, ই.ডব্লু.এস. ৯)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৯টি, প্রতিবন্ধী ৪টি।
প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে কলকাতা-সহ বিভিন্ন কেন্দ্রে। পরীক্ষা হবে ৩টি ধাপে — প্রিলিমিনারি পরীক্ষা, মেইন পরীক্ষা ও কম্পিউটার স্কিল টেস্ট, ডেসক্রিপ্টিভ টেস্ট।
প্রিলিমিনারি পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) রিজনিং এবিলিটি-৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড-৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে এক ঘন্টা। এই পার্টে নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।
এই পরীক্ষা থেকে মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে মেইন পরীক্ষার জন্য ডাকা হবে। এই পার্টে ২০০ নম্বরের ১৫০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং /ইন্টেলিজেন্স-৬০ নম্বরের ৪০টি প্রশ্ন, (২) জেনারেল /ইকনমি /ফিনান্সিয়াল /ইনসিওরেন্স অ্যাওয়ারনেস-৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৩) ইংলিশ ল্যাঙ্গোয়েজ-৪০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড-৬০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘন্টা।
এরপর ৫০ নম্বরের ৩০ মিনিটের কম্পিউটার স্কিল টেস্ট। এর মধ্যে পাওয়ার পয়েন্ট স্লাইডের জন্য ১০ নম্বর, টাইপিং ২০ নম্বর, এক্সেল ২০ নম্বর। তারপর ডেসক্রিপ্টিভ পার্টে ইংলিশ ল্যাঙ্গোয়েজ (চিঠি লেখা ও প্রবন্ধ লেখা) বিষয়ে থাকবে ৫০ নম্বর। সময় ৩০ মিনিট। ২টি প্রশ্নের উত্তর দিতে হবে।
দরখাস্ত করবেন অনলাইনে, ১২ এপ্রিল পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.esic.nic.in প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে 'Apply online for Recruitment to the post of SSO-2022 in ESIC' তে ক্লিক করলে পুরো বিজ্ঞাপনটি পেয়ে যাবেন। অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ ই-মেল আইডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (২০-৫০ কেবির মধ্যে), সিগনেচার (১০-২০ কেবির মধ্যে), লেফট থাম্ব ইমপ্রেশন (২০-৫০ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। এছাড়াও নিচের দেওয়া লাইনগুলি কোনো সাদা-পেপারে নিজের হাতে লিখে স্ক্যান করবেন (৫০-১০০ কেবির মধ্যে)। 'I..... (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.
প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দেবেন। তারপর যাবতীয় স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করবেন। এবার পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, মহিলা, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীদের বেলায় ২৫০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওয়েবসাইটে পাবেন।

## রেলের NTPC'র সফলদের

১ পাতার পর

সপ্তাহেই পুরো তালিকা বেরোবে।
কলকাতা, মালদহ, শিলিগুড়ি -সহ সারা ভারতের বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বিজ্ঞপ্তি নং ০১/২০১৯'এর নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি (এন.টি.পি.সি.)-এর প্রথম পর্যায়ে সফলদের যে দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি-II) পরীক্ষা ১৫ থেকে ১৯ ফেব্রুয়ারি হওয়ার কথা ছিল তা সাময়িকভাবে স্থগিত হয়েছিল। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টের উত্তরপত্র আবার মূল্যায়ন করা হবে। অর্থাৎ এই ক্যাটেগরিতে মোট শূন্যপদের ২০ গুণ প্রার্থীর নাম ঘোষণা করা হবে। আগে যাঁদের তালিকা বেরিয়েছিল, সেটি বৈধ থাকবে। এছাড়াও ২০ গুণ প্রার্থীর নাম ধরে অতিরিক্ত সফল প্রার্থীদের তালিকা বের করা হবে। এরপর দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট হবে মে মাস নাগাদ।
প্রসঙ্গত উল্লেখ্য, এবছর ফেব্রুয়ারি মাস নাগাদ এই পরীক্ষার নিয়োগ প্রক্রিয়া তদারকি করার জন্য একটি উচ্চ পর্যায়ের কমিটি তৈরি হয়েছিল। ওই নিয়োগ কমিটি সরাসরি এন.টি.পি.সি. ক্যাটেগরির প্রথম পর্যায়ে যারা পরীক্ষা দিয়েছিল তাদের থেকে অভিযোগও জমা নিয়েছিল। এন.টি.পি.সি. ক্যাটেগরির প্রথম পর্যায়ের ফলের ওপর যারা সন্তুষ্ট হননি, তারা সরাসরি অভিযোগ জানিয়েছিল।

## পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের

১ পাতার পর

শারীরিক মাপজোখের পরীক্ষায় সফল হলে (কোয়ালিফাই) 'শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। ছেলেদের বেলায় এই পরীক্ষায় ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১,৬০০ মিটার দৌড়তে হবে আর মেয়েদের বেলায় ৪ মিনিট ৩০ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়তে হবে। দৌড়ে একবারই সুযোগ পাবেন। দৌড়ের সময় রেডিও ফ্রিকোয়েন্সি আইডেনটিফিকেশন ডিভাইসের সাহায্য নেওয়া হবে। এই পরীক্ষায় কোয়ালিফাই করলে তবে মেন পরীক্ষার জন্য ডাকা হবে।
৮৫ নম্বরের লিখিত মেন পরীক্ষায় ৮৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ-২৫ নম্বর, (খ) ইংরিজি - ২৫ নম্বর, (গ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের) -২০ নম্বর, (ঘ) রিজনিং ও লজিক্যাল অ্যানালাইসিস -১৫ নম্বর। সময় থাকবে ১ ঘন্টা। মেন পরীক্ষাতেও নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়।
লিখিত মেন পরীক্ষায় কোয়ালিফাই করলে ১৫ নম্বরের ইন্টারভিউ হবে। মোট শূন্যপদ: ৮,৬৩২টি। এর মধ্যে ছেলেদের জন্য ৭,৪৪০টি (জেনাঃ ২,৬৪০, জেনাঃ ই.সি. ১,২৮০, তঃজাঃ ১,১২০, তঃজাঃ ই.সি. ৫৬০, তঃউঃ জাঃ ৩২০, তঃউঃজাঃ ই.সি. ১৬০, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৫৬০, ও.বি.সি. -এ ক্যাটেগরি ই.সি. ২৪০, ও.বি.সি. - বি ক্যাটেগরি ৪০০, ও.বি.সি.-বি ক্যাটেগরি ই.সি. ১৬০)। মেয়েদের জন্য ১,১৯২টি (জেনাঃ ৪২৩, জেনাঃ ই.সি. ২০৫, তঃজাঃ ১৭৯, তঃজাঃ ই.সি. ৯০, তঃউঃজাঃ ৫১, তঃউঃজাঃ ই.সি. ২৬, ও.বি.সি. - এ ক্যাটেগরি ৬০, ও.বি.সি. -এ ক্যাটেগরি ই.সি. ৩৮, ও.বি.সি. - বি ক্যাটেগরি ৬৪, ও.বি.সি.-বি ক্যাটেগরি ই.সি. ২৬)। পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড সূত্রে খবর, মোট শূন্যপদের কয়েক গুণ প্রার্থীকে অর্থাৎ, মোট প্রায় ১ লাখ ৭ হাজার জন প্রার্থীকে সফল করানো হয়েছে। ছেলেদের বেলায় — জেনারেল প্রার্থীদের কাট অফ নম্বর ৪১.২৫, তপশিলী জাতির প্রার্থীদের ৩০.৫, তপশিলী উপজাতি প্রার্থীদের ২৪.৫, ও.বি.সি. -এ ক্যাটেগরির প্রার্থীদের ৩০.৭৫, ও.বি.সি. - বি ক্যাটেগরির প্রার্থীদের ৩৭.২৫-এর কাছাকাছি নেমেছে। মেয়েদের কাট-অফ নেমেছে ৩১.৭৫-এর কাছাকাছি। এখনো মাঠ পরীক্ষার তারিখ ঠিক হয়নি। সম্ভবত এপ্রিলে মাঠ পরীক্ষা নেওয়া হবে।
অন্যদিকে, পশ্চিমবঙ্গ পুলিশের ২০২০ সালের ওয়্যারলেস সুপারভাইজর (টেকনিক্যাল) গ্রেড-II পদের প্রিলিমিনারি পরীক্ষার ফলও বেরিয়েছে। সফলদের তালিকা ওই ওয়েবসাইটে পাবেন। এরপর শারীরিক সক্ষমতার পরীক্ষা। অতেসফল হলে লিখিত মেন পরীক্ষা। তারপর হবে পার্সোন্যালিটি টেস্ট। এই পদে শূন্যপদ আছে ৭৪টি।

সরকারী চাকরীর সেরা প্রস্তুতি
সৌরভ স্যারের সাথে
ভর্তি চলছে WBP Constable -2020 Mains (বিশেষ নজর ইংরেজিতে)
WBP, KP-SI / Constable
SSC, CHSL, MTS, GEN-COM & Others
সাফল্য Academy
বারাসাত, উত্তর ২৪ পরগনা
9051814790, 6289795745

## ২১ জুনিয়র অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

কম্পিউটার অ্যাপ্লিকেশনে জ্ঞান থাকলে ভালো হয়। উচ্চ শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরাও যোগ্য। বয়স হতে হবে ১-১-২০২২'র হিসাবে ৪০ বছরের মধ্যে। তপশিলী, প্রতিবন্ধীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : পে লেভেল ৬ অনুযায়ী। শূন্যপদ ২১টি (জেনাঃ ৪, জেনাঃ প্রতিবন্ধী ১, জেনাঃ প্রাঃসঃকঃ ৬, জেনাঃ মেধাবী খেলোয়াড় ১, তঃজাঃ ২, তঃজাঃ প্রাঃসঃকঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১)। এই পদের Advertisement No. 1 of 2022. প্রার্থী বাছাই করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। প্রথমে লিখিত পরীক্ষা হবে কলকাতায়। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট বা, ইন্টারভিউ হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পরে আপলোড করা হবে এই ওয়েবসাইটে : www.mscwb.org
দরখাস্ত করবেন অনলাইনে, ১৩ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mscwb.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। অনলাইনে যাবতীয় তথ্য দেওয়ার পর সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ২০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০) টাকা জমা দেবেন অনলাইন মেথডে (through Indiaideas.com Limited -Bill Desk) এ। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

ইংরেজি শিক্ষার একটাই বিশ্বস্ত ঠিকানা
Dhiman Sir Classes
M-8348126206
Youtube channel Dhiman Sir Classes
WBP কনস্টেবল পদের প্রিলিম-এর ফল বেরিয়েছে।
এবার টার্গেট
WBP Mains
target 20+ in English
প্রশ্নের মধ্যে লুকিয়ে থাকা উত্তর সমাধানের একটাই পথ — Dhiman Sir Classes
এবারের Prelim-এর Cut off দেখে বোঝাই যাচ্ছে যে ইংরেজি কতটা important subject হতে চলেছে
● নিজের সাফল্যের জন্য Competitive Exam-এ English বিষয়টি ভীষণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। English-এর ভয় দূর করতে Grammar -এর গতানুগতিক Rules থেকে বেরিয়ে এসে স্বল্প সময়ে Short tricks-এর সাহায্যে 20+ Score করার জন্য বিশ্বস্ত প্রতিষ্ঠান Dhiman Sir Classes.
● এখানে Exam oriented, Previous year Question এবং concept গুলি Tricks-এর মাধ্যমে যত্ন সহকারে করানো হয়। পাশাপাশি 10000+ Question-এর Practice Set এবং General Studies-এর Materials দেওয়া হয়।
পরবর্তী আসন্ন পরীক্ষা
WBCS, WBP-SI, SSC-TET, CGL, CHSL-এর নতুন ব্যাচের ক্লাস শীঘ্রই শুরু হবে
Dhiman Sir কর্মক্ষেত্র ও পেশাপ্রবেশের লেখক
আসন সংখ্যা সীমিত। Online Class-এর ব্যবস্থা আছে

# কাঁচা পাট থেকে দড়ি তৈরির ব্যবসা

ব্যবসা

**নিজস্ব প্রতিনিধি :** পরিবেশ দূষণ রুখতে চটের ব্যাগ ব্যবহারের চল বেড়ে যাওয়ায় পাটের সুতলি দড়ির এখন ভালো চাহিদা। কম পুঁজিতে কৃষি নির্ভর ছোটখাটো স্বয়ংসম্পূর্ণ কারখানা গড়ে যাঁরা স্বনির্ভর হতে চান, তাঁরা সরাসরি কাঁচা পাট থেকে নানারকম দড়ি তৈরির ব্যবসা করতে পারেন। পাটের সুতলি দড়ির চাহিদা ও বাজার, শুধুমাত্র ভারতে নয়, বিদেশেও আছে। ইউরোপ ও আমেরিকা মহাদেশের বিভিন্ন প্রান্তেও এই সুতলি দড়ি রপ্তানি করে এখন ভালো টাকা আয় করা যায়।
কাজের দরকার অনুযায়ী পাটের দড়ি হয় বিভিন্ন মাপের : এক তার, দুই তার, তিন তার, চার তার ইত্যাদি। এক মেশিনেই কাঁচা পাট থেকে বিভিন্ন মাপের দড়ি তৈরি করা যায়।
**কাঁচা পাট থেকে দড়ি তৈরির কারখানা :** কাঁচা পাট পাবেন উত্তর ২৪ পরগনার হাবড়া, বারাসাত, বনগাঁ, বসিরহাট, বেড়াচাঁপা, গোপালনগর ও হরিণঘাটায়। এছাড়াও পাওয়া যায় নদিয়া, মুর্শিদাবাদ, মালদা, মেদিনীপুর, বর্ধমান, উত্তর ও দক্ষিণ দিনাজপুর, জলপাইগুড়ি ও কোচবিহার জেলায়।
**যন্ত্রপাতি :** কাঁচা পাট থেকে সুতালি দড়ি তৈরি করতে দরকার হয় এইসব মেশিন : (১) ইমালশন প্ল্যান্ট, (২) সফটনার মেশিন, (৩) ব্রেকার কার্ডিং, (৪) ফিনিশার কার্ডিং, (৫) ফার্স্ট ড্রয়িং, (৬) সেকেন্ড ড্রয়িং, (৭) থার্ড ড্রয়িং, (৮) স্পিনিং মেশিন, (৯) টুইস্টিং মেশিন, (১০) রোল ওয়াইন্ডিং ও (১১) কোপ ওয়াইন্ডিং মেশিন। মেশিনগুলি চালাতে লাগবে সাড়ে ৪৬ অশ্বশক্তি ক্ষমতার মোটর। এতে দিনে ৩ শিফটে অন্তত দেড় টন দড়ি তৈরি হয়।
**যন্ত্রপাতি কোথায় পাবেন :** কাঁচা পাট থেকে সুতলি দড়ি তৈরির মেশিন পাবেন এই ঠিকানায় : ভৌমিক ক্যালকুলেটার্স, ৭ ক্ষেত্র দাস লেন, কলকাতা - ১২। মেশিন কেনার সময় মেশিন চালানোর কাজ শিখিয়ে দেওয়া হয়।
**কীভাবে তৈরি করবেন :** প্রাথমিক অবস্থায় কাঁচা পাট শক্ত থাকে। এই পাটকে নরম ও মোলায়েম করার পাশাপাশি মাপমতো কাটা হয় ইমালশন প্ল্যান্টে। এই প্ল্যান্টে মিনারেল অয়েল দিয়ে কাঁচা পাটকে ট্রিটমেন্ট করে নিতে হয়। এরপর ট্রিটমেন্ট করা পাটের ফাইবার বা, তন্তুকে আরো নরম করার জন্য সফটনার মেশিনে নিয়ে যেতে হবে। এই মেশিনে থাকে কাস্ট আয়রনের তৈরি ৮ জোড়া সর্পিলাকৃতির রোলার। রোলারের মধ্য দিয়ে ওই পাটকে পাঠালে একদিকে যেমন পাটের তন্তু অনেক নরম হয়, অন্যদিকে ইমালশন প্ল্যান্টের নির্যাস তন্তুর সর্বত্র সমানভাবে ছড়িয়ে পড়ে। এরপর পাটকে সমান আঁশযুক্ত লাছিতে রূপান্তরিত করতে 'ব্রেকার কার্ডিং' মেশিনে ঢোকাতে হবে। এতে ইস্পাতের তৈরি অনেক টিউব ও রোলার থাকে। কোনো কোনো রোলার ঘোরে পিছন দিকে, কোনো-কোনোটি সামনে। প্রতিটি রোলারে আবার ছোট বড় পিন লাগানো থাকে। এছাড়া থাকে সিলিন্ডার ওয়ার্কার, স্ট্রিপার ও ডফার। কাঁচা পাটকে রূপান্তরিত করার পর, লাছির ফাইভার বা, তন্তুগুচ্ছকে আরো মসৃণ করে তোলার জন্য ফিনিশার কার্ডিং মেশিনে ঢোকাতে হবে। এই মেশিনের একদিক দিয়ে লাছি ঢুকে মসৃণ হওয়ার পর অন্য দিক দিয়ে বেরিয়ে যাবে।
এবার ওই লাছিকে আরো হাল্কা ও সরু লাছিতে রূপান্তরিত করার জন্য পরপর ফার্স্ট, সেকেন্ড ও থার্ড ড্রয়িং মেশিনে ঢোকাতে হবে। এই ৩টি মেশিনে দ্রুত গতিসম্পন্ন 'রোল-ফিড' থাকে, যার ফলে লাছিগুলো আরো মসৃণ হয়ে যায়।
ওই লাছিগুলো নিয়ে এরপর স্পিনিং মিলে সুতোতে রূপান্তরিত করতে হবে। স্পিনিং ফ্রেমে পরপর অনেকগুলি 'ববিন' সাজানো থাকে। ট্রাভেলার বা, ফ্লায়ারের সাহায্যে এটি চলে। এই যন্ত্রে লাছি থেকে তৈরি সুতো ববিনে জড়িয়ে যায়। এভাবে তৈরি পাটের সুতোকে বলে 'নলি'। এই 'নলি'কে কোণাকারে সাজিয়ে নিতে হবে 'কোপ ওয়াইন্ডিং' মেশিনে।
এবার ওই ১ তার সুতো থেকে ২, ৩ বা, ৪ তারের দড়ি তৈরি হয় টুইস্টিং মেশিনে। তারপর ওটি রোল ওয়াইন্ডিং মেশিনে পাকিয়ে দড়ি তৈরি করে রাখা হয়।
**বিনিয়োগ :** শুধুমাত্র ১১টি মেশিন নিয়ে পুরো ইউনিট করতে পুঁজি লাগবে কমপক্ষে ৫০ লাখ টাকা। আর পুঁজি কম থাকলে পাটের সুতোর 'নলি' বাজার থেকে কিনে শুধুমাত্র 'টুইস্টিং' ও 'রোল ওয়াইন্ডিং' মেশিনে কিনে এই ব্যবসা করতে পারেন। তাতে ৫০ হাজার থেকে ১ লাখ টাকা পুঁজি লাগবে।
**প্রযুক্তিগত সহায়তা :** এই ধরনের ব্যবসা করার জন্য কারিগরি ও প্রযুক্তিগত পরামর্শ পেতে যোগাযোগ করতে পারেন এই ঠিকানায় : (১) হেড, ট্রান্সফর অফ জুট টেকনোলজি ডিভিশন, নিরজাফট, রাণীকুঠি, টালিগঞ্জ, কলকাতা - ৪০। (২) ইনস্টিটিউট অফ জুট টেকনোলজি, ৩৫ বালিগঞ্জ সার্কুলার রোড, কলকাতা - ৭০০০১৯।
**আর্থিক সাহায্য :** পাট থেকে দড়ি তৈরির ছোটখাটো কারখানা করার জন্য প্রধানমন্ত্রী কর্মসৃজন প্রকল্প, বিবেকানন্দ বাংলা স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প, পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন বিত্ত নিগম ও বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক থেকে ঋণ পাওয়া যায়।

Join Telegram Channel @DisariJibika
@DisariJibika

TV9 বাংলা চ্যানেল দ্বারা Academic Excellence Award 2021-2022 প্রাপ্ত প্রতিষ্ঠান

# বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার

An ISO - 9001 : 2015 Certified, Govt. Regn. No [MAS-1/471, L-76204], Maslandapur, North 24 Parganas

## Railway Group D

সপ্তাহে 6 দিন ক্লাস
ক্র্যাশ কোর্স করানো হচ্ছে।
আজই ভর্তি হন।

শংকরদার কোচিং

জীবন যুদ্ধে থাকবো পাশে

২৪ বছর

An Institute with 6500+ Students

সেনাবাহিনীর ব্যারাকপুর, বহরমপুর ও কলকাতা র‍্যালি আসন্ন।
Physical ও ক্লাস চলছে।
Join our Telegram Group
Link https://t.me/+LbhxvWDC8ds3Y2RI

এক ঝাঁক অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা মণ্ডলীর তত্ত্বাবধানে চলছে আমাদের এই বৃহৎ পরিবার। জীবন যুদ্ধে সফল হতে আপনিও আমাদের পরিবারের সাথে সামিল হন।

## WBP 2020

**ফল প্রকাশিত হল**

**Main এর ক্লাস শুরু হয়ে গেছে**

এখন থেকে পড়াশুনা ও Physical একসাথে করুন। কারণ PET / PMT এর পর সময় পাবেন না। প্রতিদিন ২টি করে ক্লাস Physical এর পর প্রতিদিন ৩টি করে ক্লাস। সপ্তাহে ৪টি করে মকটেস্ট, English এ Special ক্লাস নতুন ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা ব্যাচ। WBP Prelims এ এত High Cut-off হওয়া সত্ত্বেও প্রতিষ্ঠানের প্রচুর ছাত্রছাত্রী পাশ করেছে। যারা পাশ করতে পারেননি কখনও Demotivate হবেন না। সামনে KP, পদ RPF, WBP শূন্যপদ আসন্ন, প্রস্তুতি চালিয়ে যান। এখন থেকে সব পরীক্ষার High Cut-off ধরেই এগোতে হবে। তার জন্য চাই কঠোর পরিশ্রম। বিঃদ্রঃ- শুধুমাত্র WBP Main এর জন্য গরিব-মেধাবী, সিভিক ভলেন্টিয়ার, সংখ্যালঘু ও SC, ST, OBC দের জন্য কোর্স ফি'র ওপর বিশেষ ছাড়।



আমি সাগর দাস, আমি বিবেকানন্দ কোচিং সেন্টার অথবা শঙ্করদার কোচিংএতে ভর্তি হয়েছিলাম, এখানে খুব অল্প দামে কোচিং দেওয়া হয়, এখানে পড়ে আমি WBP প্রিলিমিনারিতে 74.5 নম্বর পেয়ে পাশ করেছি। [illegible] Excise Main এর Exam ও খুব [illegible] WBP exam [illegible]।
Sagar Das



আমি শক্তি পদ পোদ্দার। আমি বিবেকানন্দ কোচিং সেন্টার অথবা শঙ্করদার কোচিং এ ভর্তি হয়েছিলাম, এখানে খুব অল্প খরচে কোচিং দেওয়া হয়. এখানে পড়ে আমি WBP 2020 প্রিলিমিনারিতে 65 নাম্বার পেয়ে পাশ করেছি. এখানকার অভিজ্ঞ শিক্ষক শিক্ষিকা মণ্ডলীর ও শঙ্করদার নোটস ও ক্লাস নোটস এর জন্যে Excise Main এর Exam ও খুব ভালো হয়েছে।
Shakti Pada Poddar

Excise Constable- Main এর সম্ভাব্য Result মার্চের last week. তারপর শুরু হবে Mock Interview Class.

আসন্ন শূন্যপদ
**KP, RPF, WBP 2022 New, TET**

প্রতি পরীক্ষার আগে প্রচুর মকটেস্ট নেওয়া হয় | হেড অফিসে আবাসিকদের জন্য Evening ক্লাসের ব্যবস্থা আছে। | তমলুক শাখায় Physical এর ব্যবস্থা আছে।

দূরাবর্তী ছাত্র ও ছাত্রীদের থাকা ও খাওয়ার জন্য হেড অফিসে পর্যাপ্ত জায়গা আছে। বেশী দেরী করলে থাকার জায়গা পাবেন না।

পুলিশ ও সেনাবাহিনীতে সবচেয়ে বেশি চাকরী পায় এই প্রতিষ্ঠান থেকে | RPF এর বিজ্ঞপ্তি আসন্ন, ক্লাস শুরু হয়ে গেছে। ভর্তি চলছে।

কলকাতা পুলিশের কনস্টেবলের বিজ্ঞপ্তি আসন্ন, Syllabus এ অনেক পরিবর্তন এসেছে। এবার Prelims এও English থাকবে। ভর্তি চলছে।

**BSF Tradesman ক্লাস শুরু Physical এর পর**

প্রতিটি শাখায় প্রয়োজন হলে আগে Demo Class করুন তারপর ভর্তি হন

এছাড়া ভর্তি চলছে: ANM / GNM Nursing | SSC MTS | WBP SI | R.P.F | সেনাবাহিনী | SSC জিডি | WBP (MAIN) | AIRFORCE X & Y | Railway Gr-D | স্কুল সার্ভিস গ্রুপ C ও D | কলকাতা পুলিশ | Coast Guard | Upcoming WBP

### হেড অফিস (সপ্তাহে ৭ দিনই খোলা)
মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা (শিয়ালদহ থেকে বনগাঁ লোকালে মছলন্দপুর স্টেশন সংলগ্ন জাগরণী সংঘের সন্নিকটে)
Admission Helpline 9733894444, 9547004388

### বারাসাত শাখা (শুক্রবার বন্ধ)
বারাসাত ১ নং টিকিট কাউন্টারের নীচে বিবেক সংঘের বিপরীতে চতুর্থ তল
Admission Helpline 9635428886

### বাঁকুড়া শাখা
কাটজুড়িডাঙ্গা, বাঁকুড়া (বাসস্ট্যান্ডের সন্নিকটে সরস্বতী ক্লাবের দোতলায়)
Admission Helpline 8001693133

### বসিরহাট শাখা
ভ্যাবলা রেলস্টেশন সংলগ্ন পাটিকেল মোড়ার খোলার আগে সাম্মাদ ডাক্তারের বাড়ির দোতলায়
Admission Helpline 9647303005

### বারুইপুর শাখা
ঠিকানা : বারুইপুর রেল গেট ও কোর্টের মাঝখানে প্রমীলা হাউস, ৫ম তল, মহানাম বস্ত্রালয়ের পাশে
Admission Helpline 7557050701

### তমলুক শাখা
ঠিকানা : নিমতৌড়ি তমলুক, পূর্ব মেদিনীপুর নিমতৌড়ি বাসস্ট্যান্ডে নেমে মেচেদার দিকে ১ মিনিটের পথ 'শ্রী হরি ভবন'।
Admission Helpline 8328770363

### সিমলাপাল শাখা
ঠিকানা : সিমলাপাল স্কুল মোড়, MLA অফিসের ৩য় তল
Admission Helpline 7001867319

@DisariJibika
Join Telegram Channel @DisariJibika

## আর্মিতে ১৮৯ অফিসার

১ পাতার পর

এনভায়রনমেন্ট সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, এনভায়রণমেন্টাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি, সিভিল ইঞ্জিনিয়ারিং (পাব্লিক হেলথ ইঞ্জিনিয়ারিং) বা, এনভায়রণমেন্টাল প্ল্যানিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'সিভিল / বিল্ডিং কনস্ট্রাকশন টেকনোলজি' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ৪০টি ও মেয়ে ২টি।

আর্কিটেকচার, আর্কিটেকচারাল ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচারাল অ্যাসিস্ট্যান্টশিপ, আর্কিটেকচার অ্যান্ড ইন্টেরিয়র ডেকরেশন ও আর্কিটেকচার অ্যাসিস্ট্যান্টশিপ ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'আর্কিটেকচার' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ২টি ও মেয়ে ১টি।

মেকানিকাল, মেকানিক্যাল (মেকাট্রনিক্স), মেকানিকাল ও অটোমেশন, অ্যাডভান্সড মেকাট্রনিক্স অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল অটোমেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মেকানিক্যাল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ২১টি ও মেয়ে ২টি।

ইলেক্ট্রিকাল, ইলেক্ট্রিকাল (ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার), পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিকাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিকাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স (পাওয়ার সিস্টেম), ইলেক্ট্রিকাল অ্যান্ড মেকানিকাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড পাওয়ার, ইলেক্ট্রিক্যাল ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রিকাল ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রিকাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রিকাল / ইলেক্ট্রিকাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ১৪টি ও মেয়ে ১টি।

কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার টেকনোলজি, ৩ডি অ্যানিমেশন অ্যান্ড গ্রাফিক্স, অ্যাডভান্সড কম্পিউটার অ্যাপ্লিকেশন, 'কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যাপ্লিকেশন, কম্পিউটার নেটওয়ার্কিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কম্পিউটার অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড সিস্টেম ইঞ্জিনিয়ারিং, কম্পিউটিং ইন কম্পিউটিং, কম্পিউটিং ইন মাল্টিমিডিয়া, কম্পিউটিং ইন সফটওয়্যার, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং (সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (নেটওয়ার্ক্স), ন্যানো সায়েন্স অ্যান্ড টেকনোলজি, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, মেশিন লার্নিং, ডাটা সায়েন্স প্রোগ্রাম, ন্যানোটে টেকনোলজি, রোবোটিক্স অ্যান্ড অটোমেশন, অটোমেশন অ্যান্ড রোবোটিক্স-এর ডিগ্রি কিংবা এম.এসসি কম্পিউটার সায়েন্স, এম.এসসি. কম্পিউটার টেকনোলজি কোর্স পাশরা 'কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং /কম্পিউটার টেকনোলজি / এম.এসসি. কম্পিউটার সায়েন্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ৩৩টি ও মেয়ে ৩টি।

ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, জিও ইনফরমেটিক্স, এম.এসসি. ইনফর্মেশন টেকনোলজি, এম.এসসি. ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'ইনফর্মেশন টেকনোলজি' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ৯টি ও মেয়ে ২টি।

ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (টেকনোলজিশিয়ান ইলেক্ট্রনিক রেডিও), ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনের ডিগ্রি কিংবা এম.এসসি. ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ৬টি।

টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৩টি।

ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেসন, কমিউনিকেশন, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, অ্যাডভান্সড কমিউনিকেশন অ্যান্ড ইনফমেস্ত্রশন সিস্টেম, অ্যাডভান্সড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন সিস্টেম, অ্যাডভান্সড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কিংবা এম.এসসি. -কমিউনিকেসন ও এম.এসসি. মাইক্রোইলেক্ট্রনিক্স অ্যান্ড অ্যাডভান্সড কমিউনিকেশন কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১০টি।

স্যাটেলাইট কমিউনিকেশন শাখার ডিগ্রি কোর্স পাশরা 'স্যাটেলাইট কমিউনিকেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

অ্যারোনটিক্যাল, অ্যারোস্পেস, অ্যারো স্পেস ইঞ্জিনিয়ারিং, এয়ারক্র্যাফট মেন্টেন্যান্স, অ্যাভোনিক্স, অ্যাভিয়েশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'অ্যারোনটিক্যাল / অ্যারোস্পেস / অ্যাভোনিক্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ৫টি ও মেয়ে ১টি।

প্রোডাকশন, প্রোডাকশন ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

রিমোট সেন্সিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'রিমোট সেন্সিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্সট্রুমেন্টেশন টেক, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৪টি।

অটোমোবাইল, অটোমোবাইল মেন্টেন্যান্স, অটোমেটিভ টেকনোলজি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (অটোমোবাইল), মেকানিক্যাল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ম্যানুফ্যাকচারিং), মেকানিক্যাল (প্রোডাকশন), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ওয়েল্ডিং টেকনোলজি), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অটোমোবাইল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিজাইনের ডিগ্রি কোর্স পাশরা 'অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৩টি।

ফুড টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'ফুড টেকনোলজি' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

অ্যাগ্রিকালচার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'অ্যাগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

ট্রান্সপোর্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ট্রান্সপোর্টেশন ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

বালিস্টিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা' 'বালিস্টিক্স ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

অপ্টো ইলেক্ট্রনিক্স ও অপটিক্স অ্যান্ড অপ্টো ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'অপ্টো ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

ফাইবার অপটিক্স-এর ডিগ্রি কোর্স পাশরা 'ফাইবার অপটিক্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

ওয়ার্কশপ টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'ওয়ার্কশপ টেকনোলজি' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ২টি।

লেজার টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'লেজার টেকনোলজি' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ২টি।

বায়ো-টেকনোলজি ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'বায়োটেকনোলজি' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

রাবার টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'রাবার টেকনোলজি' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মাইনিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

বায়ো মেডিক্যাল বা, মেডিক্যাল ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'বায়ো মেডিক্যাল ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

মেটালার্জিক্যাল, মেটালার্জি অ্যান্ড মেটেরিয়াল টেকনোলজি, মেটালার্জি অ্যান্ড মেটেরিয়াল ইঞ্জিনিয়ারিং, মেটালার্জিক্যাল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেটেরিয়াল সায়েন্স, মেটালার্জি অ্যান্ড এক্সপ্লোসিভ ইঞ্জিনিয়ারিং ডিগ্রি কোর্স পাশরা 'মেটালার্জিক্যাল, মেটালার্জি অ্যান্ড এক্সপ্লোসিভ ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ২টি।

ইন্ডাস্ট্রিয়াল, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেনেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল বা, ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকাচারিং, ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, ম্যানুফ্যাকচারিং প্রসেস অ্যান্ড অটোমেশন, ম্যানুফ্যাকচারিং সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা, ম্যানুফ্যাকচারিং টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'ইন্ডাস্ট্রিয়াল, ইন্ডাস্ট্রিয়াল /ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মার্কেটিং শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ২টি।

টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল, কমিউনিকেশন, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, অ্যাডভান্সড কমিউনিকেশন অ্যান্ড ইনফর্মেশন সিস্টেম, অ্যাডভান্সড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কিংবা এম.এসসি কমিউনিকেশন, এম.এসসি. মাইক্রোইলেক্ট্রনিক্স অ্যান্ড অ্যাডভান্সড কমিউনিকেশন ও এম.এসসি. ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনের এম.এসসি. কোর্স পাশ ছেলেরা 'টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

ইলেক্ট্রনিক্স, পাওয়ার ইলেক্ট্রনিক্স অ্যান্ড ড্রাইভস, পাওয়ার ইলেক্ট্রনিক্স, পাওয়ার ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার, ডিজিটাল টেকনিক্স, ইলেক্ট্রনিক্স সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল সিস্টেম ও ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ মেয়েরা 'ইলেক্ট্রনিক্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

ওপরের ওইসব শাখার এবছরের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় ১ এপ্রিলের মধ্যে পাশ করে থাকতে হবে। বয়স হতে হবে ১-১০-২০২২'র হিসাবে ২০ থেকে ২৭ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১০-১৯৯৫ থেকে ১-১০-২০০২'এর মধ্যে। ছেলেদের চাকরি হবে 59তম SSC (Tech) কোর্সে ও মেয়েদের চাকরি হবে 30তম SSCW(Tech) কোর্সে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় ১৫৭.৫ সেমি আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি দরকার ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/১৮। শুরুতে ৪৯ সপ্তাহের ট্রেনিং শুরু অক্টোবরে। তখন স্টাইপেন্ড মাসে ৫৬,১০০ টাকা। সফল হলে লেফটেন্যান্ট পদে চাকরি। তখন মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড। শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বরের ভিত্তিতে প্রাথমিক বাছাই প্রার্থীদের ইন্টারভিউয়ের 'কল লেটার' পাঠানো হবে। ইন্টারভিউ হবে এলাহবাদ, বেঙ্গালউরু ও ভোপালে। মোট ৫ দিনের এই পরীক্ষায় সাইকোলজি ওরিয়েন্টেড ইন্টেলিজেন্স টেস্ট, গ্রুপ টেস্ট ও ইন্টারভিউ হবে। এরপর ৩-৫ দিনের ডাক্তারি পরীক্ষা। ইন্টারভিউয়ে যাতায়াতের ভাড়া ফেরৎ পাবেন। পরীক্ষা সংক্রান্ত তথ্য ই-মেলে বা, এস.এম.এস.'এ জানানো হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৬ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। অনলাইনে দরখাস্ত করার পর ২ কপি অ্যাপ্লিকেশন প্রিন্ট করে নেবেন। ইন্টারভিউয়ের সময় তখন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রিন্ট করা অ্যাপ্লিকেশন ফর্ম নিয়ে যাবেন। কোনো দরখাস্ত ডাকে পাঠাতে হবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ভোকলেট পরীক্ষার মাধ্যমে

১ পাতার পর

সাইবার ফরেন্সিক্স অ্যান্ড ইনফর্মেশন সিকিউরিটি, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল পাওয়ার সিস্টেম, ফুড প্রসেসিং টেকনোলজি, ফুটওয়্যার টেকনোলজি, জিওগ্রাফিক ইনফর্মেশন সিস্টেম অ্যান্ড গ্লোবাল পজিশনিং সিস্টেম, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, ইন্টেরিয়র ডেকরেশন, লেদার গুডস টেকনোলজি, মেকানিক্যাল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাকশন), মেটালার্জিক্যাল, মাইনিং, মাইন সার্ভেয়িং, মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি, মাল্টিমিডিয়া টেকনোলজি, প্যাকেজিং টেকনোলজি, ফটোগ্রাফি, প্রিন্টিং টেকনোলজি, রেনিউয়েবল এনার্জী, সার্ভে ইঞ্জিনিয়ারিং, ওয়েব ডিজাইনিং, কমিউনিকেশন অ্যান্ড কম্পিউটার নেটওয়ার্কিং, কনস্ট্রাকশন অটোমেশন অ্যান্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা (ল্যাটারাল এন্ট্রি) কোর্সের দ্বিতীয় বর্ষে ভরতির জন্য জয়েন্ট এন্ট্রান্স (VOCLET-2022) পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া হচ্ছে।

পশ্চিমবঙ্গ রাজ্য কাউন্সিল অফ ভোকেশনাল এডুকেশন অ্যান্ড ট্রেনিংয়ের অধীন (১০+২) সিস্টেমে ভোকেশনাল শাখায় ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি বিষয়ে উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। এবছর যাঁরা ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পরীক্ষা দেবেন, তাঁরাও আবেদনের যোগ্য।

মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ২ বছরের কোর্স পাশ হলেও যোগ্য। বয়সের কোনো কড়াকড়ি নেই।

অঙ্ক বা, বায়োলজি বিষয় -সহ ফিজিক্স ও কেমিস্ট্রি আবশ্যিক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ বা, অ্যাপিয়ার্ড প্রার্থীরাও যোগ্য।

অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ বা, অ্যাপিয়ার্ড প্রার্থীরাও যোগ্য। ২ বছরের কোর্স। বয়সের কোনো কড়াকড়ি নেই।

প্রার্থী বাছাই করবে 'ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অফ টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট'। ২০২২ সালের 'ভোকলেট' পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৭ মে, দেড়টা সাড়ে ৩টা পর্যন্ত। এইসব কেন্দ্রে : উত্তর কলকাতা, দক্ষিণ কলকাতা, মধ্য কলকাতা, দক্ষিণ ২৪ পরগনা, উত্তর ২৪ পরগনা, হাওড়া, হুগলি, পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, নদিয়া, মুর্শিদাবাদ, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, মালদা, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, দার্জিলিং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কালিম্পং ও কোচবিহার।

২ ঘন্টার ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপের পরীক্ষায় থাকবে এইসব বিষয় : অঙ্ক -৪০ নম্বর, ইংরিজি-১০, অ্যাপ্টিটিউড - ১০, ফিজিক্স - ২০ নম্বর, কেমিস্ট্রি -২০ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও ইংরিজিতে। পরীক্ষা সংক্রান্ত তথ্য ও লিখিত পরীক্ষার ফল পাবেন এই ওয়েবসাইটে : www.webscte.co.in ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ওয়েবসাইট থেকে। ফল বেরোবে জুন মাসে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ এপ্রিল পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.webscte.co.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. ও মোবাইল নম্বর থাকতে হবে। এবার দরখাস্ত করতে কোনো ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

## ৩৮ ইঞ্জিনিয়ার

২ পাতার পর

কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ই.সি.ই.) ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি.) কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে যোগ্য। অন্তত ২ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। শুরুতে ১ বছরের জন্য নেওয়া হবে। তবে তার মেয়াদ আরো ২ বছরের জন্য বাড়ানো হতে পারে। মাইনে প্রথম বছর মাসে ৪০,০০০ টাকা, দ্বিতীয় বছর ৪৫,০০০ টাকা, তৃতীয় বছর ৫০,০০০ টাকা ও চতুর্থ বছর ৫৫,০০০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ১১টি আর মেকানিক্যাল ২টি। মোট শূন্যপদের মধ্যে জেনাঃ ৫, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, ই.ডব্লু.এস. ২।

সব পদের বেলায় বয়স হতে হবে ৯-৩-২০২২'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। চাকরি হবে বেঙ্গালুরুতে। প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর, পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা আর ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখে। ইন্টারভিউয়ে থাকবে ১০ নম্বর।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৩ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : https://jobapply.in/BEL2022TEPEGZB এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও শিক্ষাগত যোগ্যতা ও বয়সের প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ প্রোজেক্ট ইঞ্জিনিয়ার -। পদের বেলায় ৫০০ টাকার আর ট্রেনি ইঞ্জিনিয়ার- ।পদের বেলায় ২০০ টাকা এস.বি.আই. কালেক্টে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

@DisariJibika
Join Telegram Channel @DisariJibika

## National Award Winning Organisation in IT Education

# রাজীব গান্ধী কম্পিউটার শিক্ষা মিশন

An Autonomous Institution Registered under Trust Act and Registered under C.R. Act **Govt. of India**

**RGCSM**®

Rajiv Gandhi Computer Shiksha Mission

Website : www.rgcsm.com

## মাধ্যমিক

পরীক্ষার্থীদের জন্য

## কম্পিউটারের

সার্টিফিকেট বা ডিপ্লোমা কোর্সে ভর্তি চলছে

### ভর্তির জন্য নিকটবর্তী স্টাডি সেন্টারে আজই যোগাযোগ করুন

**মুর্শিদাবাদ**
- বহরমপুর টাউন: 9434666222
- ডোমকল : 9734809909
- রঘুনাথগঞ্জ : 7327023344
- উত্তরপাড়া : 9735355272
- সামসেরগঞ্জ : 9475064784
- কর্ণসুবর্ন : 7908597376

**বর্ধমান**
- কুলটি : 9126242468
- গুসকরা : 8389043376

**মালদা**
- মালদা টাউন : 7001669422
- চাঁচোল : 9434683673

**২৪ পরগনা**
- বজবজ : 6291689289
- বাখরাহাট : 9831949767
- সোদপুর : 9831409324
- জয়নগর : 9123911881
- সরিষা : 9733663330
- ঘটকপুকুর : 9088557700

**বাঁকুড়া**
- গেলিয়া : 9732012365

**পুরুলিয়া**
- পুরুলিয়া : 9832175338

**ঝাড়গ্রাম**
- ঝাড়গ্রাম : 9434600323

**বীরভূম**
- কীর্ণাহার: 9749456967

**জলপাইগুড়ি**
- জলপাইগুড়ি টাউন:9749446885

**হুগলি**
- আরামবাগ : 7029171297
- পুরশুরা : 8327828308
- তারকেশ্বর : 9641277477
- ধনিয়াখালি : 9933504610

**হাওড়া**
- আনন্দনগর : 9051404124
- বাউরিয়া : 9674120309
- বেলানগর : 9051404124

**আলিপুরদুয়ার**
- বারবিসা : 7547925811
- কামাক্ষ্যাগুড়ি : 8670236263

**নদীয়া**
- শান্তিপুর : 7797067611
- ধুবুলিয়া : 8637557603
- আসাননগর : 9434427474
- হরিণঘাটা : 9932940124
- নবদ্বীপ : 8250126339
- চাপড়া : 8777200236

**দার্জিলিং**
- শিলিগুড়ি : 7699001623
- বিধাননগর : 9641505018
- নক্সালবাড়ি : 9851990591

**দিনাজপুর**
- ইটাহার : 9775135000
- বালুরঘাট : 7551054702
- কামারপাড়া : 7001722167
- কালিয়াগঞ্জ : 9475588756
- রায়গঞ্জ টাউন : 7001936051
- রূপাহার : 9614333619
- বুনিয়াদপুর : 9002382376
- টুঙ্গিদিঘী : 9851765354
- হেমতাবাদ : 9434581134
- রায়গঞ্জ : 7001608070
- গোপালগঞ্জ : 9647890506
- হরিরামপুর: 8372014908

**মেদিনীপুর**
- মেদিনীপুর টাউন : 9434161554
- চন্ডিপুর : 9732916577
- হেড়িয়া : 8167036275
- বোরাই : 7797854520
- কলাগাছিয়া : 7797854520
- তপশিয়া : 8967788841
- এস এস পটনা : 8617073360
- সবং : 9434373329
- গোপীনাথপুর : 8001871858
- সরিদাসপুর : 9874261057
- বলাইপন্ডা : 9734392274
- কালারা : 8145306340

## RGCSM এর অনুমোদিত ট্রেনিং সেন্টার নেওয়ার সুযোগ

### কোথায় কোথায় সেন্টার দেওয়া হবে?

**কোলকাতা :** দমদম, রাসবিহারী, বিরাটি, বারুইপুর, ঢাকুরিয়া, বরানগর, মানিকতলা, টালিগঞ্জ, বেহালা, বেলেঘাটা, শ্যামবাজার, গড়িয়া **হুগলী :** চুঁচুড়া, ব্যান্ডেল, চন্দননগর, রিষড়া, কোন্নগর, গোপিনাথপুর, বলাগর, ডানকুনি, ডানলপ, হরিপাল, পান্ডুয়া, গোঘাট, গুপ্তিপাড়া, কামারপুকুর, ত্রিবেনী **পুরুলিয়া :** লাধুরকা, রঘুনাথপুর, পারা, ঝালদা, মানবাজার **হাওড়া :** উদয়নারায়নপুর, সালকিয়া, সাঁতরাগাছি, উলুবেড়িয়া, আমতা, বাগনান, বেলুড়, টিকিয়াপাড়া **বাঁকুড়া :** বাঁকুড়া টাউন, বেলিয়াতোড়, বিষ্ণুপুর, খাতরা, রানিবাঁধ, বরজোরা, কোতলপুর, শালতোড়া, সোনামুখী, বিক্রমপুর, ইন্দপুর, কুমিদ্যা, ছাতনা, গঙ্গাজলঘাটি, নাকাইজুড়ি **মেদিনীপুর :** খরগপুর, পানিপারুল, বেলদা, নাড়াজোল, খড়িকামাথানি, মাড়তলা, শালবনী, দাঁতন, দিঘা, বেলদা, কোলাঘাট, ঘাটাল, নন্দীগ্রাম, হলদিয়া, পাঁশকুড়া, মেচেদা, চন্দ্রকোনা, গড়বেতা, কেশপুর, কাঁথি, বালিচক, পিংলা **বীরভূম :** সিউড়ি, রামপুরহাট, মুরারোই, নানুর, বোলপুর, সাঁইথিয়া, কোটাসুর, মহম্মদ বাজার, ইলামবাজার **বর্ধমান :** গুসকরা, মেমারী, জৌগ্রাম, গুরেকালনা, গৌরান্ডী, বর্ধমান টাউন, দূর্গাপুর, চিত্তরঞ্জন, তালিত, গলসি, শক্তিগড়, খন্ডঘোষ, পানাগড়, অন্ডাল, পান্ডবেশ্বর, রানীগঞ্জ, আসানসোল, চিত্তরঞ্জন, রাইনা, ভাতার, কালনা, কাটোয়া, বৈঁচী, মানকর, মগরা, বাঁনপুর **নদীয়া :** কল্যানী, চাপড়া, কৃষ্ণনগর, চাকদহ, রানাঘাট, বগুলা, বীরনগর, মাঝদিয়া, পলশী, দেবগ্রাম **মুর্শিদাবাদ :** রেজিনগর, কান্দি, খরগ্রাম, হরিহরপাড়া, ভগবানগোলা, ইসলামপুর, পাঁচগ্রাম, নগর, জলঙ্গী, ধুলিয়ান **পুরুলিয়া :** সাঁওতালডিহি, কাশিপুর **দার্জিলিং :** মিরিক, বাগডোগরা, মাটিগাড়া, কার্শিয়াং **আলিপুরদুয়ার :** আলিপুরদুয়ার টাউন, বীরপাড়া, কালজানি **কোচবিহার :** দিনহাটা, নাজিরহাট, মেখলিগঞ্জ, তুফানগঞ্জ, হলদিবাড়ি, মাথাভাঙ্গা, সিতাই, শিতলকুচি **দিনাজপুর :** ইসালমপুর, চাকুলিয়া, গঙ্গারামপুর, ডালখোলা, রসাখোয়া, বংশিহারি, পতিরাম, কুশমন্ডি, তপন, হিলি, চোপড়া, ফুলবাড়ি , **জলপাইগুড়ি :** ময়নাগুড়ি, ফালাকাটা, ধুপগুড়ি, ফুলবাড়ি, মাল **মালদা :** হাবিবপুর, গাজোল, সামসি, কালিয়াচক, নালাগোলা, পিরগঞ্জ, বামনগোলা, কালিয়াচক, রতুয়া, সুজাপুর, পান্ডুয়া **চব্বিশ পরগনা :** বারাসাত, মহেশতলা, ঘটকপুকুর, সাজিরহাট, রায়দিঘী, সরিষা, মথুরাপুর, রাজারহাট, পাথরঘাটা, বাসন্তি, মধ্যমগ্রাম, বেলঘড়িয়া, হাড়োয়া, হাসনাবাদ, বাদুড়িয়া, বসিরহাট, নামখানা, খরদহ, ইছাপুর, নৈহাটি, কাঁচড়াপাড়া, শ্যামনগর, হালিশহর, নন্দপুকুর, হেলেঞ্চা, গাইঘাটা, বনগা, গোপালনগর, আকাইপুর, গাঁড়াপোতা, বাগদা, মসলন্দপুর, টাকি, পাথরপ্রতিমা, মগরাহাট, ক্যানিং, সরবেড়িয়া, সাগর, চাঁদপাড়া

### ট্রেনিং সেন্টার খুলতে যোগাযোগ করুন : 9434900200

Head Office: 166/A Canal South Road, Beliaghata, Metropolitan, Kolkata. Website : www.rgcsm.com

@DisariJibika
Join Telegram Channel @DisariJibika

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ এক নজরে

গত সপ্তাহের পর

**১ মার্চ :** স্পিয়ার কর্পস'এর জেনারেল অফিসার কম্যান্ডিং হিসাবে মনোনীত নিলেন লেফটেন্যান্ট জেনারেল আর.সি. তিওয়ারি।

❑ মহারাষ্ট্রের মুখ্য সচিব হিসাবে মনোনীত হলেন মানু কুমার শ্রীবাস্তব।

❑ 'এলআইসি মিউচুয়াল ফান্ড'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন টি.এস.রামকৃষ্ণাণ।

❑ গ্রামীণ গ্রাহকদের জন্য, গ্রাম্য এলাকায় নিজেদের পরিসর বাড়ানোর জন্য ও বাড়ির দোরগোড়ায় গাড়ি কেনার অভিজ্ঞতা প্রদানের লক্ষ্যে, 'অনুভব' নামে মোবাইল শোরুম (চলমান শোরুম) চালু করল 'টাটা মোটরস'। গ্রামীণ ভারতে টাটা মোটরসের ব্র্যান্ড সচেতনতা বাড়াতে, সারা দেশে মোট ১০৩টি মোবাইল শোরুম স্থাপন করবে তারা।

❑ ফ্লোরিডার কেপ ক্যানাভেরাল স্পেস ফোর্স স্টেশন থেকে, ৪টি পরবর্তী প্রজন্মের আবহাওয়া স্যাটেলাইট, 'জিওস্টেশনারি অপারেশনাল এনভায়রনমেন্টাল স্যাটেলাইট' সিরিজের তৃতীয়টি সফলভাবে উৎক্ষেপণ করল মার্কিন মহাকাশ সংস্থা 'নাসা'। স্যাটেলাইটটির নাম 'GOES–T'। একবার স্যাটেলাইটটি তার জিওস্টেশনারি কক্ষপথে অবস্থান করলে এর নাম পরিবর্তন করে 'GOES–T' থেকে 'GOES–18' করা হবে। পশ্চিম গোলার্ধে আবহাওয়া ও বিপজ্জনক পরিবেশগত অবস্থার পূর্বাভাস দিতে, 'ন্যাশনাল ওশিয়ানিক অ্যান্ড অ্যাটমোস্ফিয়ারিক অ্যাডমিনিস্ট্রেশন'এর মাধ্যমে ব্যবহার করা হবে এই 'GOES–T'।

❑ দ্বারভাঙা জেলার কাদিরাবাদ এলাকায় তৈরি হতে চলেছে বিহারের প্রথম ভাসমান সৌর বিদ্যুৎ কেন্দ্র। ৬ একর জলাশয়ের ওপর তৈরি, ২ মেগাওয়াট সৌর বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাসম্পন্ন এই কেন্দ্রটি তৈরি করছে 'বিহার পুনর্নবীকরণযোগ্য শক্তি উন্নয়ন সংস্থা'। এই সৌর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রটি ২৫ বছর ধরে ২.৭ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপাদন করবে।

❑ নয়াদিল্লির 'রাষ্ট্রপতি ভবন'এ, ঔষধি ভেষজ ও উদ্ভিদ 'আরোগ্য বনম'এর একটি হাবের উদ্বোধন করলেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ ও তাঁর স্ত্রী সবিতা কোবিন্দ। এর উদ্দেশ্য হল, আয়ুর্বেদিক উদ্ভিদের গুরুত্ব ও মানবদেহে তার প্রভাব সম্পর্কে মানুষকে সচেতন করা। ৬.৬ একর জায়গা জুড়ে বিস্তৃত এই 'আরোগ্য বনম'এ নিম, তুলসি, বেল, অরন্দ, অর্জুন, অশ্বগন্ধা প্রভৃতির মতো ২১৫ ধরনের ঔষধি গাছ রয়েছে। এছাড়াও, এই বনমের অন্যান্য বৈশিষ্ট্য হল, জলের ফোয়ারা, যোগ প্ল্যাটফর্ম, জলের চ্যানেল ও পদ্ম পুকুর।

**২ মার্চ :** চলচ্চিত্র প্রযোজনা ও পরিবেশনা সংস্থা 'যশ রাজ ফিল্মস'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন অক্ষয় বিধানি।



১০ মিনিটে ১১.৭১ লাখ মাটির প্রদীপ (দিয়া) জ্বালিয়ে, 'গিনেস ওয়ার্ল্ড' রেকর্ড গড়ল মধ্য প্রদেশের উজ্জয়িনী শহর। শিবরাত্রি উপলক্ষ্যে 'শিব জ্যোতি অর্পণম মহোৎসব'এর অংশ হিসাবে এই প্রদীপ জ্বালানো হয়েছিল। মধ্য প্রদেশের মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান এই শংসাপত্রটি নিয়েছেন। এর ফলে, ২০২১ সালের ৩ নভেম্বর, উত্তর প্রদেশের অযোধ্যায় তৈরি করা ৯.৪১ লাখ প্রদীপ জ্বালানোর রেকর্ডটি ভাঙল উজ্জয়িনী। প্রসঙ্গত উল্লেখ্য, এটি একটি বর্জ্য-শূন্য কর্মসূচি। এইসব প্রদীপের মাটি ব্যবহার করা হবে প্রতিমা তৈরিতে ও প্রদীপে অবশিষ্ট তেল দেওয়া হবে গৌশালায়।

❑ ২০২২-'২৩ সালের বাজেটে 'উট সুরক্ষা ও উন্নয়ন নীতি' ঘোষণা করল রাজস্থান সরকার। সরকারি পরিসংখ্যান অনুসারে, এখন রাজস্থানে ২ লাখেরও কম উট আছে ও সারা দেশে ২০১২ সাল থেকে উটের সংখ্যা ১.৫ লাখ কমেছে। ২০১৯ সালে শেষবার উট গণনা করার সময় ২.৫ লাখ উট অবশিষ্ট ছিল। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৪ সালে উটকে রাজ্য প্রাণী হিসাবে ঘোষণা করেছিল রাজস্থান সরকার।

❑ 'বিশ্বব্যাঙ্ক গ্রুপ'এর অধীনে থাকা ৫টি সংস্থার মধ্যে ১টি 'মাল্টিল্যাটেরাল ইনভেস্টমেন্ট গ্যারান্টি এজেন্সি'র অপারেশনের ভাইস প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন জুনায়েদ কামাল আহমেদ।

❑ 'ভারতী অ্যাক্সা লাইফ ইন্সিওরেন্স'এর প্রচারদূত হিসাবে মনোনীত হলেন 'জাতীয় পুরস্কার'প্রাপ্ত অভিনেত্রী বিদ্যা বালান।

❑ মার্কিনি চলচ্চিত্র প্রযোজক তথা 'অস্কার' পুরস্কার জয়ী অ্যালান ওয়ালব্রিজ ল্যাড জুনিয়র (৮৪ বছর) মারা গেলেন। তিনি 'লেডি' নামে পরিচিত ছিলেন। 'Braveheart' চলচ্চিত্র প্রযোজনার জন্য ১৯৯৬ সালে 'অস্কার' পুরস্কার পান তিনি।

❑ বিশ্বের প্রথম বিমান সংস্থা হিসাবে সৌর বিমান জ্বালানি (সূর্য থেকে তরল জ্বালানি) ব্যবহার করবে 'সুইস এয়ারলাইন্স'। এজন্য সুইৎজারল্যান্ডের সৌর জ্বালানি স্টার্ট আপ 'Synhelion SA'এর সঙ্গে অংশীদারিত্ব গড়ল 'সুইস ইন্টারন্যাশনাল এয়ারলাইন্স এজি' ও তার মূল কোম্পানি 'লুফথানসা গ্রুপ'। ২০২৩ সালে সৌর কেরোসিনের প্রথম গ্রাহক হতে চলেছে 'সুইস'।

❑ জার্মানির মাইকেল শ্বোয়ান্ডকে হারিয়ে, মিশরের কায়রোতে অনুষ্ঠিত, 'শ্যুটিং বিশ্বকাপ'এ পুরুষদের ১০ মিটার এয়ার পিস্তল বিভাগে সোনার পদক পেলেন ভারতীয় শ্যুটার সৌরভ চৌধুরি।

**৩ মার্চ :** সপ্তম ইন্ডিয়া ইন্ডাস্ট্রি ওয়াটার কনক্লেভ ও নবম এফআইসিসিআই ওয়াটার অ্যাওয়ার্ডে, 'বিশেষ জুরি পুরস্কার' পেল 'ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গা'। গঙ্গা নদীকে পুনরুজ্জীবিত করার জন্য ও জল ব্যবস্থাপনায় একটি দৃষ্টান্তমূলক পরিবর্তন আনার প্রচেষ্টার জন্য এই পুরস্কার পেল তারা।

❑ ২০১৮-'১৯ ও ২০২০-'২১ সালের জন্য, 'ইস্পাত রাজভাষা পুরস্কার'এ প্রথম পুরস্কার পেল দেশের বৃহত্তম লৌহ আকরিক উৎপাদনকারী সংস্থা 'ন্যাশনাল মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড'। এছাড়াও, ২০১৯-'২০ সালের জন্য 'ইস্পাত রাজভাষা প্রেরণা পুরস্কার' পেল এই সংস্থা। মাদুরাইয়ে অনুষ্ঠিত, ইস্পাত মন্ত্রকের 'হিন্দি সালহাকার কমিটি'র সভায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে এই পুরস্কার দেওয়া হয়েছে।

❑ ভারতে মহিলাদের মানসিক স্বাস্থ্যের উন্নতির লক্ষ্যে, 'স্ত্রী মনোরক্ষা প্রকল্প' চালু করল কেন্দ্রীয় মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রক ও 'ন্যাশনাল ইনস্টিটিউট অফ মেন্টাল হেলথ অ্যান্ড নিউরো-সায়েন্সেস' বেঙ্গালুরু।

❑ একটি বায়োডিগ্রেডেবল ন্যানোপাটিকল তৈরি করলেন আইআইটি কানপুরের গবেষকরা, যা রাসায়নিক কীটনাশকের বিকল্প হিসাবে ব্যবহার করা যেতে পারে ও ব্যাকটিরিয়া ও ছত্রাকের সংক্রমণ থেকে কৃষকদের তাঁদের ফসল রক্ষা করতে সহায়তা করবে। এই ন্যানোপাটিকল ফসলের সংক্রমণের ঝুঁকি কমাতে সাহায্য করবে ও কৃষি উৎপাদনশীলতাও বাড়াবে।

❑ 'ন্যাশনাল পেমেন্টস কর্পোরেশন অফ ইন্ডিয়া'র ফ্ল্যাগশিপ প্রোডাক্ট 'রুপে'কে ২০২২ সালে 'টাটা আইপিএল'এর অফিসিয়াল পার্টনার হিসাবে ঘোষণা করল 'বিসিসিআই'এর ইন্ডিয়ান প্রিমিয়র লিগ গভর্নিং কাউন্সিল। এটি বহু বছরের পার্টনারশিপ হবে।

❑ মিশরের কায়রোতে অনুষ্ঠিত, আইএসএসএফ 'শ্যুটিং বিশ্বকাপ'এ মহিলাদের ১০ মিটার এয়ার পিস্তল দলগত বিভাগে সোনার পদক পেলেন ভারতের শ্রী নিভেথা, এশা সিং ও রুচিতা ভিনেরকা।

**৪ মার্চ :** 'টেলিকম ডিসপুটস সেটলমেন্ট অ্যান্ড অ্যাপিলেট ট্রাইব্যুনাল'এর চেয়ারপার্সন হিসাবে মনোনীত হলেন 'দিল্লি হাই কোর্ট'এর প্রধান বিচারপতি ধীরুভাই নারানভাই প্যাটেল।



হৃদরোগে আক্রান্ত হয়ে, অস্ট্রেলিয়ার প্রাক্তন ক্রিকেটার (উইকেটরক্ষক) রড মার্শ (৭৪ বছর) মারা গেলেন। ১৯৭০ থেকে ১৯৮৪ সাল পর্যন্ত দেশের হয়ে ৯৬টি টেস্ট খেলেছেন তিনি। একদিনের ম্যাচের সংখ্যা ৯২। বাঁহাতি এই ব্যাটার অস্ট্রেলিয়ার প্রথম উইকেটরক্ষক হিসাবে টেস্টে শতরান করেছিলেন। সবমিলিয়ে ৩টি টেস্ট শতরান রয়েছে তাঁর। ২৬.৫১ গড়ে ৩,৬৩৩ রান করেছেন তিনি। একদিনের ক্রিকেটে ২০.০৮ গড়ে ১,২২৫ রান রয়েছে তাঁর।

❑ 'জেট এয়ারওয়েজ'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন সঞ্জীব কাপুর।

❑ মুম্বইয়ে 'জিও ওয়ার্ল্ড সেন্টার' চালু করার কথা ঘোষণা করল 'রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড', যা ভারতের বৃহত্তম ও সবথেকে মর্যাদাপূর্ণ বহুমুখী গন্তব্য হবে। মুম্বইয়ের বান্দ্রা কুরলা কমপ্লেক্সে ১৮.৫ একর জায়গা জুড়ে এটি তৈরি হবে। 'রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ'এর ডিরেক্টর ও 'রিলায়েন্স ফাউন্ডেশন'এর প্রতিষ্ঠাতা-চেয়ারপার্সন নীতা আম্বানি এই পরিকল্পনা নিয়েছেন। এটি ঐতিহাসিক ব্যবসা-বাণিজ্য ও সংস্কৃতির গন্তব্যে পরিণত হবে।

❑ আন্তর্জাতিক ক্ষেত্রে সন্ত্রাসবাদীদের সঙ্গে আর্থিক লেনদেনের ওপর নজরদারী সংস্থা 'ফিনান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স'এর 'ধূসর তালিকা'তেই থাকল পাক-ই-স্তান। সন্ত্রাসে মদত ও সন্ত্রাসবাদীদের আর্থিক সহায়তা দেওয়ার কারণে, ২০১৮ সালের জুন থেকে 'ধূসর তালিকা'য় রয়েছে দেশটি। প্রসঙ্গত উল্লেখ্য, কোনো দেশ 'এফ.এ.টি.এফ'এর ধূসর তালিকায় অন্তর্ভুক্ত হলে তারা প্রচণ্ড আর্থিক ক্ষতির সম্মুখীন হয়। তারা আন্তর্জাতিক অর্থভাণ্ডার ও বিশ্ব ব্যাঙ্কের থেকে কোনোরকম আর্থিক অনুদান পায় না। এছাড়াও, বৈদেশিক বাণিজ্য ও বিদেশি বিনিয়োগের পরিমাণও কমে যায়।

**৫ মার্চ :** ডিজিটাল ব্যাঙ্কিং অপারেশনের জন্য, নীতিন চুগকে ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর হিসাবে মনোনীত করল 'ভারতীয় স্টেট ব্যাঙ্ক'।

❑ ভারতের প্রথম 'ফ্লোয়েটিং স্টোরেজ অ্যান্ড রেগ্যাসিফিকেশন ইউনিট' পেল মহারাষ্ট্রের এইচ-জয়গড় এনার্জির টার্মিনাল। ২০২১ সালের ১২ এপ্রিল, সিঙ্গাপুরের 'কেপ্পেল শিপইয়ার্ড' থেকে যাত্রা শুরু করে, মহারাষ্ট্রের জয়গড় টার্মিনালে পৌঁছালো 'FSRU Hoegh Giant'। এটি ভারতের প্রথম এফএসআরইউ-ভিত্তিক এলএনজি গ্রহণকারী টার্মিনাল। ২০১৭ সালে তৈরি হওয়া এই 'Hoegh Giant'এর স্টোরেজ ক্ষমতা ১,৭০,০০০ কিউবিক মিটার ও রেগ্যাসিফিকেশন ক্ষমতা প্রতিদিন ৭৫০ মিলিয়ন ঘনফুট। এই 'Hoegh Giant' এলএনজি টার্মিনালটি ৫৬ কিলোমিটার জয়গড়-দাভোল প্রাকৃতিক গ্যাস পাইপলাইনের মাধ্যমে জাতীয় গ্যাস গ্রিডের সঙ্গে সংযুক্ত হবে।

❑ পুদুচেরিতে, সমুদ্রপৃষ্ঠের পরীক্ষা সফলভাবে সম্পন্ন করল ভারতের প্রথম দেশীয়ভাবে তৈরি ফ্লাইং ট্রেনার 'HANSA–NG'। ১৯ ফেব্রুয়ারি, বেঙ্গালুরু থেকে পুদুচেরির উদ্দেশ্যে যাত্রা করেছিল এটি, যা ঘন্টায় ১৫৫ কিলোমিটার গতিতে ১.৫ ঘন্টায় ১৪০ নটিক্যাল মাইল দূরত্ব অতিক্রম করে। সমুদ্রপৃষ্ঠের ট্রায়ালের মূল উদ্দেশ্য হল, হ্যান্ডলিং কোয়ালিটিজ, ক্লাইম্ব/ক্রুজ পারফরম্যান্স, বাল্কড ল্যান্ডিং, পাওয়ার প্ল্যান্ট ও অন্যান্য সিস্টেমের কর্মক্ষমতা-সহ কাঠামোগত কর্মক্ষমতা মূল্যায়ন করা।

❑ সারা দেশে রেলওয়ে স্টেশনগুলিতে ইনস্টল করা 'স্বয়ংক্রিয় টিকিট ভেন্ডিং মেশিন'এর মাধ্যমে গ্রাহকদের ডিজিটাল টিকিট পরিষেবা দিতে, 'ইন্ডিয়ান রেলওয়ে ক্যাটারিং অ্যান্ড ট্যুরিজম কর্পোরেশন'এর সঙ্গে অংশীদারিত্ব প্রসারিত করল ডিজিটাল পেমেন্ট কোম্পানি 'পেটিএম'।

❑ সর্বকনিষ্ঠ ও একমাত্র বেসামরিক অশ্বারোহী ক্রীড়াবিদ হিসাবে 'এশিয়ান গেমস'এর ট্রায়ালে অংশ নিচ্ছেন হরিয়ানার গুরুগ্রামের বাসিন্দা শশাঙ্ক সিং কাটারিয়া। এ'বছর ২২ থেকে ২৭ ফেব্রুয়ারি পর্যন্ত আরভিসি মিরাট আয়োজিত 'জাতীয় অশ্বারোহী চ্যাম্পিয়নশিপ অ্যাডভান্সড ড্রেসেজ'এ বেশ কয়েকটি যোগ্যতা অর্জন করেছেন তিনি। অ্যাডভান্সড ড্রেসেজে একটি সোনার পদক ও প্রাথমিক ড্রেসেজে একটি ব্রঞ্জ পদক জিতেছেন তিনি।

**৬ মার্চ :** মহারাষ্ট্রের পুণেতে, মহান মারাঠা যোদ্ধা ছত্রপতি শিবাজী মহারাজের একটি মূর্তি উন্মোচন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ১,৮৫০ কেজি পিতল দিয়ে তৈরি এই মূর্তিটি প্রায় ৯.৫ ফুট লম্বা। এছাড়াও, এদিন পুণেতে

### প্রয়াত শেন ওয়ার্ন



❑ অস্ট্রেলিয়ার প্রাক্তন ক্রিকেটার শেন ওয়ার্ন (৫২ বছর) মারা গেলেন।

❑ বিশ্বের সর্বকালের অন্যতম সেরা স্পিনার ওয়ার্নের ১৪৫টি টেস্টে উইকেট সংখ্যা ৭০৮। তাঁর সামনে রয়েছেন শুধু শ্রীলঙ্কার স্পিনার মুথাইয়া মুরলীধরন। ১৩৩টি টেস্টে ৮০০টি উইকেট নিয়েছেন তিনি।

❑ একদিনের ক্রিকেটে ১৯৪টি ম্যাচে ২৯৩টি উইকেট নিয়েছেন তিনি।

❑ ১৯৯৯ সালে অস্ট্রেলিয়ার বিশ্বকাপ জয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন তিনি। অ্যাশেজে তাঁর উইকেট সংখ্যা ১৯৫।

❑ ১৯৯৩ সালে সিডনিতে ভারতের বিরুদ্ধে টেস্ট অভিষেক হয় তাঁর।

❑ ২০০৭ সালের অ্যাশেজে অস্ট্রেলিয়া ৫-০ ফলে ইংল্যান্ডকে হারানোর পর আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নেন ওয়ার্ন।

❑ ২০০৮ সালে প্রথম আইপিএল'এ 'রাজস্থান রয়্যালস'কে চ্যাম্পিয়ন করেন তিনি।

### বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

@DisariJibika
Join Telegram Channel @DisariJibika

১১,৪০০ কোটি টাকারও বেশি খরচে তৈরি, ৩২.২ কিলোমিটার দীর্ঘ মেট্রো রেল প্রকল্পের অন্তর্গত ১২ কিলোমিটার দীর্ঘ রেললাইনের কাজের সূচনা করেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, পুণে মেট্রো হল ভারতের প্রথম প্রকল্প, যেখানে অ্যালুমিনিয়াম বডি কোচ রয়েছে, যা 'মেক ইন ইন্ডিয়া'র অধীনে দেশীয়ভাবে তৈরি করা হয়েছে।

□ দেউচা পাচামির পর, রাজ্য খনিজ উন্নয়ন নিগমের আরও একটি কয়লা খনি প্রকল্প শুরু হতে চলেছে। এবার বারাবনিতে গৌরাণ্ডি পানুরিয়ায় ৩৭০ হেক্টর জমিতে কয়লা উত্তোলন শুরু হবে। জমি অধিগ্রহণের জন্য ক্ষতিপূরণ দেওয়া হবে মালিকদের। এতে ৭০০ জনের প্রত্যক্ষ ও ৫,০০০ জনের পরোক্ষ কর্মসংস্থান তৈরি হবে বলে মনে করা হচ্ছে।



ভারতের ২৩ তম মহিলা গ্র্যান্ডমাস্টার হলেন আন্ধ্রা প্রদেশের বিজয়ওয়াড়ার বাসিন্দা ১৯ বছর বয়সি প্রিয়াঙ্কা নুটাক্কি। 'এমপিএল ৪৭ তম জাতীয় মহিলা দাবা চ্যাম্পিয়নশিপ'এ তাঁর চূড়ান্ত ডব্লুজিএম নর্ম অর্জন করেছেন তিনি। ২০১৯ সালের জানুয়ারিতে নিজের প্রথম ডব্লুজিএম নর্ম স্কোর করেছিলেন তিনি ও পরের ২ মাসে ২,৩০০ রেটিং মানদণ্ড অতিক্রম করেছেন তিনি।

৭ মার্চ : বিশ্বব্যাপী অর্থ পাচার বিরোধী ও সন্ত্রাসবাদ বিরোধী অর্থায়ন সংস্থা 'ফিনান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স'এর প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন সিঙ্গাপুরের টি.রাজা কুমার।

□ সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে তৈরি রেল সুরক্ষা ব্যবস্থা 'কবচ'এর পরীক্ষামূলক প্রদর্শনী সম্পূর্ণ করল ভারতীয় রেল। রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব 'কবচ'এর পরীক্ষামূলক প্রদর্শনীতে অংশ নেন। দু'টি ট্রেনের মুখোমুখি সংঘর্ষ এড়াতে ও রেল সুরক্ষা ব্যবস্থাকে আরও মজবুত করতে এই আধুনিক সুরক্ষা বলয় প্রযুক্তি গড়ে তোলা হয়েছে। ২০২২ সালের কেন্দ্রীয় বাজেটে 'কবচ'কে 'আত্মনির্ভর ভারত' মিশনের অন্তর্গত করা হয়। ২০২২-'২৩ সালের মধ্যে ভারতের প্রায় ২,০০০ কিলোমিটার রেললাইনকে এই অত্যাধুনিক সুরক্ষা ব্যবস্থার অধীনে নিয়ে আসা হবে। দক্ষিণ-মধ্য রেলওয়ের ১,০৯৮ কিলোমিটার রেললাইন ও ৬৫টি ইঞ্জিনকে এরমধ্যে এই প্রযুক্তির সঙ্গে সংযুক্ত করা হয়েছে। এরপর দিল্লি-মুম্বই ও দিল্লি-হাওড়া রেল করিডরের প্রায় ৩,০০০ কিলোমিটার পথকে এই প্রযুক্তির আওতায় নিয়ে আসা হবে বলে জানিয়েছে রেলমন্ত্রক।

□ ১৫,০০০ কোটি টাকা বিনিয়োগে, তেলেঙ্গানার হায়দরাবাদ শহরে, চতুর্থ ডাটা সেন্টার স্থাপনের ঘোষণা করল টেক জায়ান্ট 'মাইক্রোসফট'। 'মাইক্রোসফট' জানিয়েছে, এটি ভারতের বৃহত্তম ডাটা সেন্টারগুলির মধ্যে একটি হবে ও ২০২৫ সালের মধ্যে এটি চালু হবে। এরমধ্যেই পুণে, মুম্বই ও চেন্নাই জুড়ে ৩টি ভারতীয় অঞ্চলে মাইক্রোসফটের একটি ডাটা সেন্টার রয়েছে। এই নতুন ডাটা সেন্টারটি বেসরকারি উদ্যোগের পাশাপাশি সরকারি খাতের কাছ থেকেও মাইক্রোসফটের ক্লাউড পরিষেবাগুলির ক্রমবর্ধমান চাহিদাকে যুক্ত করবে।

□ দীর্ঘ জটিলতা কাটিয়ে, শেষপর্যন্ত নিলাম হতে চলেছে দেশের প্রথম টায়ার কারখানা ডানলপ। এই নিলামের অর্থে ব্যাঙ্ক বা ঋণদাতা সংস্থা থেকে শুরু করে শ্রমিকদের টাকা পরিশোধ করা হবে। হুগলির সাহাগঞ্জ ও তামিলনাড়ুর আম্বাত্তুরে ডানলপ কারখানা শাখার নিলাম করা হবে। জানা গেছে, হুগলির সাহাগঞ্জ কারখানায় স্থাবর-অস্থাবর সম্পত্তির মূল্য প্রায় সাড়ে ৩০০ কোটি টাকা ও তামিলনাড়ুর আম্বাত্তুরের এই কারখানার মূল্য ৪০০ কোটি টাকা। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগেও একাধিকবার বন্ধ হয়েছে এই কারখানা। ২০০৬ সালে 'রুইয়া গোষ্ঠী' এই কারখানার দায়িত্ব নেয়। সেইসময় বকেয়া বাবদ শ্রমিকদের ৩০,০০০ টাকা করে দেওয়ার কথা থাকলেও এককালীন ৫,০০০ টাকার বেশি দেওয়া হয়নি বলে অভিযোগ ছিল শ্রমিকদের। তারপর মালিকপক্ষ ও শ্রমিকদের মধ্যে দীর্ঘ টানাপোড়েন চলেছিল। মামলা গড়িয়েছিল 'সুপ্রিম কোর্ট' পর্যন্ত।

□ 'কৌশল্যা মাতৃত্ব যোজনা' নামে একটি নতুন প্রকল্প চালু করলেন ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী ভূপেশ বাঘেল। এই প্রকল্পের অধীনে, পরিবারে দ্বিতীয় কন্যা সন্তানের জন্মের জন্য মহিলাদের ৫,০০০ টাকা আর্থিক সহায়তা দেওয়া হবে।

□ রাজ্যের কর্মহীন মায়েদের সাহায্য করার জন্য 'আম্মা যোজনা' ও রাজ্যের ছাত্রীদের উপকারের জন্য 'বহিনী' প্রকল্প চালু করার ঘোষণা করলেন সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং। 'আম্মা যোজনা' প্রকল্পের লক্ষ্য হল, রাজ্যের কর্মহীন মায়েদের মধ্যে সঞ্চয় করার অভ্যাস গড়ে তোলা। এজন্য রাজ্যের ভোটার তালিকায় নাম নথিভুক্ত রয়েছে, এমন মায়েদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে বার্ষিক ২০,০০০ টাকা দেওয়া হবে। এজন্য বাজেটে ১০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। অন্যদিকে, 'বহিনী' প্রকল্পের মাধ্যমে নবম শ্রেণি বা তার ঊর্ধ্বে পড়াশোনা করা শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে স্যানিটারি ন্যাপকিন সরবরাহ করা হবে।

□ ভারতের বৃহত্তম ভগবান বুদ্ধের মূর্তি তৈরি হতে চলেছে বোধগয়ায়। 'বুদ্ধ আন্তর্জাতিক কল্যাণ মিশন'এর মাধ্যমে তৈরি হতে চলা এই মূর্তিটি ১০০ ফুট লম্বা ও ৩০ ফুট উঁচু হবে। ঘুমন্ত ভঙ্গিমায় তৈরি হওয়া এই মূর্তিটি ফাইবারগ্লাস দিয়ে কলকাতার ভাস্কররা তৈরি করছেন। ২০১৯ সালে বিশালাকার এই মূর্তিটি তৈরির কাজ শুরু হয়।

□ প্রবীণ রাজনীতিবিদ, পাক-ই-স্তান সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি ও পাক-ই-স্তানের প্রাক্তন প্রেসিডেন্ট মুহাম্মদ রফিক তারার (৯২ বছর) মারা গেলেন। ১৯৯১ থেকে ১৯৯৪ সাল পর্যন্ত সুপ্রিম কোর্টের বিচারক হিসাবে দায়িত্ব পালন করেন তিনি। ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত পাক-ই-স্তানের প্রেসিডেন্ট ছিলেন তিনি।

## ৬টি বিশ্বকাপ খেলে নজির মিতালির



□ মহিলাদের ক্রিকেট বিশ্বকাপে, পাক-ই-স্তানের বিরুদ্ধে খেলতে নেমে বিশ্বরেকর্ড গড়লেন ভারতের মহিলা ক্রিকেট দলের অধিনায়ক মিতালি রাজ।

□ বিশ্বের প্রথম মহিলা ক্রিকেটার হিসাবে, ৬টি (২০০০, ২০০৫, ২০০৯, ২০১৩, ২০১৭ ও ২০২২) বিভিন্ন বিশ্বকাপ খেলার নজির গড়লেন তিনি। এখনও পর্যন্ত এমন কৃতিত্ব বিশ্বের আর কোনো মহিলা ক্রিকেটারের নেই।

□ নিউজিল্যান্ডের ডেবি হকলি ও ইংল্যান্ডের শার্লট এডওয়ার্ডস ৫টি করে বিশ্বকাপে খেলেছেন।

□ এছাড়াও, ভারতের দ্বিতীয় ক্রিকেটার হিসাবে ৬টি বিশ্বকাপ খেলার নজির গড়লেন তিনি। প্রথম ভারতীয় হিসাবে এই নজির ছিল শচীন তেন্ডুলকরের দখলে। ১৯৯২, ১৯৯৬, ১৯৯৯, ২০০৩, ২০০৭ ও ২০১১ সালে একদিনের বিশ্বকাপে ভারতের হয়ে প্রতিনিধিত্ব করেন তিনি।

৮ মার্চ : ভারতীয় বিমানবাহিনী আকাদেমির কমান্ড্যান্ট হিসাবে মনোনীত হলেন এয়ার মার্শাল বি. চন্দ্র শেখর।

□ ২০২২ সালে মার্কিন পররাষ্ট্র দফতরের তরফ থেকে, 'ইন্টারন্যাশনাল উওমেন অফ কারেজ' পুরস্কারের জন্য মনোনীত হলেন বাংলাদেশের পরিবেশ আইনজীবী সৈয়দা রিজওয়ানা হাসান। 'বাংলাদেশ পরিবেশ আইনজীবী সমিতি'র চিফ এক্সিকিউটিভ তিনি। বিভিন্ন ক্ষেত্রে সাহসী কৃতিত্বের স্বীকৃতি হিসাবে, বিশ্বের মোট ১২ জন মহিলাকে এই পুরস্কার দেওয়া হবে। প্রসঙ্গত উল্লেখ্য, ব্যতিক্রমী সাহস, শক্তি ও নেতৃত্বের অধিকারী মহিলাদের সম্মান জানানোর জন্য ২০০৭ সাল থেকে এই পুরস্কার দেওয়া হচ্ছে। এখনও পর্যন্ত ৮০টি দেশের ১৭০ জন মহিলা এই পুরস্কার পেয়েছেন।

□ তেলেঙ্গানার হায়দরাবাদে চালু হল ভারতের প্রথম সম্পূর্ণ মহিলা মালিকানাধীন শিল্প পার্ক। পাটানচেরু শিল্প এলাকার কাছে সুলতানপুরে ৫০ একর জায়গা জুড়ে, প্রায় ২৫০ কোটি টাকা খরচে এই পার্কটি তৈরি করা হয়েছে। তেলেঙ্গানা সরকারের অংশীদারিত্বে, এফআইসিসিআই লেডিস অর্গানাইজেশনের মাধ্যমে এই শিল্প পার্কটি প্রচার করা হয়েছে। প্রাথমিকভাবে, পার্কটিতে ২৫টি মহিলা মালিকানাধীন ও পরিচালিত ইউনিট রয়েছে, যা ১৬টি বৈচিত্র্যময় সবুজ শ্রেণির শিল্পের প্রতিনিধিত্ব করে।



বেলগ্রেডে ওয়ার্ল্ড ইন্ডোর অ্যাথলেটিক 'সিলভার' ট্যুরে ৬.১৯ মিটার লাফিয়ে পোল ভল্টে আবার নিজের বিশ্বরেকর্ড ভাঙলেন মার্কিনি-সুইস তারকা পোল ভল্টার ২২ বছর বয়সি আর্মান্দ দুপ্লান্তিস। তাঁর আগের রেকর্ড ছিল ৬.১৮ মিটার। ২০২০ সালের ফেব্রুয়ারিতে, গ্লাসগোয় সেই উচ্চতা অতিক্রম করেন তিনি।

□ তামিলনাড়ুতে ভারতের বৃহত্তম ভাসমান সৌরবিদ্যুৎ প্রকল্পের উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী এম.কে.স্ট্যালিন। তামিলনাড়ুর থুথুকুডিতে 'সাউদার্ন পেট্রোকেমিক্যালস ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেড' কারখানায় ক্লিন এনার্জি সরবরাহের জন্য, ১৫০.৪ কোটি টাকা খরচ করে এই ভাসমান প্ল্যান্টটি তৈরি হয়েছে। এই সৌরবিদ্যুৎ কেন্দ্রটি বছরে ৪২ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপাদন করতে পারবে।

□ ঐতিহ্যগত ওষুধের জন্য, গুজরাতের জামনগরে বিশ্ব স্বাস্থ্য সংস্থা গ্লোবাল সেন্টার ফর ট্র্যাডিশনাল মেডিসিন প্রতিষ্ঠার অনুমোদন দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা। এজন্য 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র সঙ্গে একটি চুক্তি স্বাক্ষর করেছে ভারত সরকার। কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রকের অধীনে প্রতিষ্ঠিত, ঐতিহ্যগত ওষুধের জন্য প্রথম ও একমাত্র বিশ্বব্যাপী কেন্দ্র হতে চলেছে এটি। এই কেন্দ্র ঐতিহ্যগত ওষুধের সঙ্গে সম্পর্কিত বিশ্বব্যাপী স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে নেতৃত্ব দেবে, ওষুধের গুণমান, নিরাপত্তা, কার্যকারিতা ও ঐতিহ্যগত ওষুধের যৌক্তিক ব্যবহার নিশ্চিত করবে।

□ 'আন্তর্জাতিক নারী দিবস' উপলক্ষ্যে, মহিলা

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

উদ্যোক্তাদের সহায়তা দিতে 'মাতৃশক্তি উদয়মিতা' প্রকল্প চালু করার ঘোষণা করল হরিয়ানা সরকার। এই প্রকল্পের অধীনে, 'পরিবার পেহচান পাত্র'এর যাচাইকৃত তথ্যের ওপর ভিত্তি করে যেসব পরিবারের বার্ষিক আয় ৫ লাখ টাকার কম, তাঁদের আর্থিক প্রতিষ্ঠানগুলি থেকে ৩ লাখ টাকা পর্যন্ত ঋণ দেওয়া হবে। পরে 'হরিয়ানা মহিলা উন্নয়ন কর্পোরেশন'এর মাধ্যমে ৩ বছরের জন্য ৭% সুদের সহায়তা দেওয়া হবে।

□ ইতালিতে অনুষ্ঠিত, 'গ্র্যান্ডিসকাচি ক্যাটোলিকা আন্তর্জাতিক ওপন দাবা টুর্নামেন্ট' জিতলেন ভারতীয় গ্র্যান্ডমাস্টার এস.এল.নারায়ণন। দ্বিতীয় হয়েছেন আরেক ভারতীয় রমেশবাবু প্রজ্ঞানন্ধা। যদিও, নারায়ণন ও প্রজ্ঞানন্ধা-সহ আরও ৬ জন ৯ রাউন্ডের পর ৬.৫ পয়েন্ট নিয়ে সমানভাবে প্রথম স্থানে ছিলেন। কিন্তু টাই-ব্রেকে ভালো স্কোরের ভিত্তিতে শীর্ষস্থান দখল করেন নারায়ণন। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৫ সালে গ্র্যান্ডমাস্টারের খেতাব অর্জন করেন তিনি।

৯ মার্চ : দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন ইউন সুক-ইওল।

□ সামরিক স্যাটেলাইট 'নূর-২'কে সফলভাবে পৃথিবী থেকে ৫০০ কিলোমিটার (৩১১ মাইল) উচ্চতায় কক্ষপথে উৎক্ষেপণ করল ইরানের 'ইসলামিক রেভোলিউশনারি গার্ড কর্পস'। ফারসি ভাষায় 'নূর' শব্দটির অর্থ 'আলো'। এটি ইসলামিক রিপাব্লিক'এর মাধ্যমে উৎক্ষেপিত দ্বিতীয় সামরিক স্যাটেলাইট। এটি ইরানের সামরিক বাহিনীর জন্য একটি বড় পদক্ষেপ, যা দেশের পারমাণবিক ও ক্ষেপণাস্ত্র কর্মসূচি নিয়ে উদ্বেগ বাড়াচ্ছে। প্রসঙ্গত উল্লেখ্য, প্রথম সামরিক স্যাটেলাইট 'নূর' ২০২০ সালের এপ্রিলে পৃথিবী পৃষ্ঠ থেকে ৪২৫ কিলোমিটার (২৬৫ মাইল) উচ্চতায় কক্ষপথে উৎক্ষেপণ করা হয়েছিল।

□ 'জাতীয় সুপারকম্পিউটিং মিশন'এর দ্বিতীয় ধাপের অধীনে, আইআইটি রুরকি'তে 'পরম গঙ্গা' নামে একটি সুপার কম্পিউটার নকশা ও ইনস্টল করল 'সেন্টার ফর ডেভেলপমেন্ট অফ অ্যাডভান্সড কম্পিউটিং'। 'পরম গঙ্গা'র সুপারকম্পিউটিং ক্ষমতা ১.৬৬ পেটাফ্লপ। প্রসঙ্গত উল্লেখ্য, 'জাতীয় সুপারকম্পিউটিং মিশন' হল ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রক আর বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের যৌথ উদ্যোগ, যা সি-ড্যাক ও আইআইএসসি বেঙ্গালউরুর মাধ্যমে বাস্তবায়িত হয়েছে।

□ ২০৪১ ক্লাইমেট-ফোর্স আন্টার্কটিকা অভিযানে, ভারতের প্রতিনিধি হিসাবে মনোনীত হলেন জাতীয় স্তরের শ্যুটার ও দিল্লির পরিবেশবিদ আরুশি ভার্মা, যা এ'বছরের মার্চে অনুষ্ঠিত হতে চলেছে। এই অভিযানের লক্ষ্য, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় পুনর্ব্যবহারযোগ্য, পুনর্নবীকরণযোগ্য শক্তি ও টেকসই সমাধানের প্রচারের মাধ্যমে আন্টার্কটিকার সংরক্ষণের জন্য সচেতনতা বাড়ানো। আরুশিকে স্পন্সর্ড করবে পাব্লিক চ্যারিটেবল ট্রাস্ট 'দ্য হান্স ফাউন্ডেশন'।

□ সব ধরনের ঘরোয়া ক্রিকেট থেকে অবসরের সিদ্ধান্ত ঘোষণা করলেন ভারতীয় পেসার শান্তাকুমারন নায়ার শ্রীসন্ত। ৭৪টি প্রথম শ্রেণির ম্যাচে ২১৩টি উইকেট নিয়েছেন তিনি। ভারতের হয়ে ২৭টি টেস্ট, ৫৩টি ওয়ান ডে ও ১০টি আন্তর্জাতিক টোয়েন্টি-২০ ম্যাচে যথাক্রমে ৮৭, ৭৫ ও ৭টি উইকেট নিয়েছেন তিনি।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

Join Telegram Channel @DisariJibika

## রেলে চাকরির

■ *অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট ও টেকনিশিয়ান পদের বেলায় বিস্তারিত সিলেবাস জানাবেন। — মহঃ টৌরাবুদ্দিন, পাণ্ডুয়া, হুগলি।*

■■ অ্যাসিস্ট্যান্ট লোকোপাইলট ও টেকনিশিয়ান পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য পরীক্ষা হবে দু'টি ধাপে, অনলাইনে। প্রথম ধাপের কম্পিউটার বেসড অনলাইন পরীক্ষায় ৭৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স), (২) অঙ্ক, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, (৪) জেনারেল সায়েন্স। সময় ১ ঘন্টা। দ্বিতীয় ধাপের কম্পিউটার বেসড পরীক্ষায় থাকবে দু'টি পার্ট। প্রথম পার্টে ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স), (২) অঙ্ক, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, (৪) বেসিক সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং। সময় থাকবে ৯০ মিনিট। দ্বিতীয় পার্টে ৭৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ওপর। সময় থাকবে ৬০ মিনিট। এই পার্টে ৩৫% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। প্রথম ও দ্বিতীয় পার্টের কম্পিউটার টেস্টে নেগেটিভ মার্কিং আছে। ৩টি ভুলের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। এরপর অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের বেলায় কম্পিউটার বেসড অ্যাপ্টিটিউট টেস্ট হবে।

## ডাকবিভাগের

■ *ভারতীয় ডাক বিভাগের গ্রামীণ ডাক সেবক পদের জন্য দরখাস্ত করেছিলাম, এই পদের মেধা তালিকা কবে বেরোবে? — মনিকাঞ্চন ঘোষ, অশোকনগর, উত্তর ২৪ পরগনা। রাহুল মন্ডল, বিবড়দা, তালডাংরা, বাঁকুড়া।*

■■ ভারতীয় ডাক বিভাগের পশ্চিমবঙ্গ সার্কেল 'গ্রামীণ ডাক সেবক' পদে ২,০২১ জন ছেলেমেয়ে নেওয়ার জন্য (বিজ্ঞপ্তি নং Rectt/R-100/ Online/GDS/CYCLE-III/ Vol-I, Dated 18.02.2020) ২০২০ সালের মার্চ মাস নাগাদ যে দরখাস্ত নেওয়া হয়েছিল, তার দরখাস্ত খুঁটিয়ে দেখে আর মাধ্যমিকের প্রতিটি বিষয়ে পাওয়া নম্বর ও মোট নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হয়েছে। ওই মেধা তালিকায় ২,৩৩৫ জন প্রার্থীর নাম প্রকাশ করা হয়েছে। এছাড়াও ২০ জন প্রার্থীর নাম হোল্ডে রাখা হয়েছে। এরপর প্রার্থীদের যাবতীয় প্রমাণপত্র ভেরিফিকেশন করে শর্ট লিস্ট করা হবে। তারপর প্রার্থী বাছাইয়ের পরবর্তী পরীক্ষা হবে। মনোনীত প্রার্থীদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.indiapost.gov.in, http://appost.in/gdsonline

## পি.এস.সি.'র

■ *ডব্লু.বি.সি.এস. -এর ফর্ম পূরণ করতে গিয়ে আগের এনরোলমেন্ট নম্বর ও পাশওয়ার্ড সঠিকভাবে দেওয়া সত্ত্বেও খুলতে পারিনি। তাই নতুন করে নাম রেজিস্ট্রেশন করে দরখাস্ত করেছি। অসুবিধা হবে কি? — মোল্লা মানোয়ার হোসেন, আমডোবা, সাওরা, গোঘাট, হুগলি।*

■■ না, অসুবিধা হবে না।

■ *স্কুলের সাব-ইন্সপেক্টর পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স দরকার। প্রার্থী বাছাই পরীক্ষায় কী কী বিষয় থাকে? এই পরীক্ষা কি প্রতি বছরই হয়? — অর্পিতা চক্রবর্তী, বিরাটী, উত্তর ২৪ পরগনা। স্বর্ণাভ ব্যানার্জী, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ সাব-ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি প্রতি বছর বেরোয় না। শূন্যপদ তৈরি হলেই বিজ্ঞপ্তি দিয়ে লোক নেওয়া হয়। শেষবার বিজ্ঞপ্তি বেরিয়েছিল ২০১৮ সালে। দ্বিতীয় শ্রেণির অনার্স গ্র্যাজুয়েট বা, দ্বিতীয় শ্রেণির মাস্টার ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। বি.টি. কিংবা বি. এড. কোর্স পাশ থাকা দরকার। বয়স হতে হবে ৩৬ বছরের মধ্যে। প্রার্থী বাছাই হবে স্ক্রীনিং টেস্ট / লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রথমে স্ক্রীনিং টেস্টে লিখিত পরীক্ষা হবে। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ২০০ নম্বরের দেড় ঘন্টার পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) এডুকেশন বিষয়ে ৫০টি প্রশ্ন, (২) জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক বিষয়ে ৫০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। এডুকেশন বিষয়ের প্রশ্ন হবে বি.এড. কোর্সের সিলেবাস অনুযায়ী। জেনারেল স্টাডিজ বিষয়ে থাকবে সাম্প্রতিক ঘটনা ও সাধারণ অভিজ্ঞতাসংক্রান্ত প্রশ্ন। অ্যারিথমেটিক বিষয়ের প্রশ্ন থাকবে মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমিকের সিলেবাস অনুযায়ী। এবছর বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা আছে।

■ *আই.সি.সি.এস.-এর নতুন বিজ্ঞপ্তি কবে বেরোবে? ২০২২ সালের ডব্লু.বি.সি.এস.-এর বিজ্ঞপ্তি কবে বেরোবে? — হাকিম সেখ, ফরাক্কা, মুর্শিদাবাদ।*

■■ আই.সি.ডি.এস.'এর নতুন বিজ্ঞপ্তি বেরোনোর কোনো খবর নেই। ২০২২ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার দরখাস্ত নেওয়া চলছে, শেষ তারিখ ২৪ মার্চ।

## পুলিশে চাকরির

■ *আবগারি দফতরের মেনস পরীক্ষার ফল কবে বেরোবে? এই পরীক্ষায় কাট অফ নম্বর কত হতে পারে? ইন্টারভিউ কবে হবে? — অনিত দে, হাবড়া, উত্তর ২৪ পরগনা। অনিন্দিতা পাত্র। রাকেশ মন্ডল, কলিঙ্গ, অঙ্কামানিক, বাদুড়িয়া, উত্তর ২৪ পরগনা।*

■■ আবগারি দফতরের কনস্টেবল পদের জন্য যাঁরা মেনস পরীক্ষা দিয়েছো, তাঁদের ফল এ মাসেই বেরোনোর প্রবল সম্ভাবনা রয়েছে। ফল বেরোনোর দেড় মাসের মধ্যেই ইন্টারভিউ শুরু হবে। মেন পরীক্ষায় ৯০ নম্বরের মধ্যে জেনারেল ক্যাটেগরির প্রার্থীদের কাট অফ নম্বর ৪৫ থেকে ৫০-এর মধ্যে থাকতে হবে। ও.বি.সি. প্রার্থীদের বেলায় ৪২ থেকে ৪৬ নম্বরের মধ্যে কাট অফ নম্বর থাকতে হবে। তপশিলী জাতির প্রার্থীদের কাট অফ ৩৬ থেকে ৪২-এর মধ্যে আর তপশিলী উপজাতি প্রার্থীদের কাট অফ ৩৫-এর নিচেই থাকবে বলে আশা করা যায়। তবে হেরফের হতে পারে, কারণ এটি আনুমানিক হিসাব দেওয়া হল। যাঁরা ন্যূনতম ওই নম্বর পাবে বলে আশা [illegible] ইন্টারভিউয়ের প্রস্তুতি নেওয়া শুরু করতে পার। ইন্টারভিউয়ে থাকবে ১০ নম্বর। মেধা তালিকা তৈরির সময় লিখিত মেন পরীক্ষা ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখা হবে। এরপর ডাক্তারি পরীক্ষা।

■ *জেল ওয়ার্ডার পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স দরকার? প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। — শুভঙ্কর পাল, কাঞ্চনপল্লী, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর। পরিমল হাজরা, সন্দেশখালি, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ মাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড'। প্রথমে শারীরিক মাপজোখের পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা ও ইন্টারভিউ হবে। শারীরিক মাপজোখের পরীক্ষায় ইলেক্ট্রনিক মেশিনে উচ্চতা ও ওজন মাপা হবে। এরপর শারীরিক সক্ষমতার পরীক্ষায় 'ওয়ার্ডার' পদের বেলায় ১,৬০০ মিটার দৌড়। ৬ মিনিট ৩০ সেকেন্ডে সম্পূর্ণ করলে কোয়ালিফাই করতে পারবেন। আর 'ফিমেল ওয়ার্ডার' পদের বেলায় ৪০০ মিটার দৌড়। ২ মিনিটে সম্পূর্ণ করলে কোয়ালিফাই করতে পারবেন। দৌড় পরীক্ষা করা হবে রেডিও ফ্রিকোয়েন্সি আইডেন্টিফিকেশন ডিভাইসে।

শারীরিক মাপজোখের পরীক্ষা ও শারীরিক সক্ষমতার পরীক্ষায় কোয়ালিফাই করলে ৬০ নম্বরের ৯০ মিনিটের অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের লিখিত পরীক্ষা হবে। প্রতিটি প্রশ্নে থাকবে ১.৫ নম্বর। এই পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ - ৩০ নম্বরের ২০টি প্রশ্ন, (২) ইংরিজি - ২৪ নম্বরের ১৬টি প্রশ্ন, (৩) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের) ১৫ নম্বরের ১০টি প্রশ্ন, (৪) রিজনিং - ১২ নম্বরের ৮টি প্রশ্ন, (৫) কম্পিউটার লিটারেসি - ৯ নম্বরের ৬টি প্রশ্ন। উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে। প্রশ্ন হবে বাংলা, ইংরিজি ভাষায়। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। সফল হলে ১০ নম্বরের ইন্টারভিউ। সব শেষে ডাক্তারি পরীক্ষা।

■ *পশ্চিমবঙ্গ পুলিশ ও কলকাতা পুলিশে চাকরি করতে হলে বাংলা ভাষা ছাড়া অন্য কোন ভাষা জানতে হয়? — উজ্জ্বল সরকার, মুড়াগাছা, নদিয়া।*

■■ পশ্চিমবঙ্গ সরকারের চাকরিতে বাংলা ভাষায় লিখতে ও পড়তে জানতে হবে। এছাড়া অন্য কোনো ভাষা জানা বাধ্যতামূলক নয়।

## সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

*এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।*

**পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০২১ সালের ডব্লু.বি.সি.এস. (এক্সি) পদের মেন পরীক্ষার তারিখ ঠিক হয়েছে। প্রথম পত্র (বাংলা) ও দ্বিতীয় পত্রের (ইংরিজি) পরীক্ষা হবে ২০ মে। তৃতীয় পত্র (জেনারেল স্টাডিজ-I) ও চতুর্থ পত্রের (জেনারেল স্টাডিজ-II) পরীক্ষা হবে ২১ মে, পঞ্চম ও ষষ্ঠ পত্রের পরীক্ষা হবে ২২ মে। ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা হবে ২৪ মে।**

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| গেইল ইন্ডিয়া লিমিটেডে এক্সিকিউটিভ ট্রেনি | গ্র্যাজুয়েট | ৪৮ | ১৬-৩-২২ | www.gailonline.com |
| ডব্লু.বি.সি.এস. পরীক্ষার মাধ্যমে রাজ্যের সেরা সেরা পদে চাকরি | গ্র্যাজুয়েট | - | ২৪-৩-২২ | www.pscwbonline.gov.in |
| দিল্লি হাই কোর্টে বিচারক | আইনের ডিগ্রি | ৬২ | ২০-৩-২২ | www.delhihighcourt.nic.in |
| এন.টি.পি.সি.-তে এক্সিকিউটিভ ট্রেনি | গ্র্যাজুয়েট | ৬০ | ২১-৩-২২ | www.ntpccareers.net |
| পটনা হাই কোর্টে স্টেনোগ্রাফার | উচ্চমাধ্যমিক | ১২৯ | - | www.patnahighcourt.bih.nic.in |
| স্মল ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট ব্যাঙ্কে অফিসার | গ্র্যাজুয়েট | ১০০ | ২৪-৩-২২ | www.sidbi.in |
| জে.আই.পি.এম.ই.আর.-এ নার্সিং অফিসার, মেডিক্যাল টেকনোলজিস্ট, স্টেনো | উচ্চমাধ্যমিক, নার্সিং, পেশাগত যোগ্যতা | ১৩৮ | ৩০-৩-২২ | www.jipmer.edu.in |
| রাজ্যের ১২১টি সরকারি আই.টি.আই.-এ ট্রেড সার্টিফিকেট কোর্সে ভরতি | এইট পাশ, মাধ্যমিক | ৬২ | ৩১-৫-২২ | www.wbscvt.net |
| দক্ষিণ দিনাজপুর জেলায় আশা কর্মী | মাধ্যমিক | ১৪ | ২৪-৩-২২ | www.wbhealth.gov.in |
| স্মল ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট ব্যাঙ্কে অফিসার | গ্র্যাজুয়েট | ১০০ | ২৪-৩-২২ | www.sidbi.in |


স্টাডি মেটেরিয়ালের চৈত্র সেল

চাকরির পরীক্ষার স্টাডি মেটেরিয়ালে ৪০% ছাড়

সামনের মে থেকে জুলাই মাসের মধ্যে সরকার ও কেন্দ্রীয় সরকারের এইসব বড়ো পরীক্ষা আসছে

| পরীক্ষা | মাস |
|---|---|
| রেলের NTPC Stage-II | মে/জুন |
| রেলের Group-D Exam | জুলাই |
| WBCS Exam -2022 (Prelim) | মে/জুন |

ওপরের পরীক্ষায় আসবে এমন স্টাডি মেটেরিয়ালের সেট পাওয়া যাবে আমাদের কার্যালয় থেকে।

সরকারি পরীক্ষায় সফল প্রার্থীদের তৈরি করা ২০২১ সালের ঘটনাপঞ্জী (ফিরে দেখা ২০২১), যা থেকে ওপরের সবক'টি পরীক্ষার Current Affairs সেকশনে প্রশ্ন আসতে পারে -

পাবেন একমাত্র নীচের ঠিকানায় -

আজই সংগ্রহ করুন

সাফল্য প্রকাশন

১২/৩/৪ জামির লেন, বালিগঞ্জ, কলকাতা - ৭০০ ০১৯

(সকাল ১১টা থেকে বিকাল ৫টা)

(রবিবার বা ছুটির দিন বাদে)

ফোন : 9830624170

সাফল্য

ফিরে দেখা-২০২১


@DisariJibika
Join Telegram Channel @DisariJibika

# W.B.C.S প্রিলিমিনারি পরীক্ষা

৪ পাতার পর

(A) ফিরোজ শাহ তুঘলক (B) মহম্মদ বিন তুঘলক
(C) নাসির মামুদ শাহ (D) আলাউদ্দিন খলজী

47. মানুষের শরীরে কোনটি সব চাইতে কঠিন বস্তু?
(A) অস্থি (B) এনামেল (C) ডেন্টাইন (D) নখ

48. লুনি নদীর উৎসস্থল
(A) আন্নাসাগর (B) পুষ্কর উপত্যকা (C) গুরুশিখর শৃঙ্গ (D) সম্বর হ্রদ

49. গান্ধীজীর কোন আন্দোলন খিলাফৎ আন্দোলনের সাথে যুক্ত হয়
(A) অসহযোগ (B) আইন অমান্য (C) ভারত ছাড়ো (D) নীল চাষের বিরুদ্ধে

50. পঞ্চায়েতীরাজ ব্যবস্থার প্রতিষ্ঠান সমূহের ক্ষমতা ও দায়িত্ব কোন কর্তৃপক্ষ সংশোধন করতে পারেন?
(A) কেন্দ্রীয় সরকার (B) রাষ্ট্রপতি
(C) রাজ্য সরকার (D) রাজ্যপাল

51. ভারতের রাজ্যসভা কবে গঠিত হয়?
(A) 13ই মে 1952 (B) 2রা এপ্রিল 1954 (C) 3রা জানুয়ারী 1951 (D) 3রা এপ্রিল 1952

52. ভারতের সংবিধানে Rule of law বিষয়টি গৃহীত হয়েছে কোন দেশের সংবিধান থেকে?
(A) জার্মান (B) ব্রিটেন (C) USA (D) চিন

53. 1916 খ্রীঃ কংগ্রেস ও মুসলীম লিগের মধ্যে যখন লক্ষ্ণৌ চুক্তি স্বাক্ষরিত হয় তখন ভাইসরয় কে ছিলেন?
(A) চেমসফোর্ড (B) ক্যানিং (C) নর্থব্রুক (D) এলগিন

54. 1936-37 খ্রীঃ ভারতে যখন সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়, তখন ভারতের ভাইসরয় কে ছিলেন?
(A) লিনলিথগো (B) ওয়েলিংডন (C) রিডিং (D) মাউন্টব্যাটেন

55. আখ থেকে উৎপন্ন অ্যালকোহলকে কোন্ দেশে মোটরগাড়ী চালানোয় বিকল্প জ্বালানীরূপে ব্যবহার করা হয়?
(A) ভারত (B) মরক্কো (C) ইন্দোনেশিয়া (D) ব্রাজিল

56. রাজ্যসভার প্রথম চেয়ারম্যান কে ছিলেন?
(A) সর্বেপল্লী রাধাকৃষ্ণাণ (B) জওহরলাল নেহেরু
(C) লাল বাহাদুর শাস্ত্রী (D) ডঃ রাজেন্দ্র প্রসাদ

57. ভারতের অষ্টম তফশিলে কতগুলি ভাষা আছে?
(A) 14টি (B) 18টি (C) 22টি (D) 27টি

58. ভারতবর্ষে উপকূলীয় রাজ্যের সংখ্যা ক'টি?
(A) 9টি (B) 7টি (C) 5টি (D) 11টি

59. কোন দেশ ওজোন স্তর ক্ষয়ের জন্য দায়ী হাইড্রো ক্লোরোফ্লুরোকার্বন (HCFC)-1416 উৎপাদন নিষিদ্ধ করেছে?
(A) বাংলাদেশ (B) ভারত (C) নেপাল (D) ভুটান

60. ফিসক্যাল পলিশি মূলত কি নিয়ে আলোচনা করে?
(A) আমদানি রপ্তানি (B) পাবলিক রেভিনিউ (C) মুদ্রা ব্যবস্থা (D) জনসংখ্যা নিয়ন্ত্রণ

61. নীচের কোনটি রাসায়নিক পরিবর্তন?
(A) সালফারের গলন (B) জলের স্ফুটন (C) সম্পৃক্ত দ্রবণ থেকে চিনির কেলাস প্রস্তুতকরণ (D) সালফারের জ্বলন

62. মুদ্রাস্ফীতি কাদের পক্ষে সবচেয়ে বেশি লাভজনক
(A) ঋণদাতা (B) বেতনভুক (C) ঋণগ্রহীতা (D) শ্রমিক শ্রেণী

63. 'তাম্রলিপ্ত জাতীয় সরকার' এর সর্বাধিনায়ক কে ছিলেন?
(A) নরেন্দ্র দেব (B) সতীশচন্দ্র সামন্ত (C) অজয় মুখার্জী (D) সুশীলচন্দ্র ধারা

64. ক্যান্সারের কারণ যে জিনগুলির সক্রিয়তা তা হল
(A) রেগুলেটরী জিন (B) অঙ্কোজিন (C) স্ট্রাকচারাল জিন (D) জাম্পিং

65. হিন্দুরা ইতিহাস রচনা সম্পর্কে একেবারেই উদাসীন - কোন বিখ্যাত পন্ডিতের উক্তি এটি?
(A) ফা-হিয়েন (B) হিউয়েন সাঙ (C) মেগাস্থিনিস (D) অলবেরুনি

66. সমগ্র ভারতবাসীকে জনতত্ত্বের ভিত্তিতে ছয়টি শাখা প্রশাখায় ভাগ করেছেন কোন বিখ্যাত নৃতত্ত্ববিদ?
(A) ভিনসেন্ট স্মিথ (B) জেমস প্রিন্সেপ (C) বিরাজশঙ্কর গুহ (D) কে. এম. পানিক্কর

67. নিম্নলিখিত কোন প্রাণীতে রুমিন্যান্ট পাকস্থলী দেখা যায়?
(A) গরু (B) কুকুর (C) পায়রা (D) গিরগিটি

68. নিম্নলিখিত কোনটি বেদের ভাগ নয়?
(A) বেদান্ত (B) বেদাঙ্গ (C) সংহিতা (D) ব্রাহ্মণ

69. চীন সাগরে সৃষ্টি হওয়া প্রবল ঘূর্ণীঝড়কে বলে
(A) সাইক্লোন (B) টর্নাডো (C) টাইফুন (D) হারিকেন

70. কোন্ টেনিস তারকা ইউএস ওপেন 2020 -এর চতুর্থ রাউন্ডে অনিচ্ছাকৃত নিয়মভঙ্গের জন্য ডিসকোয়ালিফাই হয়ে যায়?
(A) সেরেনা উইলিয়াম্স (B) রজার ফেডেরার
(C) নোভাক জকোভিচ (D) ক্যারোলিনা প্লিসকোভা

71. চৈতন্য ভাগবৎ কে রচনা করেন?
(A) কৃষ্ণদাস কবিরাজ (B) বৃন্দাবন দাস (C) ত্রিলোচন দাস (D) শ্রীচৈতন্য

72. অনুশীলন সমিতির সাথে যুক্ত ছিলেন —
(A) প্রমথ মিত্র ও পুলিন দাস (B) যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও অরবিন্দ ঘোষ (C) চিত্তরঞ্জন দাশ ও বারীন্দ্রকুমার ঘোষ (D) সবাই

73. সর্বপ্রথম কোন আইনে ঔপনিবেশিক স্বায়ত্তশাসনের ইঙ্গিত পাওয়া গেছে?
(A) মর্লে মিন্টো আইন (1909)
(B) মন্টেগু চেমসফোর্ড আইন (1919)
(C) ভারত শাসন আইন (1935)
(D) সাইমন কমিশনের সুপারিশ (1930)

74. আগামীকালের পরের দিন আমার জন্মদিন। পরের সপ্তাহে একই তারিখে সরস্বতী পুজা। সরস্বতী পুজোর পরের দিন কি হবে যদি আজ রবিবার হয় -
(A) রবিবার (B) মঙ্গলবার (C) বুধবার (D) বৃহস্পতিবার

75. যদি m সংখ্যক সংখ্যার গড় $n^2$ এবং n সংখ্যক সংখ্যার গড় $m^2$ হয়, তবে (m+n) সংখ্যক সংখ্যার গড় কত?
(A) $\frac{m}{n}$ (B) mn (C) m–n (D) m+n

76. দুন শব্দের অর্থ-
(A) অনুদৈর্ঘ্য উপত্যকা (B) অনুপ্রস্থ উপত্যকা (C) হ্রদ (D) পর্বতশৃঙ্গ

77. পশ্চিমবঙ্গের সর্বোচ্চ শৃঙ্গের নাম হল সান্দাকফু, উচ্চতা কত?
(A) 3645 মিঃ (B) 3636 মিঃ (C) 3646 মিঃ (D) 3480 মিঃ

78. সর্বপ্রথম কোন পুস্তিকার মাধ্যমে পাকিস্তান গঠনের দাবী ওঠে?
(A) The Pakistan Patriot (B) Now or Never (C) Surrender Not (D) কোন পুস্তিকার মাধ্যমে এই দাবী ওঠেনি

79. কোডার্মা, মানভূম, গিরিডি এগুলি বিখ্যাত কারণ -
(A) কয়লা খনি অঞ্চল (B) লৌহ উৎপাদক কেন্দ্র
(C) অভ্রখনি (D) পেট্রোকেমিক্যাল শিল্প

80. জওহর রোজগার যোজনার উদ্দেশ্য
(A) গ্রামীণ বেকার যুবকদের কর্মনিযুক্তি (B) শহরের বেকার যুবকদের কর্মনিযুক্তি (C) গ্রামীণ মহিলাদের স্বনিযুক্তি (D) ভুমিহীন চাষীদের কর্মসংস্থান

81. BHIM অ্যাপটির পুরো নাম কী?
(A) Bharat Indication for Money (B) Bharat Interface for Money (C) Bharat Indication for Mobile (D) Bharat Interactive Mission

82. ফসফরাস-৩২ আইসোটপ ব্যবহৃত হয় কোন চিকিৎসায়?
(A) ক্যানসার (B) হার্টের রোগ (C) লিউকোমিয়া (D) থাইরয়েড গ্রন্থির রোগ

83. নিম্নলিখিত শাসকদের মধ্যে কে প্রথম জীবনে ক্রীতদাস ছিলেন?
(A) আলাউদ্দিন খলজী (B) মহম্মদ বিন তুঘলক
(C) গিয়াসউদ্দিন বলবন (D) ফিরোজশাহ তুঘলক

84. রাস্তায় জমা বরফ পরিষ্কার করতে ক্যালসিয়াম ক্লোরাইড ($CaCl_2$) ব্যবহার করা হয় কারণ-
(A) এটি তাপ শোষনকারী পদার্থ (B) এটি হিমাঙ্কের অবনমন ঘটায় (C) এটি হিমাঙ্কের উন্নয়ন ঘটায় (D) এটি বরফ গলনের লীনতাপ কমায়

85. রক্ত নীচের কোন দ্রবনটির আইসোটনিক?
(A) গাঢ় NaCl দ্রবন (B) অতি লঘু NaCl দ্রবন
(C) স্যালাইন দ্রবন (D) সম্পৃক্ত NaCl দ্রবন

86. বুড়িবালামের যুদ্ধের মূল নায়ক কে ছিলেন?
(A) রাসবিহারী বসু (B) যতীন্দ্রনাথ মুখোপাধ্যায়
(C) তারকনাথ দাস (D) মানবেন্দ্রনাথ রায়

87. 1936 সালে প্রথম কোথায় সারা ভারত কিষাণসভার অধিবেশন হয়?
(A) বারাণসী (B) কলকাতা (C) লক্ষ্ণৌ (D) এলাহাবাদ

88. ভারতের পূর্বতম ও পশ্চিমতম বিন্দুদ্বয়ের মধ্যে স্থানীয় সময়ের পার্থক্য হল
(A) 1 ঘন্টা 57 মিনিট (B) 2 ঘন্টা
(C) 1 ঘন্টা 30 মিনিট (D) 2 ঘন্টা 15 মিনিট

89. কোন সালে পশ্চিমবঙ্গে বিধান পরিষদের বিলোপ ঘটানো হয়েছিল?
(A) 1965 (B) 1967 (C) 1969 (D) 1971

90. তাম্রলিপ্ত জাতীয় সরকারের নেতৃত্বে ছিলেন —
(A) সতীশচন্দ্র সামন্ত (B) অজয়কুমার মুখোপাধ্যায়
(C) সুশীলচন্দ্র ধাড়া (D) সবাই

91. নিম্নলিখিত গুলির মধ্যে কোনটি দূষণ ঘটায় না?
(A) পেট্রোল জ্বালানী (B) রবার জ্বালানী (C) সৌরবিদ্যুৎ (D) সবগুলি

92. কারাকোরাম পর্বত শ্রেণীর অপর নাম কি?
(A) মহেন্দ্রগিরি (B) গডউইন অস্টিন (C) কৃষ্ণগিরি (D) কলসুবাই

93. কোন গুরু লৌহগড় দুর্গটি নির্মাণ করেন?
(A) গুরু হররায় (B) গুরু হরগোবিন্দ (C) গুরু তেগবাহাদুর (D) গুরু অর্জুন

94. কেন্দ্রীয় সরকার দ্বারা অনুমোদিত নতুন সিভিল সার্ভিস রিফর্ম প্রোগ্রামটির নাম কি?
(A) মিশন কর্মযোগী (B) মিশন ইন্ডিয়ান (C) মিশন অ্যাডমিনিস্ট্রেশন (D) মিশন সিভিল সার্ভিস

95. যুক্তরাজ্যে প্রথম ভারতীয় শহীদ কে?
(A) সাভারকার (B) হরিদয়াল
(C) মদনলাল ধিংড়া (D) মোহন সিংভাকনা

96. সম্রাট অশোক মগধের সিংহাসনে বসার কত বছর পর রাজ্যাভিষেক হয়?
(A) 1 বছর (B) 2 বছর (C) 3 বছর (D) 4 বছর

97. কোন উপকূলের জলাভূমি ব্যাক ওয়াটার্স নামে পরিচিত?
(A) কেরালা উপকূল (B) করমন্ডল উপকূল
(C) ওড়িশা উপকূল (D) উত্তর সরকার উপকূল

98. কোন ধারা ভারতের উপরাষ্ট্রপতির যোগ্যতা বিষয়ে আলোচনা করে?
(A) 66 নং ধারা (B) 68 নং ধারা (C) 73 নং ধারা (D) 75 নং ধারা

99. মন্ডল কমিশন কাদের সহিত সম্পর্ক যুক্ত?
(A) SC (B) ST (C) OBC (D) Minority

100. পশ্চিমবাহিনী নদীগুলির মোহনায় ব-দ্বীপ সৃষ্টি হয়নি কারন
(A) বেশির ভাগ পশ্চিমবাহিনী নদীগুলি দৈর্ঘ্য প্রস্থে ছোট (B) পশ্চিমবাহিনী নদীগুলির উপনদীর সংখ্যা কম (C) তাপ্তি ও নর্মদার স্রোতের বেগ বেশী (D) সবগুলি সঠিক

## উত্তর

1(A). 2(C). 3(D). 4(D). 5(A). 6(A). 7(C). 8(A). 9(B). 10 (A). 11(D). 12(A). 13(B). 14(C). 15(C). 16(A). 17(C). 18(B). 19(A). 20(A). 21(A). 22(A). 23(B). 24(A). 25(C). 26(B). 27(C). 28(B). 29(B). 30(A). 31(C). 32(C). 33(B). 34(A). 35(A). 36(A). 37(B). 38(D). 39(B). 40(A). 41(B). 42(A). 43(C). 44(A). 45(A). 46(B). 47(B). 48(A). 49(A). 50(C). 51(D). 52(B). 53(A). 54(A). 55(D). 56(A). 57(C). 58(A). 59(B). 60(B). 61([illegible]). 62(C). 63(B). 64(B). 65(D). 66(C). 67(A). 68(B). 69(C). 70(C). 71(B). 72(D). 73(C). 74(C). 75(B). 76(A). 77(B). 78(B). 79(C). 80(A). 81(B). 82(C). 83(C). 84(B). 85(C). 86(B). 87(C). 88(A). 89(C). 90(A). 91(C). 92(C). 93(B). 94(A). 95(C). 96(D). 97(A). 98(A). 99(C). 100(D).


**MINISTRY OF MICRO, SMALL & MEDIUM ENTERPRISES (MSME)**
GOVT. OF INDIA
&
**CIPET:CENTRE FOR SKILLING AND TECHNICAL SUPPORT (CSTS),HALDIA**
(Deptt. Of Chemicals & Petrochemicals, Ministry of Chemicals and Fertilizers, Govt. of India)
AN ISO 9001: 2015 CERTIFIED INSTITUTE

**ANNOUNCES**

6 (Six) months free of cost Residential Capacity Building Skill Development Training Progamme for interested / existing entrepreneurs of Scheduled Castes (SC) / Scheduled Tribes (ST) candidates from the State of West Bengal. The Programme is sponsored by **MSME, New Delhi through NSIC, New Delhi under National SC-ST Hub Scheme**. There is scope of employment after successful completion of training. The Course details are as follows :

| Sl. No. | Name of the Course | Eligibility Criteria | | No of Seats | Last date of receiving filled in applications | Venue |
|---|---|---|---|---|---|---|
| | | Min. Educational Qualification | Min. Age | | | |
| 1 | Machine Operator - Plastics Processing | VIII th Pass | 18 | 30 | 21.03.2022 | CIPET:CSTS HALDIA |

- Preference will be given to candidates from the following aspirational districts Murshidabad, Maldah, Birbhum, Nadia and Dakhin Dinajpur.
- **Selection: 1.** Candidates will be selected on the basis of merit / counseling. **2.** No TA/DA will be provided for attending the counseling session.
- **Interested candidates may send their filled applications as per below format**, along with attested copies of certificates related to Educational Qualifications, Age Proof (govt. issued), Annual Family Income, Caste certificate, **Udyog Aadhar Memorandom (for existing entrepreneurs)** Aadhar Card, ID Proof (Voter ID/PAN/DL etc.), and 5(five) copies of recent passport size colour photographs to **cipet.stc.haldia@gmail.com. or post to the below mentioned address.**
- CIPET reserves the right to accept / reject any application without assigning any reason.
**Important Notice: Counselling / Commencement date of course will be decided on getting due permission from district administration / State Govt.**

**Application Format**

1.) Name of the course applied. 2.) Name of the applicant (in Block letter). 3.) father's name & occupation. 4.) Date of birth and age. 5.) Id proof (Voter card/PAN card/Passport/DL etc). 6. Marital status. 7.) Permanent address with Phone/Mobile No. 8.) Annual income certificate. 9.) Residential certificate. 10.) Caste certificate.

| Exam passed | Year of passing | Division / % of marks | Subject | Board/ University |
|---|---|---|---|---|
| | | | | |

**DECLARATION**

I do hereby declare that the information given in this application is true and complete to the best of my knowledge and belief.
Place:.............
Date:..............
**Signature of Applicant**

**For further details please contact :**
**9434039466 / 8299660804 / 909719900 / 9836127016 (9AM to 5.30PM ONLY)**
Address: CIPET - CSTS, City Centre, P.O – Debhog, Haldia, Dist – Purba Medinipur (WB), Pin – 721657, Phone - 03224-255534

*Sd/- Director & Head, CIPET:CSTS - Haldia*


@Disarijibika
Join Telegram Channel @Disarijibika

# জয়েন্ট ছাড়াই ভর্তি !!

সেশন 2021-22

ফ্রীতে নার্সিং জয়েন্টের কোচিং দেওয়া হবে
Cont. 7595905107

INC listed ও সুপার স্পেশালিটি হসপিটাল যুক্ত পশ্চিমবঙ্গের সেরা কলেজ

# GNM

থাকা-খাওয়া সহ মাত্র সাড়ে ৪ লাখ টাকা

# B.Sc. নার্সিং

থাকা-খাওয়া সহ মাত্র সাড়ে ৬ লাখ টাকা



2022-23
এর জন্য যোগাযোগ করুন
For Education Consultancy
Helpline
9163292000

জেলাভিত্তিক Admission Partner হয়ে সম্মানজনক উপার্জন করে সুপ্রতিষ্ঠিত হন
9163297000

For Admission 8274091660
mr.skmindia@gmail.com



প্রতি মাসে ২ লক্ষ টাকা আয়

বাঙালী ওয়ার্ডেন

# VALLEY
Group of Institutions

INC, KNC & RGUHS. | INC NO- 1502261
College Information : 08431596462

সম্পূর্ণ বাঙালী ম্যানেজমেন্ট ও বাঙালী রাঁধুনী দ্বারা বাঙালী খাবার।

AFFILIATION & ACCREDIATION

400 বেডের নিজস্ব হসপিটালে প্র্যাকটিস

পশ্চিমবঙ্গের যে সকল শিক্ষা প্রতিষ্ঠান বিগত বছরগুলিতে বিভিন্ন সংস্থা ও কলেজের দ্বারা প্রতারিত বা বঞ্চিত হয়েছেন তাদের জন্য বিশেষ ব্যবস্থা --
M: 08431596462

2021-22 সেশনে সীমিত সীটে ভর্তি চলছে

YPR স্টেশন থেকে মাত্র ২ কিমি

স্কুল ও টিউশন শিক্ষক-শিক্ষিকা, কোয়াক ডাক্তার, কম্পিউটার সেন্টার ডিরেক্টর ও সমাজের সম্মানীয় ব্যাক্তিবর্গ নিজস্ব এলাকায় Admission Point খুলে প্রতি মাসে সম্মানজনক উপার্জন করুন

জেলাভিত্তিক ব্রাঞ্চ নিতে যোগাযোগ করুন
9163528048

## Sristi Nursing Education & Management
9907728954 / 9051731474
sristinem@gmail.com


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal. Editor : Mousumi Ghosh, Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-6233, E-Mail : karmasang@gmail.com

Join Telegram Channel @DisariJibika